আশীর্বাদ, মঙ্গলবাদ, a benediction, blessing, salutation.
আশু, শীঘ্র, soon, quickly; early (rice), easily or soon procured.
আশুগ, দ্রুতগামী, বায়ু, বাণ, fleet, swift; the wind, an arrow.
আশুভাব, শীঘ্রতা, অধৃতি, swiftness, vagary, whim.
আশ্চম্বিত, হঠাৎ, suddenly, unexpectedly.
আশ্চর্য্য, অদ্ভুত, অলৌকিক, marvellous, strange, astonishing, supernatural, miraculous.
আশ্চর্য্যজ্ঞান,-বোধ, বিস্ময়জ্ঞান, wonder, surprize, astonishment.
আশ্রম, বনবাসস্থান, দশা, a hermitage, religious retreat, state or condition of life. [defence, protection.
আশ্রয়, শরণ, অবলম্বন, an asylum, refuge, recourse, shelter,
আশ্রিত, শরণাগত, অধীন, secured, placed in safety, dependant.
আশ্লেষ, আলিঙ্গন, মিলন, an embrace, hug, union, mixture.
আশ্বসিত, আশ্বস্ত,—ভরসান্বিত, animated, encouraged, comforted. [mation.
আশ্বাস, ভরসা, প্রত্যাশা, hope, comfort, encouragement, ani-
আশ্বাসী, প্রত্যাশী, relying on, hoping.
আস্, ধনু, a bow; ah! oh!
আসক্ত, অত্যন্তরত, attached to, enamoured, devoted to.
আসক্তি, অভিনিবেশ, প্রণয়. attachment, devotion to, love.
আসঙ্গ, সংসৃষ্টি, সম্ভোগ, নিত্য, society, fellowship, copulation; incessant, constant, *adv.* —ly.
আসত্তি, আগমন, লাভ, approach, meeting, junction, close union, acquisition, gain, profit.
আসন, পীঠাদি, বসন, a seat, carpet, mat, stool, market-stall, elephant's neck; a sitting, halting of an army, sitting posture of a devotee.
আসন্দী, বেদী, a small stool or chair. [concluded.
আসন্ন, নিকটাগত, নিকটবর্ত্তী, approached, approaching, near,
আসব, মদ্য, spirits, rum.
আসাদিত, প্রাপ্ত, gained, obtained.

আসাধন, সিদ্ধি, complete accomplishment of an object.
আসাপ, কট্‌কিটিয়াবেঙ্গ, a toad.
আসিদ্ধ, বন্ধিত, সাধিত, taken into custody, imprisoned, restrained, finished, accomplished.
আসুর, দৈত্য; চিকিৎসা, a dæmon, surgery, mustard; dæmoniacal, barbarous, savage. [savage.
আসুরী, আসুরিক,—দৈত্যসম্বন্ধীয়, নির্দ্দয়, dæmoniacal, barbarous,
আসেদ্ধা, বন্ধনকারক, বন্দী প্রেরক, one who takes or gives into custody.
আসেধ, বন্ধন, কারাগার, custody, confinement, arrest, prison.
আস্কন্দিত, বল্গিত, প্লুতগতি, a gallop.
আস্ত, অখণ্ড, প্রক্ষিপ্ত, whole, unbroken, cast, thrown.
আস্তব্যস্ত, ব্যাকুল, ব্যগ্র, distracted, troubled, anxious, hurried.
আস্তর, পাতিতবস্ত্র, a covering spread out, horse-rug, mat, lining of a garment, plastering of a wall.
আস্তরণ, বিছানা, carpet, bed, bed-clothes. [trusting.
আস্তিক, ঈশ্বরবাদী, ঈশ্বরনিষ্ঠ, believing in a God, believing,
আস্তীর্ণ, আস্তৃত,—বিস্তৃত, পাতিত, spread out, extended, laid out in order.
আস্থা, বিশ্বাস, শ্রদ্ধা, যত্ন, faith, confidence, trust, dependance, respect, regard, an assembly, a prop, stay, continuance, effort, [rious, attentive, firm.
আস্থিক, বিশ্বাসাপন্ন, শ্রমী, believing, trusting, depending, labo-
আস্পদ, বিষয়, পদ, affair, business, situation, dignity, office, authority, boast. [ambition, defiance.
আস্পর্দ্ধা, আত্মশ্লাঘা, self-exaltation, boast, emulation, rivalry,
আস্ফালন, লম্ফন, স্পন্দন, দম্ভযুক্ত বাক্য, to flounce, flap, clap; a boasting, self-importance.
আস্ফোট, তাল, the slapping of one hand on the opposite arm in defiance. [pansion.
আস্ফোটন, বিকাশ, the blowing of a flower, opening, ex-
আস্ফোটনী, তুরপণ, a gimlet, auger, drill.
আস্য, মুখ, the face, visage, mouth; *in comp.* towards.
আস্বাদ, রস, রসানুভব, a savour, relish, taste.
আস্বাদু, আস্বাদী,—সুরস, delicious, well-tasted, savoury.
আহত, ঘাতিত, smitten, hurt, injured, killed, uttered falsely.

আহনন, মারন, ঘাতন, to smite, wound, kill, hammer, beat out metal.
আহব, যজ্ঞ, যুদ্ধ, a sacrifice, war, combat, attack.
আহরণ, সঞ্চয়ন, আনয়ন, to collect together, bring, remove.
আহর্ত্তা, আনেতা, ভোক্তা, one who brings, an eater.
আহার, ভোজন, food, diet, a meal, repast.
আহারক, সংগ্রাহক, collecting together, bringing.
আহারী, ভোজনকারক, feeding, feeding freely, gluttonous.
আহার্য্য, ভোজনার্হ, আনয়নীয়, fit to be eaten or brought, incidental, accessary.
আহিত, স্থাপিত, সমর্পিত, placed, deposited.
আহিতাগ্নি, সাগ্নিক, a Brahmin who preserves the consecrated fire of his family.
আহীরী, গোপাল, a cowherd.
আহুত, উৎসৃষ্ট, offered, sacrificed.
আহুতি, হোম, a burnt sacrifice.
আহূত, নিমন্ত্রিত, invited, called, summoned.
আহৃত, গৃহীত, সঞ্চিত, ভুক্ত, taken, brought, collected, eaten.
আহোপুরুষিকা, অহমিকা, self-exaltation, a vaunting of one's own valour and depreciation of another's.
আহ্নিক, দিবসিক, daily, diurnal; daily ceremonies.
আহ্লাদ, হর্ষ, joy, mirth, festivity, exultation.
আহ্লাদী, আনন্দিত, joyous, festive, mirthful, glad. [pute.
আহ্বয়, সংজ্ঞা, appellation, name, a law-suit, a sporting dis-
আহ্বান, নিমন্ত্রণ, সম্বোধন, an invitation, call, summons.

ই.

ই, নিশ্চয়বোধক, *an emphatic affix*—even, indeed, self, very.
ইকড়, নিরাট, solid, not hollow or fistulous; a sort of reed.
ইকড়া, ইন্দুর, a bandicote rat.
ইকুণ, ডেঙ্গর, a louse.
ইক্ষু, আকু, a sugar-cane. [lusions.
ইঙ্গন, সঙ্কেতন, ঠারণ, to nod, wink, express by signs or al-
ইঙ্গিত, সঙ্কেত, ঠার, a nod, wink, signal, sign.
ইচ্ছা, স্পৃহা, will, desire, wish, choice, inclination, bias.

ইচ্ছান্বিত, বাসনাকারী, voluntary, unconstrained, wilful.
ইচ্ছু, ইচ্ছুক,—আকাঙ্ক্ষী, desirous, willing, solicitous.
ইজ্যা, যাগ, a sacrifice, oblation, worship, reverence.
ইঞ্চাক, চিঙ্গড়িমৎস্য, a shrimp or prawn.
ইট্, ইটল, ইটাল, ইষ্ট,—পাটিকেল, a brick.
ইটময়, ইটীয়,—ইষ্টকনির্মিত, brick, built of bricks.
ইটমন-আন, ইষ্টকক্ষেপণ, to pelt with bricks.
ইতঃ, এখানহইতে, এইহেতুক, hence, from this.
ইতর, ভিন্ন, তুচ্ছ, other, another, different, low, mean.
ইতরেদ্যুঃ, পরদিবস, on another day.
ইতস্ততঃ, এদিকওদিক, hither and thither.
ইতি, এইপর্য্যন্ত, এমন, thus far, hitherto, thus, this.
ইতিমধ্যে, ইতোমধ্যে,—এইকালে, তন্মধ্যে, during this, at this time, in the meanwhile. [advice.
ইতিহ, পুরাতনকথা, গল্প, traditional instruction, legend,
ইতিহাস, পুরাণ, পূর্ব্ববৃত্তান্ত, a history, tale, fable.
ইত্থম্ভূত, এইপ্রকার, এতাদৃশ, thus, such, like.
ইত্যবসরে, এইকালে, এইঅবকাশে, at this time or opportunity, during this.
ইদং, এই, ঐ, this, that, the same.
ইদানী, এখন, now.
ইদানীন্তন, আধুনিক, এখনকার, recent, modern, present.
ইন্দারা, কূপ, a well, large well or pit.
ইন্দু, চন্দ্র, the moon.
ইন্দুর, মূষিক, a rat, a mouse. [night, an organ of sense.
ইন্দ্র, স্বর্গাধিপতি, জীবাত্মা, the sovereign of the gods: the soul,
ইন্দ্রজাল, মায়া, ভোজবিদ্যা, legerdemain, magic, conjuring.
ইন্দ্রজালিক, মায়িক, deceptive, juggling, illusive.
ইন্দ্রলুপ্ত, টাক, morbid baldness, the falling off of the hair.
ইন্দ্রায়ুধ, রামধনুক, the rain-bow, the weapon of Indra.
ইন্দ্রাশন, গঞ্জা, an intoxicating preparation of hemp.
ইন্দ্রিয়, চক্ষুকর্ণাদি দশ, the senses, the organs of sensation or perception.
ইন্দ্রিয়ঘ্ন, ইন্দ্রিয়নাশক, debilitating, stupifying, enfeebling the senses. [selfdenial.
ইন্দ্রিয়দমন, কামাদি নিগ্রহ, উপাদান, suppression of sensuality,

ইন্দ্রিয়দোষ, কুবাসনা, an evil propensity, concupiscence.
ইন্দ্রিয়ার্থ, গোচর, an object of the senses.
ইন্ধন, কাষ্ঠাদি জ্বলনীয়দ্রব্য, fuel.
ইপ্সু, ইপ্সিত,—লোভী, ইচ্ছুক, desirous, wishing for.
ইব, সাদৃশ্যবোধক, *an affix:* like, resembling, &c.
ইভ, হস্তী, an elephant.
ইমন, স্বরমিল, concord (of notes in music).
ইয়ৎ, এত, so much, thus much.
ইয়ত্তা, পরিমিতত্ব, সীমা, an assigned quantity, definiteness.
ইরম্মদ, বিদ্যুৎ, বড়বাগ্নি, a flash of lightning, submarine fire.
ইরা, বাক্য, সরস্বতী, ভূমি, জল, language, speech, goddess of speech, the earth, water, ardent spirits.
ইলেক, রেখা, ডোরা, a line, streak, stroke, dash of the pen.
ইষু, বাণ, an arrow, a versed sine.
ইষুধি, তূণ, তূণীর, a quiver.
ইষ্ট, অভিলষিত, desired, cherished, beloved, respected, approved, sacrificed to, worshipped.
ইষ্টক-া, ইট, a brick.
ইষ্টদেব-তা, পূজ্যদেব, the particular god worshipped by any individual.
ইষ্টি, ইচ্ছা, যাগ, গুরু, volition, will, desire; a sacrifice, oblation, spiritual guide.
ইতক, এঅবধি, from this place.
ইস্ত্রি, বস্ত্রঘর্ষণার্থবস্তু, a smoothing iron. [present time.
ইহকাল, ইহলোক,—মর্ত্যলোক, the present life, this world,

ঈ.

ঈক্ষণ, দর্শন, to see, view, behold.
ঈতি, অতিবৃষ্ট্যাদি ষট্, agricultural calamity, as drought, &c.
ঈদৃক, ঈদৃশ,—এইরূপ, এইপ্রকার, thus, such, resembling this.
ঈর্ষ্যা, দ্বেষ, হিংসা, envy, spite, malice.
ঈর্ষ্যী, দ্বেষী, হিংসক, spiteful, malicious, envious.
ঈশ, প্রভু, শিব, a lord, God, the Supreme, Shiva.
ঈশ, ঈশা,—লাঙ্গলদণ্ড, the beam of a plough.
ঈশান, দীপ্তি, শিব, light, splendour, Shiva; north-eastern.

ঈশ্বর, সর্ব্বস্রষ্টা, প্রভু, God, the Supreme, a lord.
ঈশ্বরনিষেধ, নাস্তিকতা, the denial of a God, atheism.
ঈশ্বরনিষ্ঠ, ঈশ্বরভক্ত, firmly relying on God, established in his service. [absorption.
ঈশ্বরসাধন, মুক্তিসাধন, a securing of the divine favour or
ঈশ্বরী, দেবী, শক্তি, a goddess, a queen.
ঈষ, ঈষা,—ঈশ, the beam of a plough.
ঈষৎ. অল্প, কিঞ্চিৎ, a little, somewhat; *pref.* slight, &c.
ঈষদ্দর্শন, কটাক্ষ, অল্পদৃষ্টি, a glance, slight view.
ঈহা, চেষ্টা, ইচ্ছা, endeavour, attempt, study, wish.

উ.

উই, বল্মীক, a white ant
উঁচ, উচ্চ, high, lofty. [thatch.
উঁচন, উত্থাপন, উঠান, to stir up, lift up, loosen, strip off
উঁচনীচ, উচ্চনীচ, অসমান, rough, uneven, not level or smooth.
উঁচলন-আন, চালন, to toss corn in a sieve, to sift.
উঁছান, উঠান, অবগোরণ, to take up, lift up, unthatch, to threaten to strike.
উক, উকা,—উল্কা, খোলা, a meteor, torch, firebrand; stray, going at large, strange, unknown. [retching.
উঁকি, গুপ্তদৃষ্টি, উদ্গার, a peep, prying, attentive gaze, a
উকিউঠন, উদ্গারণ, to retch, to strain.
উকিমারণ, গোপনেদর্শন, to pry, watch, peep.
উকুণ কেশকীট, a louse.
উক্করী, উক্কলী,—ঢক্কাবিশেষ, a sort of drum.
উক্ত, কথিত, said, spoken, related.
উক্তি. বাক্য, কথন, speech, a word, sentence, expression.
উক্ষা, বৃষ, a bull.
উখ, উখা,—ঘর্ষণী, a rasp, file.
উখন, ঘর্ষণ, to rasp, file.
উখড়ন, কালবহন, ছুটন, to go or pass away as time, to get or break loose, to encrust with sugar.
উখড়া, মুড়কী, a preparation of parched rice and treacle.
উখড়ি, দর্ব্বী, হাতা, a ladle, a skimmer.

উখা, হাঁড়ি, a pot, saucepan.

উগরণ, বমন, to vomit, bring up the cud; vomit.

উগ্র, ঝাল, কর্কশ, ক্রোধী, hot, pungent, peevish, surly, cross, passionate.

উঘারণ, উলঙ্গকরণ, কেলান, to uncover, strip, lay bare.

উকুন, উকুণ, a louse.

উক্কোশ, প্রসঙ্গ, introduction of a topic or subject of discourse.

উচকা, উচক্কা,—অবাধ্য, headstrong, unruly, mischievous, bold, insolent.

উচলন-আন, চালন, to toss up in a sieve, to sift.

উচিত, ন্যায্য, যোগ্য, right, fit, proper, suitable, convenient.

উচোট, ঠোকর্, a trip, stumble.

উচ্চ, ঊর্দ্ধ, উন্নত, high, lofty, loud.

উচ্চটা, অহংকার, ব্যবহার, pride, arrogance, a custom, usage.

উচ্চণ্ড, শীঘ্র, দ্রুত, quick, hasty, expeditious.

উচ্চমনাঃ, চিন্তান্বিত, uneasy, restless, troubled, flighty, vain.

উচ্চণ্ড, রসিক, কৌতুকী, droll, comical, jocose.

উচ্চারিত, উক্ত, কথিত, uttered, pronounced, said, spoken.

উচ্চাটন, বিষাদ, উৎখাৎ, sadness, gloom, sullenness, ruin, oppression; to vex, harrass, cause to remove.

উচ্চাটী, বিষণ্ণ, উৎকণ্ঠিত, inclined to gloom or sullenness.

উচ্চাবচ, অসমান, নানাবিধ, uneven, not level, various, multiform.

উচ্চার, বিষ্ঠা, মল, excrement, filth, manure.

উচ্চারণ, উল্লেখ, শব্দপ্রয়োগ, utterance, pronunciation.

উচ্চৈঃ, বৃহৎ, ঊর্দ্ধ, loud; aloud, on high.

উচ্চৈশ্রবা, কালা, deaf, high-eared.

উচ্ছন্ন, বিনাশিত, ruined, destroyed, laid waste, stript of, relinquished.

উচ্ছিন্ন, খণ্ডিত, নষ্ট, cut off, ruined.

উচ্ছিষ্ট, অবশিষ্ট, ত্যক্ত, left, remaining, rejected after tasting; leavings.

উচ্ছিষ্টতা, অবশেষ, a remnant, orts, leavings.

উচ্ছৃঙ্খল, ক্রমরহিত, অবাধ্য, irregular, confused, self-willed, licentious, loose, unrestrained.

উচ্ছেদ, বিনাশ, ruin, destruction, devastation, excision.

উচ্ছ্রয়, উচ্ছ্রায়,—ঊর্দ্ধতা, height, elevation, a height.

উচ্ছ্রিত, উন্নত, উৎপন্ন, elevated, exalted, born, produced, grown, increased, prosperous.
উছড়ন, বমন, to vomit.
উজ, উজা,—সরল, straight, direct, sincere, honest, upright.
উজড়ন, উৎপাটন, বমন, to tear up by the roots, to vomit.
উজন, বিলোম, against the grain, in an opposite direction.
উজন, বিলোমসন্তরণ, to swim against the stream, to flood as the tide.
উজনীয়, নদ্যাদিত্যাগী, wandering (as fish from the rivers into pools).
উজল, জলের ঊর্দ্ধাধোগমন, ঊর্ম্মিমত্তা, the dashing of the waves, a tossing or agitation.
উজলন, উঠন, to rise as a wave, to be tossed, agitated.
উজলান, উৎক্ষেপণ, উচলান, to toss, agitate, sift.
উজাড়, বন, অরণ্য, a wilderness, deserted place.
উজান, ডাঙ্গা, an upper country, hill-country.
উজ্রি, জনরব, জনশ্রুতি, a common report, rumour.
উজুষীয়া, উজনীয়, wandering (as fish in the rains).
উচ্ছট, শূন্য, উপদ্রুত, waste, ruined, desolate, desert.
উচ্ছড়-ন, উৎপাটন, বিনাশ, eradication, tearing up by the roots, ruin, destruction.
উচ্ছড়ীয়, অপব্যয়ী, অপচয়ী, wasteful, lavish, expensive, ruinous.
উজ্জ্বল, দীপ্তিমান, প্রকাশ, luminous, splendid, bright; splendor, brightness, blaze.
উজ্জ্বলন, উদ্দীপন, জ্বলন, to blaze up, enkindle.
উজ্ঝিত, ত্যক্ত, left, abandoned, relinquished.
উঞ্ছ-ন, কুড়ান, a gleaning, collecting of grains.
উঞ্ছন, ধান্যশুকান, to dry rice by the fire for unhusking.
উট, উষ্ট্র, খড়াদি, a camel; dried leaves, grass, thatch.
উটকারা, বিদেশীয়, আগন্তুক, foreign, unknown, vagrant.
উটজ, পর্ণশালা, খড়াচ্ছাদিত গৃহ, a thatched house.
উটন, ধারে কেনন, to take goods on credit.
উটন, ফুলন, to heave or swell from moisture, to scale off as scurf.
উট্‌কন, অন্বেষণ, search, enquiry, a tracing out.
উট্‌কো, খোজা, straying, wandering, unknown.
উটঙ্ক, সূত্র, পথ, a clue, guide.
উঠ, উদ্গম, a rising up, mounting, elevation.

উঠন, গাত্রোত্থান, আঙ্গিনা, to rise, to mount; a court-yard.
উঠনি, উঠামি, গাত্রোত্থান, চড়ন, a rising up, mounting, arrival at a place.
উঠান, তোলান, to raise, exalt, elevate, remove, dismiss, [eradicate; a court-yard.
উঠানে, বাহিরে, without, out of doors.
উঠাউঠি, পুনঃ২, বার্‌বার্‌, repeatedly, importunately.
উঠ্‌তি, বিক্রী, সভাভঙ্গ, a vent or sale for goods, the breaking up of an assembly.
উড়কুড়, আদ্যন্ত, শেষ, the beginning and end, termination, end; from beginning to end.
উড়ঞ্চড়ীয়, অপব্যয়ী, squandering, wasting, throwing away.
উড়ন, আকাশে ভ্রমন, চড়ন, to fly, mount in the air, soar, be wasted, be scattered.
উড়নী, একপাটা, উত্তরীয়, a sheet, the Hindoo outer flowing [garment.
উড়নীয়, পলায়িত, পক্ষবান, taking flight, flying, fledged.
উড়পড়ন, উড়িয়াপড়ন, a flying up and settling or falling.
উড়া, আকাশচলন, অপব্যয়, flight, waste, the venereal.
উড়ানী, অপব্যয়, উড়নী, waste, extravagance, outer garment.
উড়ানীয়, অপব্যয়ী, wasteful, extravagant.
উড়ী, বন্যধান্য, গুঞ্জনি, wild rice; the repairing of thatch.
উডু, নক্ষত্র, any constellation in the moon's path.
উডুউডু, চিন্তান্বিত, আকুল, anxious, agitated, eager.
উড়ুক্কা, পক্ষবান, able to fly, fledged.
উডুপ, চন্দ্র, তরণী, ভেলা, the moon, a raft, a float.
উডুপতি, চন্দ্র, the moon.
উডুম্বর, তাম্র, যজ্ঞডুম্বর, copper, a threshold, wild fig, species [of leprosy.
উড়্‌তী, অস্থির, আকাশী, flighty, airy, light, vain.
উড্ডয়ন. উড়ন, flight, a soaring, rising into the air.
উড্ডীং, উল্লম্ফ, a bound or upward leap.
উড্ডীয়মান, আকাশগামী, flying.
উত, তাপ, অগ্নি, বুনান, heat, fire: sewed, woven.
উতরণ, আগমন, আইসন, পার হ-, to arrive, come to, cross over.
উতলন, উতুলন,—উত্থলন, to overflow, boil over, run over.
উতলা, উতালা,—ব্যস্ত, রাগী, distressed, agitated, touchy, passionate.
উতার-1, প্রতিলিপি, পারায়ণ, a copy, duplicate; passage of a [river, arrival.

উৎক, উদ্বিগ্ন, উৎকণ্ঠিত, anxious, regretting.

উৎকট, দুঃসহ, মত্ত, disagreeable, troublesome, bad; excessive, furious, drunk, mad. [melancholy.

উৎকণ্ঠা, উদ্বেগ, anxiety, regret, care, vexation, sullenness,

উৎকর্ষ, অতিশয়, উত্তমতা, excessive; excellence, abundance, late performance.

উৎকলিকা, ভাবনা, উৎকণ্ঠা, thought, anxiety, care.

উৎকুণ, তেঙ্গরাদি, a louse.

উৎকৃষ্ট, উত্তম, excellent, good, elevated.

উৎকৃষ্টার্হ, উত্তমার্হ, capable of improvement, improvable.

উৎকোচ, ঘুষ, a bribe.

উৎক্রম, উল্লম্ফ, বিলোম, উল্লঙ্ঘা, a leap, jump, bound, departure from order, irregularity, transgression.

উৎক্রান্ত, উল্লম্ফিত, উৎপ্লুত, leaped up, transgressed.

উৎক্রোশ, ক্রৌরপক্ষী, কুরর, কুরল, an eagle.

উৎক্ষেপ-ণ, ঊর্দ্ধনিক্ষেপ, a toss, a throwing up.

উৎখাত, উৎপাটন, উপদ্রব, eradication, rooting up, ruin, destruction.

উৎখাতী, নাশক, উপদ্রবী, subversive, ruinous. [good.

উত্তম, শ্রেষ্ঠ, প্রধান, best, chief, excellent, superior, very

উত্তমর্ণ, ঋণদাতা, a creditor, lender.

উত্তমসাহস, পঞ্চ মহাদণ্ড, the five capital punishments.

উত্তমাঙ্গ, মস্তক, the head.

উত্তমার্হ, উৎকৃষ্টার্হ, capable of amelioration, improvable.

উত্তর, পশ্চাৎ, প্রতিবাক্য, উদক্, আগমন, subsequent, posterior, behind, last, hinder, future, northern; an answer, apology, consequence, remainder or difference, arrival, the north.

উত্তরণ, পারায়ণ, পৌছন, to arrive at, land, cross a river, alight.

উত্তরক্রিয়া, অন্ত্যেষ্টিক্রিয়া, funeral obsequies.

উত্তরখণ্ডন, প্রত্যুক্তি, বাক্যখণ্ডন, rejoinder, confutation.

উত্তরপক্ষ, প্রতিবাদ, a reply to an argument, refutation.

উত্তরপ্রত্যুত্তর, কথোপকথন, বিবাদ, dialogue, dispute, law-pleading.

উত্তরসংজ্ঞিত, উত্তরসাক্ষী,—শ্রুতসাক্ষী, a witness testifying from hearsay or the report of others.

উত্তরসাধক, মধ্যস্থ, সহায়, an umpire, prompter, auxiliary, director of religious ceremonies. [lers.
উত্তরস্থান, পথিকাশ্রম, an inn, place of refreshment for travel-
উত্তরাধিকার, পৈতৃকাধিকার, an inheritance, succession.
উত্তরাভাস, অপ্রকৃতোত্তর, a prevarication, deceptive reply.
উত্তরায়ণ, সূর্য্যের উত্তরগতি, the sun's path N. of the equator.
উত্তরাসঙ্গ, উড়নী, the outer Hindoo garment.
উত্তরী, উত্তরীয়,—উড়নী, পৈতা, the outer Hindoo garment, brahminical thread. [wards, subsequently.
উত্তরেণ, উদীচীন, পশ্চাৎ, northern, posterior, northerly, north-
উত্তরেদ্যুঃ, কল্য, ইহারপর, to-morrow, on a future day. [ther.
উত্তরোত্তর, অধিকাধিক, পরপর, more and more, further and fur-
উত্তর্জনা, ধমকান, ঘেন্নানি, a threatening, importunity, dunning.
উত্তলন, উপচন, ছাপন, an overflowing, running or boiling over.
উত্তান, চিৎ, উন্মুখ, having the face or palm upwards, shallow.
উত্তানশয়, উন্মুখ, অবগণ্ড, lying face upwards; an infant.
উত্তাপ, উষ্ণতা, তাপ, heat, ardour, zeal, distress.
উত্তাপন, তাপন, to heat, make hot. [or alight.
উত্তারণ, পার কর, পৌঁছান, নামান, to ferry over, cause to arrive
উত্তীর্ণ, আগত, উদ্ধৃত, পারপ্রাপ্ত, arrived, delivered, rescued, having surmounted a difficulty.
উত্তুঙ্গ, উচ্চ, high, lofty, tall.
উত্তেজনা, মার্জ্জনা, ধর্ষণ, a furbishing, polishing, dunning.
উত্তোলন, উন্নয়ন, উপচন, to raise a weight, elevate, boil over, overflow.
উত্যক্ত, বর্জ্জিত, বিরক্ত, rejected, abandoned, vexed, disgusted.
উত্থন, গাত্তোলন, to rise, stand erect.
উত্থলন, উত্তলন, উপচন, to overflow, boil over.
উত্থান, উত্থাপন,—উন্নমন, to raise, elevate, excite, stir up.
উত্থিতি, উত্তোলন, গাত্তোলন, erection, elevation, rising up.
উৎপতন, উৎপ্লবন, চড়ন, to leap up, mount.
উৎপত্তি, জন্ম, production, a production.
উৎপন্ন, জন্মপ্রাপ্ত, produced, arisen from.
উৎপল, নালি, কুমুদ, a blue lotus, water-lily.
উৎপলিনী, কুমুদিনী, *id*: a collection of water-lilies.
উৎপাটন, উপড়ন, to root up, eradicate, eradication.

উৎপাত, উপদ্রব, ruin, destruction, calamity, outrage, violence, tumult, danger, ruin, provocation, evil omen, portent, something disagreeable.

উৎপাদন, জন্মান, to produce, create, excite, occasion.

উৎপ্রেক্ষা, সাদৃশ্য, উপমা, a resemblance, simile, metaphor, illustration, indifference, carelessness.

উৎপ্লব-ন, উৎফাল,—ঝম্ফ, কুঁদন, a leap, jump, bound.

উৎফুল্ল, স্ফুটিত, বিকশিত, হর্ষিত, blown, expanded, gladdened.

উৎস, নির্ঝর, a fountain, spring.

উৎসঙ্গ, ক্রোড়, অঙ্ক, the hips, the lap.

উৎসব. পরব, আনন্দ, a festival, festivity, feast.

উৎসর্গ, উৎসর্জন,—নৈবেদ্য, দান, an offering, oblation, presenting of an oblation, gift.

উৎসাহ, উদ্যম, উদ্যোগ, promptness, enterprize, zeal, energy, effort, perseverance, confidence, eagerness.

উৎসুক, উৎসাহশীল, অনুতাপী, eager, zealous for, regretting, penitent.

উৎসৃষ্ট, আহুত, ত্যক্ত, দত্ত, offered in sacrifice, given.

উৎসেচন, জলোৎক্ষেপণ, to spout or throw up water.

উদ, উদক,—জল, উদবিড়াল, water, an otter.

উদক্, উত্তরদিক্, the north.

উদকদান, জলদান, a bestowing of water, an offering of water to the manes of one's ancestors.

উদগ্র, উদূর্ধ্ব, উচ্চ, উন্নত, pointing upwards, high, tall, (*ironically*) a dwarf.

উদধি, উদন্বা,—সমুদ্র, সাগর, the sea, the ocean.

উদন্যা, তৃষ্ণা, পিপাসা, thirst, desire to drink.

উদপান, কূপ, a well, tank, &c.

উদাম, অবশ, অবাধিত, অনাবৃত. uncontrouled, unrestrained, free, open, uncovered.

উদমাদা, অবিচারক, মূঢ়, সরল, thoughtless, simple, unreflecting, sincere, unsuspecting, docile, cheerful.

উদয়, অধোহইতে প্রকাশ, a rising into view, rise of a heavenly body, coming into vogue.

উদয়গিরি, উদয়াচল,—পূর্বপর্বত, the eastern mountains.

উদয়াস্ত, দিনমান, the day, day-time.

উদর, জঠর, পেট, the abdomen or belly, paunch, womb, an enlargement of the abdomen.

উদরনাড়ী, অন্ত্র, an entrail, gut.

উদরভঙ্গ, উদরাময়,—অতিসার, a diarrhœa, dysentery.

উদরম্ভরি, আত্মম্ভরি, পেটুক, selfishly voracious, gluttonous, voluptuous.

উদররস, উদরস্থিত পাচকরস, the gastric juice.

উদরসর্ব্বস্ব, পেটসর্ব্বস্ব, পেটুক, পেটার্থী, gluttonous, voluptuous; an epicure.

উদরী, পেটাল, তুন্দিল, abdominous, corpulent, dropsical.

উদরে, অভ্যন্তরে, inwardly, internally, inclusively.

উদর্ক, পরফল, পরকাল, লাভ, remote consequence, future time, profit, advantage.

উদান, কণ্ঠস্থিত বায়ু, one of the five airs of an animal body.

উদার, অকপট, সরল, দাতা, মহৎ, candid, frank, generous, liberal, noble, grand, gentle, unperplexed.

উদারা, ঘোরতরা স্বর, the deepest notes in music.

উদারার্থ্য, উদারসংজ্ঞক,—ঘোরার্থ, অস্পষ্ট, ambiguous, of doubtful or double meaning.

উদাস, সমাধি, বৈরাগ্য, ব্যাকুলতা, religious abstraction, solitude, unconnectedness, retirement, misanthrophy, anxiety, regret.

উদাসী, বৈরাগী, নিঃসঙ্গ, ভাবিত, abstracted, lonely, retired, misanthrophic, anxious, regretting, crazy.

উদাসীন, সন্ন্যাসী, বিদেশী, withdrawn from society, austere; a recluse, pilgrim, religious mendicant, cynic, misanthrophe, stranger, foreigner.

উদাহরণ, উদাহার,—দৃষ্টান্ত, an illustration, instance, exemplification of a rule.

উদাহৃত, উৎপ্রেক্ষিত, উক্ত, adduced in exemplification, exemplified, mentioned, spoken, famed.

উদিত, প্রকাশিত, কথিত, বদ্ধ, risen (as a heavenly body), come into notice or fashion, spoken, expressed, bound, tied.

উদীচী উত্তরদিক্, the north quarter.

উদীচীন, উত্তরেণ, northern.

উদীচ্য, উত্তরপশ্চিমদেশ, the north-west, north country.

উদ্গরিত, উচ্চরিত, spoken, uttered, said, announced.
উদূখল, মর্দ্দনপাত্র, a wooden mortar for husking rice.
উদ্গত, উদিত, বর্দ্ধিত, ascended, risen, increased, vomited.
উদ্গম, ঊর্দ্ধগমন, বৃদ্ধি, জ্ঞান, ascension, rising, mounting, increase, knowledge, idea.
উদ্গাঢ়, অতিশয়, অধিক, exceeding, very, great, excessive.
উদ্গাতা, বেদগায়ক, সামগ, a chanter or reciter, particularly of the Sáma Veda.
উদ্গার-ণ, ঢেকুর, বমন, a belching, retching, vomiting.
উদ্গীথ, সামবেদাংশ, প্রণবোচ্চারণ, a portion of the Sáma Veda, the utterance of the mystic ওঁ.
উদ্গীর্ণ, বমিত, vomited, thrown up.
উদ্গূর্ণ, উদ্যত, prepared for, or engaged in action, exerted, stimulated, raised, held up.
উদ্গূহন, গঠন, the building up of a wall, edification.
উদ্গ্রাহ্য, সাধ্য, প্রাপ্য, an object accomplishable or attainable.
উদ্ঘন, কাষ্ঠছেদনাধার, a chopping-block, carpenter's bench.
উদ্ঘাটন, জল উত্তোলনের যন্ত্র, প্রসারণ, the rope and bucket of a well, the opening out as of a shutter.
উদ্ঘাত, আরম্ভ, অস্ত্র, commencement, a weapon, club, mallet.
উদংশ, মশা, ডাঁশ, a mosquito, a gadfly, a bug.
উদন্তুর, বৃহদ্দন্তী, দাঁতাল, ভয়ানক, having large teeth or tusks, formidable, tall.
উদ্দাম, অবাধিত, স্বতন্ত্র, unrestrained, unconfined, free.
উদ্দিষ্ট, অভিপ্রেত, designed, intended, regarded, done with regard to. [mination.
উদ্দীপন, জ্বলন, প্রকাশন, a blazing, glowing, shining, illu-
উদ্দেশ, অভিপ্রায়, অন্বেষণ, কামনা, an object, view, motive, incentive, vestige, trace, search; lust, love; sake, account of; for. [regard to an object.
উদ্দেশক, উদ্দেশকর্ত্তা,—চেষ্টাকারক, acting from a motive, or with
উদ্দেশ্য, প্রয়োজন, অন্বেষণীয়, an incentive; fit to be made an object of regard, deserving to be traced out.
উদ্দেষ্টা, চেষ্টাকারক, one who acts with a design or scope.
উদ্ধত, অন্যমনস্ক, দুরন্ত, মন্দাচারী, absent, ill-behaved, capricious, audacious, mischievous, self-important.

উদ্ধতামি, দুরাচরণ, নির্লজ্জতা, ill-behaviour, effrontery, audacity, mischievousness.

উদ্ধরণ, উদ্ধার,—রক্ষা, মুক্তি, ত্রাণ, deliverance, rescue, extrication, acquittal, beatitude, freedom, extract from a book, raising up from a pit.

উদ্ধূত, উদ্ধৃত,—উৎক্ষিপ্ত, tossed or cast up.

উদ্বদ্ধ, টাঙ্গা, বদ্ধ, hung, tied up to a thing.

উদ্বন্ধন, ফাঁসী দেওন, to hang (a criminal.)

উদ্বমন, উদ্গারণ, to vomit, throw up, retch.

উদ্বর্ত্ত, অবশেষ, অবশিষ্ট, a remainder, overplus; remaining, left.

উদ্বর্ত্তন, বাড়ন, অধিক-হ-, to be over, abound, be more than enough.

উদ্বাহ, বিবাহ, a marriage, wedding, nuptials.

উদ্বিগ্ন, ব্যাকুল, ভাবিত, troubled, anxious, perplexed, thoughtful, dejected.

উদ্বিড়াল, জলমার্জার, an otter.

উদ্বৃত্ত, অবশিষ্ট, অধিক, left, remaining over and above.

উদ্বেগ, ব্যাকুলতা, ভাবনা, perplexity, anxiety, hesitation, grief, care, dejection; the betelnut.

উদ্বোধ-ন, স্মরণ, জ্ঞান, remembrance, recognition, a conception of the mind, sentiment.

উদ্ভট, অলিখিত শ্লোক, সমুদ্দত, unwritten but current, well known, renowned, excellent: a tortoise, the sun.

উদ্ভব, উৎপত্তি, জন্ম, production, birth, a coming into existence.

উদ্ভাব, উষ্মা, বাষ্প, heat, steam, a thing tending upwards.

উদ্ভিজ্জ, উদ্ভিদ্,—বৃক্ষলতাদি, a tree, plant, shrub: sprouting, germinating.

উদ্ভিদ্বিদ্যা, বৃক্ষাদিবিদ্যা, botany, the science of plants.

উদ্ভিন্ন, ভেদিত, বিদ্ধ, perforated, split, opened upwards.

উদ্ভূত, উৎপন্ন, জাত, produced, arisen from, born, consequent.

উদ্যত, প্রস্তুত, প্রবৃত্ত, ready, prompt, about or prepared for an act.

উদ্যম, উদ্যোগ, exertion, readiness for action, preparedness.

উদ্যমভঙ্গ, চেষ্টাধ্বংস, নিরাশ্বাস, dissuasion, discouragement, desisting.

উদ্যমী, উদ্যোগী,—চেষ্টাবান্, active, busy, prompt, ready.
উদ্যান, উপবন, a garden, park, grove, pleasure-ground.
উদ্যাপন, ব্রতনিষ্পাদন, সম্পাদন, fulfilment of a vow, performance, accomplishment of a design.
উদ্যুক্ত, প্রস্তুত, সম্প্রবৃত্ত, ready, on the point of, engaged in.
উদ্যোগ, প্রয়াস, চেষ্টা, endeavour, exertion, enterprize, zeal, readiness, industry.
উদ্র, জলমার্জার, an otter. [perception.
উদ্রেক, উন্মুখ, আরম্ভ, attempt, commencement, appearance,
উদ্রেকভঙ্গ, আশাভঙ্গ, disappointment, discouragement, dissuasion, desisting. [ing ground.
উদ্রেকী, উদ্যত, উদিত, about, ready, coming into view, gain-
উধস্, গোস্তন, the udder of a cow.
উধার, ঋণ, ধার. a loan, debt, trust, credit.
উনন, v.n. } গলন, গলান, চুলা, to melt, dissolve; a furnace,
উনান, v.a. } hearth, portable hearth.
উহুই, উৎস, নির্ঝর, a fountain, spring.
উন্দুন্দ্, গণ্ডগোল, লোকযাত্রা, a commotion, riot, tumult, confusion, anarchy, mob, multitude, procession, pomp and noise of attendants.
উন্দুর, উন্দুরু,—মূষিক. আখু, a rat, a mouse.
উন্নত, উচ্চ, সম্পন্ন, elevated, exalted, enriched, risen, ascended, increased.
উন্নতানত, উঠাপড়া, risen and fallen, elevated and depressed, rising and falling.
উন্নতি, বৃদ্ধি, increase, elevation, advancement, prosperity.
উন্নয়ন, উত্তোলন, বিচার, ঊহা, to lift up, elevate; discussion, deliberation, reasoning, logic.
উন্নামন, উত্তোলন, to raise, elevate. [intoxicated.
উন্মত্ত, উন্মাদিষ্ণু, উন্মাদী,—ক্ষিপ্ত, পাগল, deranged, mad, crazy,
উন্মনা, উৎকণ্ঠিত, ব্যাকুল, thoughtful, agitated, distressed, regretting.
উন্মাথ, ফাঁদ, জাল, a snare, trap, net. [extravagant.
উন্মাদ, বাতুলতা, বায়ুগ্রস্ত, madness, folly, extravagance; mad,
উন্মাদক্ষেত্র, বাতুল, a maniac, mad person. [sure, value.
উন্মান, উন্মিতি,—তৌলন, মাপন, a weighing, measuring; mea-

উন্মিষিত, প্রফুল্লিত, প্রসারিত, blown as a flower, opened as the eyes, expanded. [flower, to wink.

উন্মীলন, মুদিতের প্রকাশন, খুলন, to open as the eyes or as a

উন্মুখ, ঊর্দ্ধাস্য, উদ্যুক্ত, উদ্রেক, looking or pointing upwards, engaged in; an effort, attempt, exertion.

উন্মূলন, উৎপাটন, to root up, eradicate, abolish.

উন্মেষ, জ্ঞান, a perception, sensation, discovery.

উপকথা, ইতিহাস, a story, tale, tattle.

উপকরণ, অপ্রধানাঙ্গ, সাধন, a thing superadded, as vegetables or sauce to food; materials, means, help, supplemental oblation. [effect, result, success.

উপকার, আনুকূল্য, assistance, help, remedy, benefit, favour,

উপকারী, অনুকূল, সহকারী, helping, assisting, benevolent, beneficial.

উপকৃতি, সাহায্য, assistance, help, advantage, benefit.

উপক্রম, আরম্ভ, উদ্যোগ, commencement, attempt, prelude.

উপগম, আগমন, প্রণয়, approach, attachment, sexual intercourse.

উপগুরু, অপ্রধান গুরু, an inferior or under spiritual teacher.

উপচন, উথলন, to run or boil over, overflow, abound.

উপচয়, প্রচুরতা, plenty, abundance.

উপচার, ব্যবহার, ব্যবসায়, practice, custom, profession, service, practice of medicine, a bribe, imputation.

উপচিত, সঞ্চিত, বর্দ্ধিত, collected, increased, improved.

উপজন, ঘটন, জন্মন, to occur, be produced, accrue, acquire; produced, occurred, acquired, become, &c.

উপজিহ্বা, অনিজিহ্বা, the epiglottis. [port.

উপজীবিকা, জীবনোপায়, বৃত্তি, livelihood, trade, means of sup-

উপজীবী, অবলম্বী, living upon or by, dependant on.

উপজীব্য, বৃত্তিদায়ক, অবলম্বনীয়, affording a livelihood, maintaining. [idea of a thing.

উপজ্ঞা, উপদেশবিনাজ্ঞান, আদ্যজ্ঞান, intuitive knowledge, first

উপড়ন, উৎপাটন, to root up, eradicate, abolish.

উপঢৌকন, উপহার, ভেট, a present to a superior, present of ceremony.

উপতন্ত্র, সূক্ষ্মসূত্র, a small fibre or thread.

উপতাপ, খেদ, বিপদ, রোগ, distress, misfortune, pain, disease, heat, hurry.

উপতারা, তারামণ্ডল, the iris (of the eye).

উপত্যকা, পাহাড়তল, land at the foot of a hill, a valley.

উপদল, ফুলপাত্র, the calyx of a flower.

উপদেবতা, ভূত, অপচ্ছায়া, a demi-god, phantom, apparition.

উপদেশ, শিক্ষা, মন্ত্রদান, instruction, advice, doctrine.

উপদেশী, } শিক্ষক, গুরু, শিক্ষাগুরু, giving instruction, instruc-
উপদেষ্টা, } tive, edifying; a teacher, preceptor, instructor.

উপদ্রব, বিপদ, উৎপাত, calamity, ruin, injury, oppression, tyranny, ravages, a portent.

উপদ্বীপ, পুলিন, টাপু, an island.

উপধান, বালিশ, a pillow, bolster.

উপধি, ভয়, ছলনা, চক্র, fear, dread, terror, fraud, a wheel.

উপনয়ন, উপবীতধারণ সংস্কার, investiture with the brahminical thread.

উপনাম, পদবী, a sirname, nick-name. [another person.

উপনিক্ষেপ, উপনিধি,—অর্পিতধন, a deposit of valuables with

উপনিষদ্, বেদের শিরোভাগ, the philosophical part of the Vedas.

উপনিহিত, নিক্ষিপ্তধন, deposited in a sealed state.

উপনীত, উপবীতী, invested with the brahminical thread.

উপন্যাস, প্রস্তাবনা, উপকথা, an exordium, prologue, tale, story.

উপপতি, জার, গুপ্তপতি, a paramour, gallant.

উপপত্তি, নির্বাহ, সংস্কার, provision, maintenance, accomplishment of an object,, production, demonstration, supply, favour, assistance. [tion.

উপপদ, পদের নিকটবর্ত্তিশব্দ, a noun in apposition or conjunc-

উপপন্ন, সাধিত, সমাপ্ত, accomplished, completed, supplied, provided for. [guilt, venial crime.

উপপাতক, উপপাপ,—গোবধাদি, a crime of the third degree of

উপপাদন, সাধন, to accomplish an object, prove, establish an argument. [assault, affray.

উপপ্লব, সূর্য্যাদিগ্রহণ, an eclipse, portent, ascending node,

উপপ্লুত, গ্রস্ত, উপরক্ত, eclipsed, beheld (as a portent.)

উপবন, উদ্যান, a garden, artificial wilderness.

উপবাস, অনাহার, a religious or voluntary fast.

উপবিদ্য, শিল্পকারাদি, acquainted with inferior arts.

উপবিদ্যা, অপ্রধান বিদ্যা, শিল্পবিদ্যাদি, inferior art or science, as painting, dancing, legerdemain, handicrafts, &c.

উপবিষ্ট, আসনস্থ, seated, seated near.

উপবীত, পৈতা, the sacred brahminical thread.

উপবীতী, পৈতাপ্রাপ্ত, উপনীত, wearing the brahminical thread.

উপবেশন, বসন, নিকটবসন, to sit, sit near or by.

উপভোগ, বিষয়সুখাস্বাদন, worldly or sensual enjoyment, gratification, usufruct of another's property.

উপমা, উপমান,—দৃষ্টান্ত, সাদৃশ্য, a simile, metaphor, comparison, resemblance, picture, image, likeness.

উপমাতা, ধাত্রী, উপমাকর্ত্তা, a wet-nurse, nurse; a metaphrast, comparer. [&c.

উপমিত, উপমেত,—উৎপ্রেক্ষিত. compared, illustrated by simile,

উপমিতি, উপমা, সাদৃশ্য, similitude, comparison, resemblance, metaphor, picture, image.

উপযম, বিবাহ, marriage.

উপযাচন, নিবেদন, প্রার্থনা, a request, petition, prayer.

উপযুক্ত, যোগ্য, অর্হ, সমর্থ, fit, proper, suitable, qualified.

উপযোগ, সামর্থ্য, অনুকূলতা, আহার, suitableness, adaptation, qualification, propriety, food.

উপযোগী, অনুকূল, হিত, useful, fit, suitable.

উপর, ঊর্দ্ধদেশ, the top, upper part, space above, height, upon, over, concerning.

উপরক্ত, বিপন্ন, পীড়িত, গ্রস্ত, seized by calamity, afflicted, pained, eclipsed; ascending node.

উপরত, বিরত, having ceased, ceased, stopped, desisted.

উপরতি, নিবৃত্তি, মহাহ্লাদ, cessation, stop, great enjoyment, pleasure.

উপরাউপরি, অনুক্রমে, in succession, successive, one over another. [affliction.

উপরাগ, সূর্য্যাদিগ্রহণ, বিপদ, eclipse of a planet, calamity,

উপরাম, বিরতি, শেষ, cessation, stop, a breaking off, end.

উপরি, ঊর্দ্ধে, অপর, ভূত, above, aloft, over; other, another; an evil spirit, aerial spirit, a god.

উপদৃষ্টি, ভূতের কুদৃষ্টি, the malignant glance of an evil spirit.
উপরিষ্টাৎ, ঊর্দ্ধহইতে, from above, above, up. [cerning.
উপরে, ঊর্দ্ধে, প্রতি, বিষয়ে, up, upwards, upon, against, con-
উপরোধ, গৌরব, সহায়তা, অনুগ্রহ, dignity, protection, defence, screen, support, favor, partiality, kindness.
উপর্য্যুপরি, ঊর্দ্ধোর্দ্ধ, higher and higher, in ascending series.
উপল, পাষাণ, a stone.
উপলক্ষণ, বৃত্তি, অবলম্ব, অনুমান, a livelihood, support, prop, a synecdoche of part for the whole, or a quality for the subject; inference, deduction, clue.
উপলক্ষিত, অনুমিত, inferred, deduced. [quired.
উপলব্ধ, অনুভূত, প্রাপ্ত, guessed, understood, felt, gained, ac-
উপলব্ধি, জ্ঞান, অনুভব, প্রাপ্তি, perception, guess, surmise, the understanding; gain, acquisition.
উপশম, উপশান্তি,—রোগহ্রাস, স্বাস্থ্য, alleviation, abatement of pain or distress, relief, tranquillity, being a appeased.
উপক্রম, আরম্ভ, commencement, beginning.
উপসংব্যান, অন্তরীয়, a lower garment.
উপসংহার, নাশ, শেষ, নিষ্পত্তি, destruction, an end, completion.
উপসর্গ, উপদ্রব, উপাধি, sudden calamity, portent, symptom of a disease, inseparable preposition.
উপসর্জ্জন, অপ্রধান, অনুগত, অমুখ্য, secondary, subordinate.
উপসর্পণ, আগমন, অনুবৃত্তি, an approach, access, a following.
উপসর্পক, অনুবর্ত্তী, নিকটগামী, a favourite; approximating.
উপস্ত্রী, প্রেয়সী, a concubine. [arms; near, proximate.
উপস্থ, আবাচ্য, কুকুন্দ, organs of generation, the hip, the
উপস্থনিগ্রহ, কামদমন, continence, restraint of sensual appetite.
উপস্থাপন, নিকটে রাখন, দেখান, to place near, produce.
উপস্থান, নৈকট্য, nearness, proximity.
উপস্থিত, } আগত, প্রস্তুত, arrived, present, ready, near, oc-
উপস্থায়ী, } curred. [rent.
উপস্বত্ব, আয়, লাভ, উৎপন্ন, income, profit, proceeds, produce,
উপহত, মারা, প্রহৃত, smitten, struck. [present.
উপহার, উপঢৌকন, a present to a superior, complimentary
উপহাস, হাস্য, বিদ্রূপ, a smile, jest, ridicule, mockery.
উপাখ্যান, ইতিহাস, বৃত্তান্ত, a tale, story, narration.

উপাঙ্গ, অপ্রধান ভাগ, a subdivision, subordinate part.
উপাত্ত, সম্মত, স্বীকৃত, admitted, allowed in argument, acknowledged.
উপাদান, ইন্দ্রিয়দমন, সমাধান, কারণ, restraint of the senses, abstraction from outward objects, cause, motive. [able, admissible.
উপাদেয়, উত্তম, দাতব্য, excellent, presentable, recommend-
উপাধান, উপধান, বালিশ, a cushion, pillow. [meditation.
উপাধি, পদবী, বিশেষণ, ধর্ম্মচিন্তা, a title, attribute, affix; devout
উপাধ্যায়, অধ্যাপক, পণ্ডিত, an instructor, tutor, scholar; learned.
উপানৎ, পাদূ, পাদুকা, a shoe, slipper.
উপান্ত, অন্তিক, near, proximate.
উপায়, সাধন, প্রতীকার, উপকার, উপার্জ্জন, means, method, expedient, remedy, stratagem, cure, approach, acquisition of wealth. [sent.
উপায়ন, উপহার, a present to a superior, complimentary pre-
উপায়ী, উপায়কারক, using stratagems, employing means or expedients, &c.
উপার্জ্জন, ধনসঞ্চয়ন, লাভ, accumulation of property, gain, acquisition, income, earnings.
উপাস, অনাহার, উপবাস, a voluntary fast.
উপাসক, অনুবর্ত্তী, আরাধক, an obsequious attendant, sycophant, flatterer, worshipper; propitiatory.
উপাসন-া, অনুবৃত্তি, আরাধনা, service, attendance on, respect, assiduity, petition, supplication, prayer, intercession, veneration, worship. [ous service.
উপাস্য, আরাধ্য, মান্য, placable, venerable, worthy of assidu-
উপাস্থি, কোমলাস্থি, a cartilage.
উপুড়, উল্টা, পতিত, reversed, prostrate. [slightly.
উপেক্ষণ, নামানন, অনাদরণ, to neglect, disregard, notice
উপেক্ষা, অনাদর, ত্যাগ, অবজ্ঞা, neglect, disregard, contempt, supercilious disregard. [with.
উপেত, সমীপাগত, আসন্ন, approached, come near, connected
উপোষণ, উপবাস, অনাহার, a religious fast, a fast.
উবন, প্রস্থান, অন্তর্দ্ধান, departure, disappearance; to depart, vanish, evaporate, dissolve.

উবরণ, উদ্বর্তন, বিস্তর, to abound, be plentiful; abundant, plentiful.

উবরা, বিস্তর, আধিক্য, abundance, plenty. [vestige.

উবস-ন, উথলন, অনুসন্ধান, a boiling over, search, enquiry,

উবী, উবু,—খাড়া, উচ্চ, উন্নত, erect, high, exalted, elevated.

উবুড়, উল্টা, পতিত, reversed, prostrate.

উব্জু, সরল, straight, erect, upright.

উভ, ঊর্দ্ধ, খাড়া, high, erect; height.

উভ, উভয়,—দুইটা, মিলিত দুই, both.

উভয়তঃ, উভয়ে,—পরস্পর, দুইদিগে, mutually, in both respects, on both accounts, on both sides.

উভয়বিদ্যা, ঐহিক পারত্রিক দুই বিদ্যা, religious science and worldly affairs.

উভরণ, বোঝাই বহিষ্করণ, to unload a vessel.

উভরায়, উচ্চৈঃস্বরে, with a loud voice, with vociferation.

উমান, মাপন, measurement, the sounding of a depth.

উরঃ, বক্ষঃস্থল, the breast, bosom.

উরগ, পন্নগ, সর্প ইত্যাদি, a serpent, snake, worm, reptile; crawling, creeping.

উরশ্ছদ, বক্ষকবচ, a breast-plate, breast-armour, coat of mail.

উরু, বড়, মহৎ, জঙ্ঘা, great, ample, much; the thigh.

উরুজ, বৈশ্য, a vyse, a man of the third class.

ঊর্ণনাভ, মাকড়সা, মর্কট, a spider.

ঊর্ণা, মেষাদির লোম, wool, fur.

উর্বরা, ফলদ, সতেজভূমি, fertile; a rich soil.

উর্বী, পৃথিবী, the earth.

উর্ষণ, ক্ষরণ, to admit the rain, leak, as a roof, &c.

উলঙ্গ, বিবস্ত্র, naked. [descend.

উলন, রাখন, নামন, to set down, place on the ground,

উলুক, উলূক,—পেচক, পেচা, an owl.

উল্কা, উল্মুক, ধূমকেতু, a torch, firebrand, meteor.

উল্কামুখী, খিখি, খেঁকশিয়ালা, a fox. [women.

উল্কি, স্ত্রীলোকের চিহ্নরাখা বিশেষ, a tattooing practised by

উল্টন, উপুড়বা বিপরীত করণ, to reverse, turn upside down.

উল্টা, প্রতিকূল, বিপরীত, reverse, reversed, contrary, upside downward.

উল্টাপাল্টা, ফেরেফারে, গোলমালে, confusedly, upside down-
wards, topsy turvey. [version.
উল্টাপাল্টামি, ফেরফার, অন্যথাকরা, inversion, confusion, per-
উল্টাবুঝ, ভ্রম, কুবুদ্ধি, a misconception, misconstruction, per-
verted mind; misconceiving, blundering.
উলচুল, গোলমাল, confusion, hurly burly; confusedly.
উল্মুক, উল্কা, আকাশাগ্নিপাত, a torch, meteor.
উল্লঙ্ঘন, অতিক্রমণ, বিরুদ্ধাচরণ, to trangress, violate, tres-
pass, infringe, revolt.
উল্লম্ফ, উৎপ্লব, উৎক্রম, a jump, leap, bound, skip.
উল্লাস, হর্ষ, আনন্দ, joy, exultation, rapture, mirth, vivacity.
উল্লূক, উলূক,—পেচা, an owl.
উল্লেখ-ন, প্রস্তাব, উচ্চারণ, খনন, mention, relation, annuncia-
tion, utterance, enunciation, a description;
a scratching or digging the ground.
উল্বণ, স্পষ্ট, পিত্তাদির বিকার, apparent, evident, clear; excess
of bile, phlegm, &c.; a symptom.
উল্লসন, উল্লসিত হওন, to be elated, full of joy, transported.
উশীর, বেণার মূল, the root of the tattie grass.
উষঃ, উষস্, উষা,—প্রত্যূষ, the dawn, the morning.
উষণ, মরিচ, pepper.
উষিপিষি, ব্যস্ততা, চঞ্চলতা, uneasiness, restlessness, fidgets.
উস্কণ, উস্কুলান, to repair or stir up a fire, trim a lamp,
stir up or revive an old quarrel.
উষ্ট্র উট, a camel.
উষ্ণ, তপ্ত, গ্রীষ্ম, রাগী, hot, sultry, warm, passionate.
উষ্ণা, সিদ্ধধান্য, heated, sodden, (of rice to be husked).
উষ্মিত, কোপী, ক্রুদ্ধ, angry, passionate, enraged, provoked.
উষ্ণীষ, পাগ, পাগড়ী, শিরোবস্ত্র, a turban.
উষ্মা, তাপ, কোপ, heat, ardour, warmth, rage, anger, choler.
উষ্মান, কোপান, to anger, enrage. [with grain.
উসন, ওষাণ, to supply the hopper of a mill or mortar, &c.
উহাড়, খাপ, আচ্ছাদন, a cover, a case.

ঊ.

উখলি, উদূখল, a mortar for husking rice.
ঊঢ়, বিবাহিত, married.
ঊত, বুনিত, কাপড়, বস্ত্র, woven; cloth.
ঊন, কিঞ্চিৎ ন্যূন, less, *affix:* one less than.
ঊনবুকা, অসাহসী, তেজোবিনা, spiritless, destitute of energy.
উয়ী, বল্মীক, উই, a white ant.
ঊরু, ঊরুঃ,—জঙ্ঘা, the thigh. [thigh.
ঊরুস্তম্ভ, জঙ্ঘাকোড়া, a painful and dangerous tumor on the
ঊর্ণনাভ, মাকড়সা, a spider.
ঊর্ণা, মেষাদির লোম, wool, fur, felt.
ঊর্দ্ধ, ঊর্দ্ধ্ব,—উচ্চ, দীর্ঘ, উন্নত, high, lofty, elevated.
ঊর্দ্ধক, উত্থিত, বায়ুরোগ, ascending, rising, (spoken of flatulency occasioning pain and giddiness). [head.
ঊর্দ্ধজানু, ঊর্দ্ধজ্ঞু,—দীর্ঘজঙ্ঘ, sitting with his knees higher than his
ঊর্দ্ধবাহু, উন্নতহস্ত সন্ন্যাসী, with elevated hands, (spoken of devotees). [tity.
ঊর্দ্ধরেতা, কামত্যাগী, চতুর্থাশ্রমী, a saint living in perpetual chas-
ঊর্দ্ধশ্বাস, বায়ুরেচন, শ্বাসরোগী, expiration, emission of the breath; asthmatical.
ঊর্বস্থি, জঙ্ঘাস্থি, the thigh bone.
ঊর্মি. বীচি, a wave, surge, billow.
ঊর্মিমৎ, বীচিমৎ, wavy, undulated, convoluted.
ঊষর, লবণভূমি, saline, salt (of land); saline earth, a salt and barren soil.
ঊষা, প্রত্যূষ, প্রাতঃ, the dawn, morning twilight.
ঊহ, ঊহা,—বিতর্ক, অধ্যাহরণ, investigation, reasoning, the supplying of an ellipsis.
ঊহ্য, অধ্যাহার্য্য, elliptical, requiring to be supplied or investigated.

ঋ.

ঋক্, প্রথমবেদ, the first of the four Vedas.
ঋক্ষ, ঋক,—ভাল্লুক, a bear, the constellation Ursa Minor.

ঋচ্, মন্ত্র, a formula of praise or incantation, hymn to a god, invocation, a sentence of the Rig Ved.
ঋজু, সরল, straight, upright, sincere, honest.
ঋণ, ধার, a loan, debt.
ঋণগ্রহণ, ধার লওন, to borrow, receive a loan.
ঋণদান, ধার দেওন, a lending, giving in loan.
ঋণদায়ক, মহাজন, সাধু, উত্তমর্ণ, a lender, creditor; lending.
ঋণবান্, ঋণী,—খাতক, ঋণগ্রাহী, a debtor; indebted.
ঋণবিশিষ্ট, ঋণগ্রস্ত, indebted, loaded with debt.
ঋণক্রয়, ধারেকেনা, ধারেবিক্রীত, purchased or sold on credit.
ঋত, যুক্ত, গ্রস্ত, *affix:* affected with.
ঋতু, বসন্তাদিকাল, কাল, রজস্, a season, the menstrual flux.
ঋতুমতী, রজস্বলা, menstruous, (woman.)
ঋতুরাজ, বসন্তকাল, the spring.
ঋতে, ব্যতিরেকে, ভিন্নে, except, besides. [tic priest.
ঋত্বিক্, ঋত্বিজ্,—যাজক, পুরোহিত, a sacrificial priest, a domes-
ঋদ্ধি, ধন, সম্পত্তি, riches, wealth, increase, prosperity.
ঋষভ, বৃষ, উত্তম, a bull; *affix:* excellent, great.
ঋষি, মুনি, a sage, a Muni.

এ.

এ, সম্মুখস্থিত, বুদ্ধিস্থিত, ইদং, this. [till now.
এঅবধি, ইতঃপর, এখানহইতে, এখনপর্য্যন্ত, henceforth, from here,
এই, অগ্রাবস্থিত, this very, even this.
এইকারণ, তজ্জন্যে, for this reason, hence, therefore, wherefore.
এক্, অদ্বিতীয়, one.
একই, অনন্য, the same, the self-same. [one.
এক্এক্, পৃথক২, ভিন্ন২, সমস্ত, one by one, severally, each, every
একক্, অদ্বিতীয়, অদ্বয়, সহায়শূন্য, one, single, alone.
এক্কর্ম্মকারক, তুল্যবিষয়ী, একাভিলাষী, of the same profession, doing the same; a competitor. [poraneous.
এক্কালীন, সমকালজাত, সমকালীন, coeval, simultaneous, cotem-
এক্গুঁয়া, অবাধ্য, self-willed, obstinate, headstrong, perverse.
এক্ঘরিয়া, অমিলাপী, উদাসী, unsocial, recluse, secluded, singular.

এক্চালা, ঝোপড়ী, কুটীর, a shed. [attached.
এক্চিত্ত, অনন্যমনাঃ, আবিষ্ট, unanimous, attentive, sedulous,
এক্চেটিয়া, মহাজন, a monopolizer, monopolist.
একচ্ছায়াশ্রিত, সহলগ্নক, a joint bondsman. [cessantly.
এক্জাই, বারম্বার, পুনঃ২, frequently, repeatedly, often, in-
এক্টা, কেবল এক, সমুদায় এক, one, an entire one.
এক্টী, একমাত্র, one, only one, merely one.
এক্টু, একটুক, এক্টুকি,—অল্প, কিঞ্চিৎ, small, one, a little.
এক্ত্র, একত্র, together, in one body or association.
এক্তন্ত্রী, একাভিলাষী, বিপক্ষ, a rival, opponent, competitor; having the same object.
এক্তন্ত্রী, একপ্রভুক, একতন্ত্রযুক্ত, subject to one lord, having one string.
একতম, অনেকের মধ্যে এক, অন্যতম, one of many.
একতর. দুয়ের মধ্যে এক, অন্যতর, one of two, either.
একতা, একত্ব.—ঐক্য, অনন্যতা, মিলন, oneness, sameness, union, concurrence. [dance.
একতান, সমতান, বাদ্যযন্ত্রের মিল harmony, unison in song and
এক্তুম্বী, তম্বুর, বীণা, having a single gourd (as lutes, &c.)
একত্র, একস্থানে, মিলিত, in one place, collectedly, together.
একদা, এককালে, once, at once. [dency.
এক্দিক্, সমদিক্, সমসরল, having the same direction or ten-
একধা, কেবল এক, একাকী. single, simple.
এক্নামা, স্বনামক, a namesake; having the same name.
এক্পাটা, ওড়নী, the Hindoo outer garment.
এক্পাশ্, এক্পাশীয়া.—হেলা, কাইত, inclined to one side, aslant, on one side. [ception.
এক্পেট, একপরামর্শ, united in one plan of collusion or de-
এক্প্রকার; সমান, তুল্য, uniform, of the same kind.
এক্প্রভুক, এক্তন্ত্রী, এক্রাজাধীন, subject to one lord, monarchical.
এক্প্রভুত্ব, এক্রাজত্ব, একাধিপত্য, monarchy. [stinate, firm.
এক্বাগিয়া, স্বমতাবলম্বী, অবাধ্য, dogmatical, pertinacious, ob-
এক্বার, একদা, once. [ment, awhile.
এক্বিন্দু, কণা, অল্প, কিঞ্চিৎকাল, a single drop, a little, a mo-
এক্বিষয়ী, একাভিলাষী, তুল্যব্যাপারী, সহকারী, having the same object, of the same profession; a rival, coadjutor.

একভক্ত, একাহারী, eating but one meal a day.
একযোট, সঙ্ঘ, সমভিব্যাহার, সঞ্চয়, an association or body of persons, a collection of things.
একযোনি, সহোদর, সমানোৎপত্তিক, of the same mother, of one origin or source.
একরূপ, সদৃশ, তুল্য, সমান, similar, like, same, resembling.
একরোখা, অতিরোষী, কোপান্বিত, blindly impelled by rage, obstinate. [private.
একল, একলা,—একাকী, নিভৃ, বিরল, alone, single, solitary,
একলাই, উড়নী, a sheet, wrapper, outer garment.
একলাদুকলা, দুইএক, one or two together, a few.
একসঙ্গী, সংসৃষ্ট, সহবাসী, united, collected, compact, keeping in company.
একহারা, অদ্বয়, কেবল এক, single, one.
একা, একাকী,—অদ্বিতীয়, সহায়শূন্য, বিরল, alone, single, solitary.
একাগ্র, অভিনিবিষ্ট, অনন্যমনাঃ, মনোযুক্ত, devoted to one pursuit, closely attentive; a subdivided line.
একাগ্রতা, অভিনিবেশ, devotedness to or pursuit of one object, close attention.
একাতপত্র, সম্রাট, মহারাজ, widely governing, ruling the earth.
একাত্মতা, তত্ত্ব, the unity of spiritual essence, the doctrine of one universal Spirit. [regular series.
একাদিক্রম, আনুপূর্বিক, নিরন্তর, successive, uninterrupted, in
একাদোকা, দুইএক, a few, one or two, one or two together.
একাধিপতি, সম্রাট, অধিরাজ, a monarch, sovereign.
একানিয়া, একাকী, single, only.
একান্ত, অত্যন্ত, নির্জ্জন, অবশ্য, excessive, extreme, effectual, leading to one result, private, solitary, uninhabited; certainly.
একান্তরা, এক দিন ব্যবধানে ভোজন করা, the eating of only one meal in two days, *i. e.* every other day.
একান্ন, সহভোজী, একাহারী, a messmate; living on the same food.
একাবয়ব, সমানাকৃতি, তুল্য, having the same parts, uniform, similar, alike. [neral inundation.
একার্ণব, মেলা, সমাগম, জলপ্লাবন, a promiscuous multitude, ge-
একার্থ, তুল্যার্থ, having the same meaning or intent.

একাহ, একদিন, একদিনজীবী কীট, a singlé day; ephemeral.
ঐক, ঐকী,—তুল্য, সমান, অনন্য, alike, same, single, together.
একূড্যা, বিরল, অমিলাপী, solitary, unsocial, odd, single.
একত্র, মোট, a sum, a total, a whole.
একেএকে, ক্রমশঃ, ক্রমে, one by one, alternately, singly.
একেলা, অদ্বয়, একাকী, alone, single, solitary, private.
একেশ্বর, সহায়শূন্য, স্বাধীন, alone, dependent on one's self alone.
একোদ্দিষ্ট, অনন্যার্থ, performed for the same person or object.
একোপম, সদৃশ, তুল্য, similar, analagous.
এক্ষণে, সম্প্রতি, অবিলম্বে, now, instantly, this instant.
এখন, এখনি,—সম্প্রতি, অধুনা, now, immediately.
এখান, এইস্থান, this place, here.
এজন্য, এইনিমিত্ত, hence, therefore, wherefore.
এটে, কদলির মূল, the thick root of the plantain tree.
এড়, বধির, কালা, deaf.
এড়ন, জালক্ষেপণ, ছাড়ান, বাঁচন, to cast a net, loosen, liberate, release, relinquish, fly off, escape.
এড়মূক, শ্রবণবাগিন্দ্রিয়হীন, deaf and dumb.
এড়াকাণি, অস্বীকার, a turning away the ear in refusal; disapprobation.
এড়াটিয়া, সমল, মন্দ, অধম, filthy, loathsome, abominable, reprobate.
এণ, হরিণ, a deer.
এত, তত, এপর্য্যন্ত, so much, so long, so many, so.
এতজ্জ, এতদ্ধেতুক, এতজ্জনিত, arising from or produced by this.
এতৎ, এই, *(in composition only:)* this, of this, his.
এতৎকাল, উপস্থিতকাল, সম্প্রতি, এখন, the present time, this time, now.
এতৎকালীন, আধুনিক, এইসময়ের, belonging to this time.
এতৎক্ষণাৎ, এইঅবধি, অদ্যাজে, from this instant, henceforth, immediately.
এতৎক্ষণে, এখন, সম্প্রতি, now, at this instant.
এতত্তুল্য, এইপ্রকার, সদৃশ, equal to or like this, similar.
এতৎসম, এতাদৃশ, সেইরূপ, similar to or like this.
এতদন্তর, এই ব্যতিরেকে, besides this.
এতদবধি, এপর্য্যন্ত, ইতি, so far, from or to this.

এতদা, এখন, সম্প্রতি, now, at this time.
এতদাদি, যাহার আদি এই, beginning with this.
এতদাদিতদন্ত, আদ্যন্ত সমুদায় বিবরণ, all the circumstances of any thing from beginning to end.
এতদানীং, এখন, now, at this time.
এতদিতর, এতদ্ভিন্ন, অন্য, another than or different from this person.
এতদুত্তম, ইহাহইতে ভাল, more excellent than this.
এতদেব, এই, অনন্য, স্বরূপ, the very same, same, identical.
এতদ্গত, ইহাগত, ইহাযুক্ত, found or existing in this, attached to this.
এতদ্ধেতুক, এহেতুক, এইজন্যে, এপ্রযুক্ত, for this cause, therefore.
এতদ্বৎ, ঈদৃশ, তুল্য, like or resembling this.
এতদ্বিশিষ্ট, ইহাপ্রাপ্ত, possessed of this.
এতদ্ভিন্ন, ইহাব্যতিরেক, besides this, separate or distinct from this.
এতন্ন, ইহা নয়, এমন নয়, not this, not so; no.
এতন্মনাঃ, এবম্প্রকারমনাঃ, thus minded, thus disposed.
এতন্মাত্র, ইহামাত্র, merely this, only this.
এতর্হি, এখন, এমন, now, at present, thus.
এতল্লোক, ইহলোক, সেই ব্যক্তি, this world, this man, this people.
এতাদৃক্, এতাদৃশ,—তুল্য, ঈদৃক্, এইপ্রকার, similar, such, like; thus.
এতাবৎ, এত, এপর্য্যন্ত, ইতি, thus much, thus far, so much, so many.
এতাবতা, এইপ্রকারে, এইহেতুক, thus, by this means, by this.
এতাবন্মাত্র, এই কেবল, simply this, merely this.
এতাবান্, এতাদৃশ, তুল্য, such, similar.
এতেক, এত, এপর্য্যন্ত, so many, so much, so long.
এথা, এখানে, এস্থানে, অত্র, here.
এনিমিত্ত, এইকারণ, for this cause, on this account, wherefore.
এপর্য্যন্ত, এইঅবধি, thus far, hitherto, till now, still, yet.
এপ্রযুক্ত, এনিমিত্ত, therefore, wherefore, hence, on this account, because.
এব, অবধার্য্য বোধক শব্দ, নিশ্চিত, *(emphatic affix:)* even, indeed.
এবং, আর, এইপ্রকার, অধিকন্তু, and, also, likewise, moreover.
এবম্প্রকার, এবম্বিধ, এবম্ভূত,—ঈদৃশ, এইপ্রকার, such, such like, of this sort.
এবার, এসময়, this time, this once.

এবে, এখন, ইদানী, now, at this time.
এমত, এমন, এমনি,—ঈদৃশ, thus, such.
এমতে, এমনে, এমনি,—এপ্রকারে, thus, so, in this manner.
এরণ্ড, ভেরেণ্ডা বৃক্ষ, the castor shrub.
এরূপ, ঈদৃশ, এমন, such, thus, so.
এলা, এলাইচ, এলাচি, the cardamum plant, cardamums.
এলুয়া, খোলা, অসংলগ্ন, আলসিয়া, loose, unconnected, random, confused, discomposed, trifling, unengaged, idle.
এলুয়ান, খোলন, to untie, loosen, disengage.
এষ, এই, this.
এহেতুক, এইজন্যে, এইকারণ, on this account, hence.

ঐ.

ঐ, অই, কিঞ্চিৎ দূরস্থিত বস্তু, that, yon, yonder.
ঐকমত্য, সম্মতি, ঐক্য, সমানতা, a confederacy, conspiracy, agreement, sameness, similarity.
ঐকাগ্র্য, ঐক্য, অভিনিবেশ, মনোযোগ, consistency, devotedness to one object.
ঐকান্তিক, নিতান্ত, অত্যন্ত, complete, entire, excessive, much, relating to one thing.
ঐকাহিক, একদিনান্তর জ্বর, tertian, (fever and ague).
ঐক্য, একতা, মিলন, বন্ধুতা, একুন, unity, oneness, amity, reconciliation, union, agreement, total, aggregate.
তেজস্বী, সচেষ্ট, প্রতাপান্বিত, লঘুতার অসহিষ্ণু, দীপ্তিমন্ত, ardent, energetic, active, high-spirited, luminous, splendid, famous. [pungent.

তেজাল, সত্বর, দীপ্তিমান, তীব্র, active, energetic, bright, hot,

তেজিত, শানিত, মার্জ্জিত, whetted, sharpened, polished, burnished. [ing.

তেড়া, বক্র, টেরচা, টেরাদৃষ্টি, crooked, warped, awry, squint-

তেতান, ভিজান, to wet, moisten, make damp.

তেতালা, তিনতালাযুক্ত গৃহ, three storied, having three stories.

তেপান্তর, প্রশস্ত মাঠ, a wide-extended plain. [manner, so.

তেমত, তেমন,—সেইপ্রকার, such, similar, like that; in that

তেমনি, নিতান্ত সেইরূপ, so, even so, in that manner; such.

তেলচাটা, তেলাপোকা—আরসুলা, a cockroach.

তেলা, চিক্কণ, স্নিগ্ধ, oily, greasy.

তেলাঙ্গা, সৈন্য, যোদ্ধা, পিপীলিকা বিশেষ, a soldier, a native of the Telinga coast, a species of red ant.

তেলাটিয়া, তৈলাক্ত, smelling of or stained with oil, oily.

তেলী, তৈলিক,—কলু, an oilman, an oil presser or seller.

তৈজস, পিত্তলাদি নির্ম্মিত দ্রব্য, ধাতুময়, metalic, made of metal.

তৈত্তিরীয়, যজুর্বেদী, of or relating to the Yajŭr Veda, studying the Yajŭr Veda.

তৈত্তিরীয়ক, যজুর্বেদবেত্তা, a follower of the Yajŭr Veda.

তৈল, তেল,—তিলসার, বসা, oil, fat, unctuous matter.

তৈলঙ্গ, দেশ বিশেষ, তদ্দেশীয়, সেনা, the Telinga coast, a soldier.

তৈলপা, তৈলপায়িকা,—তেলচাটা, a cockroach.

তৈলস্ফটিক, তৃণগ্রাহী, amber or some similar gem.

তৈলাকর, তিলসর্ষপাদি, seeds &c. from which oil is expressed.

তোক, সন্ততি, পুত্রপুত্রী, a child, offspring, son or daughter.

তোড়-১, অতিশয় জলবেগ, the violence of a stream.

তোড়ন-আন, খণ্ডন, ভাঙ্গন, তিরস্করণ, নিন্দন, to break, to change money for smaller coin, to dishonor, calumniate, criminate, abuse.

তোড়নী, নদীর জীর্ণ তীর, a mouldering bank or precipice.

তোড়ল, বলয়, বালা, an ornament for the wrist. [house.

তোড়া, থৈলী, পয়হুণ্ডী, a purse, bag of money, the eaves of a

তোড়ানি, আমানী, কাঞ্জী, টাকাভাঙ্গা, rice-gruel, rice-water, the changing of money.

তোতলা, জড়বক্তা, অস্পষ্ট কথক, a stammerer, one who stutters.

তোপড়া, পুলিন্দা, a bundle, parcel, portmanteau.

তোবড়ন, কোঁকড়ন, শুকন, to shrivel up, wrinkle, shrink up.

তোয়, জল, সলিল, বারি, water.

তোয়ধি, তোয়নিধি,—সমুদ্র, সাগর, the sea, the ocean.

তোরণ, চাঁদনী, বারাণ্ডা, a porch, arched gateway, portal, outer door, a porch near a ghát, a mound.

তোলক, তোলা,—আশী রত্তিকা পরিমাণ, a rupee's weight, (of gold or silver.)

তোলন, উত্থাপন, উত্থান, ছোলন, উৎপাটন, উদ্গারণ, to raise a weight, lift or take up, peel, strip, pull off, erase, root up, vomit.

তোলাকাপড়, অসাধারণ দুর্মূল্য বস্ত্র, holiday clothes, high-priced dresses.

তোষ, হর্ষ, আনন্দ, pleasure, satisfaction, happiness, joy, gladness, gaiety, vivacity.

তৌল, পরিমাণ ক্রিয়া, গুরুতা, a weighing, weight.

ত্যক্ত, বিবর্জিত, ছাড়া, বিরক্ত, ক্লিষ্ট, left, resigned, relinquished, deserted, abandoned, wearied, teased, importuned.

ত্যজন, বিবর্জন, ছাড়ন, to leave, relinquish, quit, abandon, forsake, avoid, divorce.

ত্যাগ, ছাড়া, বিবর্জনা, উৎসর্গ, relinquishment, desertion, abandonment, the presenting of an offering or oblation to the gods.

ত্যাগী, বিবর্জক, relinquishing, abandoning, &c.

ত্যাজ্য, বিবর্জনীয়, to be left, relinquished, or avoided &c.

ত্রপা, ব্রীড়া, লজ্জা, modesty, bashfulness, shame, ignominy.

ত্রপিত, ত্রপান্বিত,—লজ্জিত, লজ্জান্বিত, ashamed, bashful, modest.

ত্রয়, তিন, তিনের পূরণ, *an affix*. three, the third.

ত্রয়ী, ঋক যজুঃ সাম এই তিন বেদ, the three Vedas.

ত্রসরেণু, অণু, অতিসূক্ষ্ম বস্তু, an atom, the mote in a sunbeam.

ত্রস্ত, ত্রস্ত,—ভয়ালু, ত্বরান্বিত, alarmed, timid, fearful, fearing, afraid, impatient, hurried, in a hurry.

ত্রাণ, রক্ষা, উদ্ধার, preservation, protection, safety, salvation, deliverance, rescue.

ত্রাত, রক্ষিত, উদ্ধৃত, saved, preserved, guarded, protected, rescued, delivered.

ত্রাতা, রক্ষাকর্ত্তা, রক্ষক, a saviour, deliverer, guardian, &c.

ত্রাস, ভয়, শঙ্কা, fear, terror, dread, awe, alarm, timidity.

ত্রাসিত, ভয়াম্বিত, শঙ্কিত, terrified, affrighted, afraid, alarmed.

ত্রাসী, ত্রাসিয়া,—ভয়যুক্ত, ভীত, শঙ্কাম্বিত, fearful, timid, timorous, shy, alarmed.

ত্রাহি, রক্ষা করহ. *a Sanscrit precative*: save! deliver!

ত্রি, তিন, কিন্তু শব্দ বিশেষের সহিত প্রয়োগ হয়, three.

ত্রিকচ্ছ, পণ্ডিতের বস্ত্র ধারণ বিশেষ, tucked in three folds, (as a Pundit's garment).

ত্রিকটু, মরিচ পিপুল শুণ্ঠ মিশ্রিত দ্রব্য, the three spices, or dried ginger, with long and black pepper.

ত্রিকাল, ভূত বর্ত্তমান ভবিষ্যৎ, the three times, past, present and future.

ত্রিকুল, পিতৃমাতৃশ্বশুরকুল, the three families of one's father, mother and wife's father.

ত্রিগুণ, সত্ত্বরজঃতমঃ, তিনবার, the three principles of matter, existence, activity and inertness, the three sentient properties of goodness, passion and stupidity; three-fold, thrice.

ত্রিগুণাতীত, ব্রহ্ম, Brahma as independant of the properties of matter.

ত্রিজগৎ, স্বর্গমর্ত্যপাতাল, the three worlds, or heaven, earth and hell.

ত্রিতয়, তৃতীয়, তিনের পূরণ, third, the third.

ত্রিদশ, সামান্য দেবতা, a deity or god as subject to birth, being and destruction.

ত্রিদশারি, অসুর, an infernal spirit or enemy of the gods.

ত্রিদশালয়, স্বর্গ, the abode of the gods, heaven.

ত্রিদিব স্বর্গ, আকাশ, Swarga, heaven, the sky, the atmosphere.

ত্রিদিবেশ, সামান্য দেবতা, a god, a deity.

ত্রিদোষ, পিত্তরক্তশ্লেষ্মবিকার, a vitiated state of the three humours, bile, blood and phlegm.

ত্রিধা, তিনপ্রকার, of three sorts or kinds.

ত্রিপত্র-ক, যাহার তিন পত্র হয়, three-leaved, trifoliate, three-forked.

ত্রিপদী, তেপায়া, অর্ঘ্য পাত্রের আধার, a tripod, a triangular stand used in religious ceremonies.

ত্রিপুণ্ড্র, তিন রেখার তিলকযুক্ত, having three curved horizontal marks on the forehead.

ত্রিফলা, আমলকী হরীতকী বয়ড়া এই তিন, the three medicinal fruits.

ত্রিবর্গ, ত্রিগণ,—ধর্ম্মার্থকাম, উৎপত্তিস্থিতিধ্বংস, the three objects of human pursuit or love, wealth and religious merit: also other triplets.

ত্রিবিক্রম, বিষ্ণুর বামনাবতার, Vishnu as the dwarf taking the three steps over the three worlds to the discomfiture of Bali.

ত্রিভঙ্গ, কৃষ্ণের তিনবাঁকযুক্ত মূর্ত্তি বিশেষ, having three bends, (as the images of Chrishna.)

ত্রিভুবন, ত্রিলোক,—স্বর্গমর্ত্যপাতাল, the universe or three [worlds.

ত্রিমূর্ত্তি, ব্রহ্মাবিষ্ণুশিব, তিনাকার, the Hindu triad, or united form of Brahmá, Vishnu, and Shiva; having three forms.

ত্রিযামা, রাত্রি. যমুনা নদী, night, the Jumna river.

ত্রিযোনি, লোভাদিজনিত বিবাদ. a lawsuit engaged in from anger, covetousness or infatuation.

ত্রিলোচন, ত্রিচক্ষুঃ অর্থাৎ শিব, Shiva or the three-eyed.

ত্রিশূল, ত্রিকাঁটা, শিবের অস্ত্র, a trident, three pronged spear, Shiva's crest.

ত্রিসন্ধ্যা, পূর্ব্বাহ্ন মধ্যাহ্ন অপরাহ্ন, the three periods of the day, [dawn, noon and evening.

ত্রিহায়নী, তিনবৎসরের বকনা, a three year old heifer.

ত্রুটি, ক্ষতি, নাশ, অপচয়, ন্যূনতা, চুক. আজ্ঞালঙ্ঘন. প্রতিজ্ঞার অন্যথা, ভ্রম, ভুল, loss, destruction, failure, diminution, deficiency, defect, fault, crime, transgression, violation of promises and engagements, an error, mistake.

ত্রেতা, দ্বিতীয় যুগ, সংস্কৃত গার্হপত্য দক্ষিণাগ্নিত্রয়, the second Yug, the three fires, *viz:* the southern, household and sacrificial fires.

ত্রৈলোক্য, ত্রিভুবন, the three worlds, upper, middle and lower.

ত্রোটি, ঠোঁট, চঞ্চু, the bill or beak of a bird.

ত্র্যক্ষর, প্রণব, ওঁকার, তিনঅক্ষরযুক্ত, the mystic Om; triliteral.

ত্র্যন্তর, মাঠ, তেপান্তর, an extended plain.

ত্র্যম্বক, শিব, মহাদেব, Shiva.

ত্র্যহস্পর্শ, যে তিথি তিন বারে স্পর্শহয়, a solar day containing part of three lunar days. [every third day.
ত্র্যাহিক, তেযেইয়া জ্বর, তিন দিনের পর উপস্থিত যে, tertian, occurring
ত্বক, ত্বচ্,—স্পর্শেন্দ্রিয়, চর্ম্ম, ছাল, বাকল, the skin, bark, a rind, integument, peel, husk.
ত্বক্ছেদ, মেঢ়ত্বক্কাটন সংস্কার বিশেষ, circumcision.
ত্বক্‌জ্ঞান, স্পর্শজ্ঞান, feeling, touch, perception by the touch.
ত্বক্‌জ্ঞেয়, স্পর্শনীয়, স্পর্শপ্রত্যক্ষ, স্পর্শজ্ঞেয়, palpable, perceptible to the touch, that may be felt.
ত্বঙ্গ, প্রবঞ্চনা, ছলনা, an imposition, trick, deceit.
ত্বদীয়, তোমার, thy, thine, (*Sanscrit.*) [hurry.
ত্বরা, বেগ, শীঘ্রতা, speed, expedition, haste, quickness,
ত্বরায়, ত্বরাতে,—শীঘ্র, ক্ষিপ্র, speedily, quickly, expeditiously, soon, early. [swift; soon.
ত্বরিত, বেগযুক্ত, শীঘ্র, hurried, hastened, quick, expeditious,

থ.

থই, ইষ্টকগৃহাদি নির্ম্মাতা, রাজ, a mason, a bricklayer.
থইপনা, থইমি,—রাজের কর্ম্ম, masonry, the trade of a mason.
থকা, গুচ্ছ, স্তবক, a bunch of fruit or flowers.
থম্‌কান, চম্‌কন, ভয় পাওন, to be startled, to stand still from fear or surprize.
থর, শ্রেণী, পংক্তি, a row, rank, layer. [tottering, vibrating.
থরথর-াণি, অত্যন্তকম্প, নড়নী, a trembling, shaking, palpitation.
থরথরাণ, কম্পন, নড়ন, to tremble, palpitate, to be agitated, to vibrate. [a valley.
থলী, থলিয়া,—গুণ, ছালা বিশেষ, a bag, sack, a pelican's pouch,
থলুয়া, গুচ্ছ, স্তবক. a bunch, a cluster. [udder.)
থলথলিয়া, ঝুলঝুলিয়া, দোলিত, swinging, dangling, (as a cow's
থাই, নদীর তলা, শ্রেণী, মাচা, মত, পক্ষ, the bottom of a river, &c. a row, a shelf, a sect, a party.
থাক্, যতি, ছেদ, শ্রেণী, রহ, তিষ্ঠ, a pause, interval, stratum, layer, a dash in writing; stop, hush, stay.
থাকন, স্থিতিকরণ, তিষ্ঠন, রহণ, টিকন, বাসকরণ, হওন, ছেকন, to stop, cease, stay, remain, continue, subsist, last, endure, live, dwell, exist, be, pause, desist.

থান, থান, টুটি, স্থান, a piece, bit, morsel, a place.

থানা, আড্ডা, চৌকীস্থান, দস্যুরক্ষকাদির মিলনস্থান, a military post, a police station, watch-house, place of resort for thieves, a haunt.

থাবা, করতল, নখ, চড়, পূর্ণমুষ্টি, the hand, a paw, claw, talon, fang, a slap, blow, handful.

থাম, স্তম্ভ, a pillar, post, stake, block.

থামন, জুড়ন, শান্ত হওন, মিটন, টুটন, থিতন, to become calm or tranquil, to cool, forbear, desist, abate, decline in zeal, to slacken one's pace, settle as liquids, subside.

থাল-া, ধাতুময় ভোজনপাত্র, a metal dish, a tray, a plate.

থালী, পাত্র, বাসন, a vessel, dish, pot, basin.

থাসন, ছানন, ঠাসন, গাদন, to knead, tread, press, ram, compress, load a gun. [side.

থিতন, চঞ্চলদ্রবদ্রব্যের স্থির হওন, to settle as liquids, to sub-

থু, থুক, থুথু,—থেপ, পিক্, নিষ্ঠীব, ঘৃণার্থ, ছিছি, spittle, saliva, any abomination; fye! for shame!

থুওন, রাখন, স্থাপন, নাম দেওন, to place, lay down, fix, appoint, give a name to, to spit, spit out.

থুকন, থুথু ফেলন, নিষ্ঠীবন, to spit, to expectorate.

থুতনী, চিবুক, ওষ্ঠের অধোভাগ, the chin.

থুবা, গুচ্ছ, ঝাবা, a tuft, cluster, bunch, tassel.

থুরণ, কুচন অর্থাৎ কুচি২ কাটন, to cut or chop to pieces, to hack, to mince.

থৈলী, বেটুয়া, বোরা, গুণ, a purse, a bag, a sack.

থোওন, রাখন, গচ্ছান, to place, put, set down, leave with.

থোক, সঞ্চয়, রাশি, পিণ্ড, একুন, a collection, heap, lump, a whole or aggregate.

থোড়, কলিত কদলী বৃক্ষের গর্ভ, the spatha or sheath of the plantain, the young ear of corn or grass before it shoots from the culm or stalk.

থোড়া, কিঞ্চিৎ, অল্প, few, little.

থোড়াল, মোটা অর্থাৎ বিকশোদ্যত, plump, or swollen as grain or as the plantain when ready to shoot from the stem or culm.

থোপ-া, থোপনা, থোবা,—ঝাবা, স্তবক, a tassel, a bunch, a cluster.

থোপলা, মুখ, আনন, আস্য, the face, the mouth.

দ.

দই, দধি, curds, thickened milk. [a gadfly.

দংশ, দন্ত, হুল, সাপ, ডাঁশ, a tooth, fang, sting, bite, a snake,

দংশন, কামড়ান, দন্তাঘাত, to bite, to sting; a bite, &c.

দংষ্ট্র, দন্ত, রদন, হুল, a tooth, a fang, a sting.

দংষ্ট্রা, বিষাণ. বৃহদ্দন্ত, a tusk, fang, large tooth. [a snake.

দংষ্ট্রী, কামড়ানিয়া, হিংসুক, শূকরসর্পাদি, biting, stinging; a hog,

দক্ষ, নিপুণ, চতুর, পণ্ডিত, clever, dextrous, able, skilful, expert, acute, ingenious; a scholar, a pundit.

দক্ষিণ, উদিতসূর্য্যের বামদিক্, ডাহিণ, যমের আবাস, the south, the right side, the right hand, the abode of Yama; south, southern, right, (not left.)

দক্ষিণা, কর্ম্মের শেষাঙ্গ, গুরুর বেতন, the fee or present to a brahmin or a preceptor. [from N. to S.

দক্ষিণায়ন, শ্রাবণাদি ছয় মাস, the period of the sun's course

দগ্ধ, পোড়া, জ্বলিত, ভাজা, অগ্নিহত, burnt, scorched, singed, consumed. [afflict.

দহন, পোড়ান, খেদড়ান, to burn, scorch. calcine distress,

দগ্ধা, অমঙ্গল তিথি বিশেষ, unpropitious, (spoken of certain lunar days.)

দগ্ধিকা, ভাজা ধান্য, scorched or half burnt rice.

দড়, দঢ়,—শক্ত, কঠিন, মড়কা, firm, hard, tough, stiff, stout, stern, brittle.

দড়া, দীর্ঘ স্থূলরজ্জু. a thick cord, a rope.

দড়ী, রজ্জু, a cord, string, thin rope, line.

দণ্ড, যষ্টি, লড়ী, হাতা, প্রকাণ্ড, নিগ্রহ, শাসন, দম, ষষ্টিপল পরিমিত কাল, a pilgrim's staff, a stick, handle, the trunk of a tree, a stem, oar, sceptre, a pole of four cubits, punishment, chastisement, a fine, an hour of twenty-four minutes. [tion.

দণ্ডবৎ, দণ্ডের ন্যায়, like a stick; a bow, obeisance, prostra-

দণ্ডান, তিষ্ঠন, দাঁড়ান, to stand still, stand erect.

দণ্ডায়মান, দাঁড়ান, খাড়া, standing still, erect, upright.
দণ্ডাশ্রম, বিষয়ত্যাগ, সন্ন্যাসধর্ম, the condition of a pilgrim.
দণ্ডাশ্রমী, দণ্ডী,—বিষয়ত্যাগী, সন্ন্যাসী, retiring from the world, assuming the pilgrim's staff; a pilgrim, a religious mendicant.
দণ্ড্য, দণ্ডনীয়,—শাসনীয়, দাপনীয়, নিগ্রহণীয়, punishable, deserving of punishment, liable to fine.
দত্ত, যাহার দান করা গিয়াছে, পদবী বিশেষ, given, bestowed; a title given to Vaisyas and some Káyasthas.
দত্তকপুত্র, নিজপিতৃমাতৃত্যক্ত যে পোষ্য পুত্র, an adopted son (given up by his parents.)
দত্তা, বিবাহসম্বন্ধা, বাগ্দত্তা, *f*: given in marriage, betrothed.
দত্তাত্মা, স্বদত্ত পালকপুত্র, an adopted son, (self-given).
দদ্রু, কণ্ডুরোগ, দাদুরোগ, cutaneous or herpetic eruptions, ring-worm.
দধি, ঘনীভূত দুগ্ধ, ছেনা, curds, coagulated milk.
দনুজ, অসুর, দৈত্য, an Asur or demon, an infernal being.
দন্ত, দাঁত, বিষাণ, দশন, a tooth, tusk, fang.
দন্তী, হস্তী, an elephant.
দন্তমূল, শিকড়, দাঁতের গোড়া, the root or socket of a tooth, the gums.
দন্ত্য, দন্ত সংযোগে উচ্চারিত, dental, referring or belonging to the teeth.
দন্তুর, দাঁতাল, বৃহদ্দন্তী, having large or projecting teeth.
দপট, দর্প, অহংকার, নিষ্ঠুরতা, pride, arrogance, self-importance, severity.
দবন-আন, মর্দন, দলন, to trample, tread under foot.
দব্‌কন, চম্‌কন, হটন, to start at, be startled, retreat.
দবিষ্ঠ, অতিশয় দূর, অনিকট, very distant, remote, far off.
দবীয়ান, দূরতর, কনিষ্ঠ, farther, more distant, remote, youngest.
দম, শাস্তি, অন্তরিন্দ্রিয়ের নিগ্রহ, গরিমা, গর্ব, ফুসলানি, punishment, penalty, self-command, self-restraint, command of the passions, &c. a boast, ambition, wheedling, coaxing.
দমন, বশীকরণ, শাসন, আট্‌কান, নিগ্রহণ, ধম্‌কান, তাড়ন, to subdue, subject, reduce, tame, restrain, suppress, punish, reprimand, torment, dethrone.

দম্কল, ভারি দ্রব্য তুলনার্থ যন্ত্র বিশেষ, a screw jack, a crane.
দম্কলী, জল প্রক্ষেপণার্থ ক্ষুদ্র কল বিশেষ, a syringe, a squirt.
দম্কান, বৈসন, to sink, fall lower, sink down, settle.
দম্পতি, জায়াপতি, স্ত্রীপুরুষ, husband and wife.
দম্ভ, অহংকার, কপট, দুষ্টামি, pride, arrogance, self-importance, boasting, bullying, deceit, cheating, hypocrisy, wickedness.
দয়া, পরদুঃখ হরণের ইচ্ছা, করুণা, ক্ষমা, অনুগ্রহ, pity, compassion, sympathy, kindness, clemency, mercy, lenity, indulgence. [cious, merciful.
দয়ালু, কৃপাবন্ত, ক্ষমাশীল, compassionate, sympathizing, gra-
দয়িত, অনুগৃহীত, favoured, compassionated, accepted.
দরণ, পঙ্কন, পচন, বিগড়ন, to moulder away, decay, spoil.
দর্মা, ঘাস বিশেষ, তন্নির্ম্মিত আসন, a species of long grass, a mat made of it used for building huts and fences.
দরা, জীর্ণ, পচা, mouldering, putrid.
দরিদ্র, অত্যন্ত ধনহীন, দুঃখী, poor, needy, indigent, distressed, wretched.
দরী, পর্ব্বতের ছিদ্র, গহ্বর, কন্দর, সতরঞ্চী, আধুনিক, a cave, cavern, grotto, glen, valley, a carpet; modern, new.
দর্প, অহঙ্কার, আত্মশ্লাঘা, উৎসাহ, বিক্রম, প্রভা, pride, arrogance, self-importance, a boast, courage, power, energy, splendour.
দর্পণ, আর্শি, নেত্র, a mirror, looking glass, the eye.
দর্পিত, দর্পী, —দাম্ভিক, গরিমান্বিত, proud, arrogant, boasting, self-important, insulting.
দর্বী, হাতা, a ladle, a spoon.
দর্ভ, কুশ ঘাস, যজ্ঞের তৃণ, the Cusha or sacrificial grass.
দর্শন, দেখন, আলোচন, ভেটন, উদিত হওন, প্রত্যক্ষ হওন, to see, view, observe, survey, visit, appear, come into view, be seen.
দর্শন, দৃষ্টি, আলোকনা, ভেটা, স্বপ্ন, চক্ষু, বেদান্তাদি ছয় শাস্ত্র, sight, view, vision, an interview, survey, prospect, scene, a visit, a dream, the eye, a philosophical school or system. [meeting.
দর্শনী, ভেট, পারিতোষিক, a sight offering, a present at

দর্শান, দেখান, প্রকাশন, to shew, exhibit, expose, display, explain. [rent, visible.
দর্শিত, নিরীক্ষিত, উদিত, প্রকাশ, seen, shewn, exhibited, appa-
দর্শী, নিরীক্ষক, seeing, viewing, beholding, &c.
দল, কোষ, ভাগ, খণ্ড, অনেকের ঐক্য, সৈন্যসংগ্রহ, রাশি, পর্ণ, পত্র, পাল, দাম, স্থূলতা, a sheath, scabbard, a part; portion, fragment, a party, division, body of troops, a heap or quantity, a leaf, blade of grass, petal, a sail, duckweed, &c. the thickness of a board, &c.
দলক, অনবরত বৃষ্টিপাত, কাদাযুক্ত, soaking, heavy, incessant, (as rain,) thick or heavy (as a road after rain.)
দলন-আন, মর্দন, মাড়ান, চাপন, বাটন, to tread down, trample, knead, bruise, press.
দলিত, মর্দিত, বিদীর্ণ, খণ্ডিত, বিকশিত, trodden, split, divided, broken, full blown, expanded.
দলুয়া, খাঁড়, অন্নপিণ্ড, জলজমিয়া, a sort of sugar, a ball of rice; boggy, quaking.
দশ, দ্বিগুণ পঞ্চ, ten.
দশক, দশ গণ্ডা, ten gandas (in arithmetic.)
দশকিয়া, গণিত শাস্ত্র, a small treatise on numeration.
দশন, দন্ত, রদন, a tooth. [different roots.
দশমূল, পাঁচন বিশেষ, a medicament prepared from ten
দশা, অবস্থা, গতি, বয়স্, দীপবর্ত্তি, বস্ত্রের শেষ, a state, condition, circumstance, situation in life, period of life, the wick of a lamp, end of a garment, &c.
দশাহীন, দুর্ভাগ্য, অনাথ, unlucky, destitute, forlorn.
দস্তা, ধাতু বিশেষ, pewter, zinc, lapis calaminaris.
দস্যু, চোর, ডাকাইৎ, সিঁধাল, দৌরাত্ম্যকারী, a robber, plunderer; thief, housebreaker, an oppressor.
দহ, গহ্বর, আবর্ত্ত, a deep place in a river, an abyss, eddy.
দহন, জ্বলন, অগ্নি, পোড়া, to burn, be consumed; fire, a burning, combustion.
দা, কাঁচি, কাতান, a sickle, bill-hook, cleaver.
দাউদ, দদ্রু, a ringworm, a tetter.
দাউনিয়া, শস্যচ্ছেদক, a reaper, a corn-cutter.

দাওন, শস্যছেদন, তৃণকাটন, to reap, to mow.
দাক্ষ্য, নৈপুণ্য, skill, cleverness, capacity, address.
দাঁড়, নৌকাদণ্ড, আড়বাড়ি, নিগ্রহ. দম, an oar, a perch for birds, a fine, punishment.
দাড়-1, দন্ত, রদন, নখ, হনু, চঞ্চু. চিবুক. a tooth, fang, serrature, the claw of a crab; forceps of an insect, bill of a bird, ward of a key. the chin.
দাঁড়া, রীতি, ব্যবহার. আচার, ধারা, যষ্টি, উক্ত. মেরুদণ্ড, নিগৃহীত, দাপিত. খাড়া, a custom, practice, usage, conduct, behaviour, way. method, mode, a staff, a bat, a clew, guide, the back-bone, a balk or ridge; punished, fined, standing, upright.
দাঁড়ান, দণ্ডায়মান থাকন, স্থিতন, to stand, stand erect or still.
দাড়ি, দাড়ি,—ওষ্ঠের অধোভাগ, চিবুক, তৎস্থানে ধারিত কেশ অর্থাৎ শ্মশ্রু, the chin, the beard.
দাড়িম, ডালিম বৃক্ষ, the pomegranate tree or its fruit.
দাঁড়ী, নৌকাবাহক, নাবিক, আলি, তুলাদণ্ড, মূঢ়, ছেদসূচক রেখা, a rower, boatman, waterman, a balk, ridge. scale-beam, an ignorant person, the stop (।) in writing.
দাণ্ডা, গদা, লাঠী, a club, cudgel, bat, bar.
দাঁত, দন্ত, রদন, বিষাণ, a tooth, serrature, tusk.
দাঁতাল, বৃহদ্দন্তী, বনশূকর, having large teeth or tusks; a boar.
দাঁতুয়া, বৃহদ্দন্ত বিশিষ্ট, large-toothed, having projecting teeth.
দাতা, দাতৃ,—যে দান করে, দানশীল, বদান্য, a giver, donor, bestower; generous, charitable, bountiful, munificent, liberal.
দাত্র, কাচী, কাতান, a sickle, bill-hook, cleaver.
দাদা, জ্যেষ্ঠভ্রাতা, পিতামহ, an elder brother, a grandfather.
দাদু, দক্রু, a ring-worm.
দান, অর্পণ, উৎসর্গ, ত্যাগ, ভিক্ষা, a gift, donation, present, largess, alms.
দানপত্র, বৃত্তিদান লিপি, উত্তরাধিকার লিপি, a deed of gift, a grant, a will, a testament.
দানব, দানো,—অসুর, a demon, evil spirit, an Asur.
দানবারি, সামান্য দেবতা, a god, a deity.
দানশৌণ্ড, অতিশয় দাতা, বদান্য, exceedingly generous, liberal, bountiful.

দানা, দৈত্য, ভূত, দেবসৈন্য, মটরাদি, বীজ, মুক্তা, মালা বিশেষ, a demon, spectre, ghost, the troops of the gods, corn, a seed, grain of corn or sand, a pearl, a gem, a sort of neck-lace.

দানী, দানপ্রাপ্ত, দানশীল, receiving gifts or alms, liberal, [bountiful.

দাপুরা, নিবেদিত, ত্যক্ত, offered, given in oblation.

দান্ত, সুশাসিত, বশীভূত, জিতেন্দ্রিয়, তপস্যার ক্লেশ সহিষ্ণু, subdued, tamed, daunted, devoted, patient under privation or penance, &c.

দান্তি, বশতা, পরাভব, ইন্দ্রিয়নিগ্রহ, subjection, submission, humiliation, self-denial, patient endurance of austerities or privations.

দাপ. পাসারা, প্রতাপ, দর্প, a stamping violently, potency, [pride.

দাপনীয়, দাপ্য.—দণ্ডযোগ্য, punishable, fineable, amenable.

দাপন-আন, পাসারণ, পাসারিয়া ফেলন, to stamp, shake off by stamping.

দাপিত. অপরাধিত, বিচারসিদ্ধ, condemned, fined, adjudged, [awarded.

দাবন-আন, চাপন, ঠাসন, মাড়ান, ছাপন, অপহরণ, ইন্দ্রিয়দমন, to squeeze, press down or together, flatten, smoothe, stifle; quash, conceal, peculate, to subdue or govern the passions.

দাবাগ্নি. দাবানল,—বনের অগ্নিদাহ, the conflagration of a forest.

দাম, মূল্য, রজ্জু, শেয়ালা, price, cost, a rope, a girdle, &c. pond-weed.

দামড়া, বলদ, মুষ্কমুক্ত ষণ্ড, an ox, castrated bullock, gelding.

দামন্, দামনী,—রজ্জু, দড়ী, পট্টিকা, বস্ত্রের নীচভাগ, a rope, string, cord, tethering rope, girdle, ribband, the flap or skirt of a garment.

দামা, গঁওয়ার, দড়ী, a clown, a rope, a cord, a species of bird.

দামা, দামামা,—বৃহড্ঢক্কা, a species of drum.

দামাল, কচিছেলা, দুরন্ত শিশু, চিড়চিড়িয়া, a brat, a cross child; peevish, changeable, capricious.

দাম্ভিক, অহংকৃত, আত্মশ্লাঘী, proud, boasting, blustering, imperious, hypocritical.

দায়, দান, বৈবাহিক ধন, অধিকার, পৈতৃক ধন, বিপত্তি, ক্লেশ, ভয়, বিভাগ, অবক্ষেপ, আঘাত, স্বত্ববাদ, খণ্ডাদান, ছল.

ভেদ, ঋণশোধপত্র, অভিযোগ, a gift, donation, nuptial present, portion, inheritance, heritable property, danger, difficulty, loss, destruction, trouble, a breaking, dividing, irony, a charge, allegation, law-suit, pretension, tenure, debt, responsibility, a place, a scite, reference or relation to, a quittance, discharge, indemnification. [cent; a giver, accuser.

দায়ক, যিনি দেন, দানশীল, দোষক, giving, bountiful, munificent; a giver, accuser.

দায়াদ, পুত্র, উত্তরাধিকারী, জ্ঞাতি, স্বত্ববাদী, a son, an heir, a kinsman who may inherit, a claimant.

দায়ার্হ, বিবাদ্য, claimable, cognizable at law.

দায়ী, দায়ক, দানশীল, ঋণগ্রস্ত, ক্লেশযুক্ত, ভারগ্রস্ত, প্রতিবাদী, giving, liberal, responsible; a debtor, one in trouble, a defendant, (in a law suit.)

দার-া, স্ত্রী, পত্নী, জায়া, a wife, a married woman.

দারকর্ম্ম, দারক্রিয়া,—বিবাহ, পাণিগ্রহ, marriage.

দারণ, কাড়ন, কাটন, to tear, rend, split, divide, crack.

দারদ, বিষ বিশেষ, পারা, হিঙ্গুল, সমুদ্র, a sort of poison, quicksilver, vermillion, the ocean. [ness.

দারিদ্র্য, নির্ধনতা, poverty, indigence, distress, wretchedness.

দারী, সপত্নীক, ব্যভিচারী, having a wife or wives, an adulterer. [wine, gunpowder.

দারু, কাষ্ঠ, মদিরা, বারুদ, wood, timber, spirituous liquors, wine, gunpowder.

দারুক, পুত্তুলা, a doll, a puppet, Chrishna's charioteer.

দারুচিনী, দারুচীনী, cinnamon. [from wood.

দারুজ, দারুময়,—কাষ্ঠনির্ম্মিত, wooden, made of or produced from wood.

দারুণ, ভয়ানক, কঠিন, অসহ্য, অকরুণ, frightful, terrific, difficult, hard, cruel, unfeeling.

দার্ঢ্য, দৃঢ়তা, কাঠিন্য, firmness, hardness, stability, strength.

দার্শনিক, দর্শনবেত্তা, acquainted with the Darshans, of enlarged views, [simile, an archetype.

দার্ষ্টান্ত, উপমিত, উপমেয়, আদর্শ, the thing elucidated by a simile, an archetype.

দাল-ী কলায় প্রভৃতি, split peas or other pulse.

দাড়িম, দাড়িম্ব ফল, the pomegranate. [Shúdra, fisherman.

দাস, ভৃত্য, কিঙ্কর, কৈবর্ত্ত, শূদ্র, a servant, slave, bondsman,

দাসী, ক্রীতদাসী, শূদ্রী, a slave girl, maid servant; the wife of a slave or Shúdra.

দাস্য, সেবাজীবিকা, দাসত্ব, slavery, servitude, dependance; [servile, slavish.

দাহ, জ্বালা, তাপ, a burning, a conflagration, inflammation, heat.

দাহন, পোড়ান, তাপান, to burn, sear, inflame, cauterize.

দাহস্থল, শ্মশান, a place where the dead are burned.

দিক্, দিশ্,—পূর্ব্বাদি দশ, ককুভ, দেশ, পক্ষ, a point, quarter, region, side, part, party.

দিক্পতি, দিক্পাল—ককুভাধ্যক্ষ, the regent of one of the quarters of the world.

দিকে, দিগে,—কাছে, পানে, নিকটে, to, towards.

দিগম্বর, বিবস্ত্র, উলঙ্গ, বস্ত্রহীন, শিব, সন্ন্যাসী, naked, stripped, unclad; Shiva, a naked mendicant.

দিগ্দর্শন, সর্ব্বত্রাবলোকনা, a general view, survey, look round.

দিগ্দাহ, বিশ্বের অগ্নিদাহ, a universal conflagration of the world.

দিগ্ধ, বিষাপিত বাণ, অক্ত, a poisoned arrow; smeared, anointed, rubbed with.

দিগ্বাসাঃ, উলঙ্গ, শিব, কালীদেবী, naked; Shiva, Káli.

দিগ্বিজয়ী, বিশ্বজিতনিয়া, conquering the universe, invincible.

দিগ্বিদিক্, সকলদিগ, সর্ব্বত্র, every quarter, every direction, every where.

দিগ্ভ্রমণ, পর্য্যটন, a wandering about, a roving, voyaging.

দিৎসা, দানশীলতা, generosity, a wish to give.

দিৎসু, দানশীল, বদান্য, desirous to give, generous, liberal.

দিধিষূ, দোপড়া স্ত্রী, দোপড়া স্ত্রীর পতি, a virgin widow remarried, or her husband.

দিন, সূর্য্যাবচ্ছিন্ন কাল, অহোরাত্র, day time, a day, time, date.

দিনকর, দিনপতি, দিনমণি—সূর্য্য, the sun.

দিনপাত, কাল যাপন, কালবহা, উপজীবিকা, the spending, passing or lapse of time, a livelihood.

দিনমান, দিবসকাল, day, daytime.

দিনিকা, দিবসিক বেতন, a day's wages, daily hire.

দিব, দিবি,—আকাশ, অন্তরীক্ষ, the sky, the atmosphere.

দিবস, দিন, a day.

দিবসিক, আহ্নিক, প্রতিদিনের, daily, diurnal, proper for the day.

দিবসীয়, দিবসকালের, আহ্নিক, of or belonging to the day.
দিবা, দিনমান, দিবসকালে, day; by day, in the day time.
দিবাকর, সূর্য্য, the sun. [day, an owl, &c.
দিবান্ধ, যাহারা দিনে দেখিতে না পায়, পেচকাদি, unable to see by
দিব্য, ঐশ্বরী, উত্তম, সুন্দর, শপথ, divine, excellent, beautiful; an oath. [couragement.
দিব্যি, শপথ, আশ্বাস দেওয়া, an oath, an appeal to God, en-
দিশা, দিক্, ককুভ, a point of the compass, quarter, region.
দিশাহারা, পথভুলিয়া, lost, bewildered. [fate, destiny.
দিষ্ট, বিদিত, দর্শিত, শুভাশুভ, known, shewn, pointed out;
দীক্ষক, পুরোহিত, গুরু, a priest, a spiritual guide.
দীক্ষা, ভজনা, পূজারম্ভ, মন্ত্রগ্রহণ, the performance of worship, oblation or sacrifice, the preliminary ceremonies, the receiving of instruction or the initiatory mantra or incantation.
দীক্ষিত, ভজনাপ্রবৃত্ত, উপদেশক, মন্ত্রদায়ক, engaged in worship, sacrifice or oblation, imparting instruction, giving the initiatory mantra.
দীগী, দীঘী,—দীর্ঘিকা, দীর্ঘজলাশয়, an oblong pond.
দীন, দীনহীন,—দরিদ্র, দুঃখিত, poor, needy, distressed, miserable, wretched.
দীনার, স্বর্ণালঙ্কার, মুদ্রা, a golden ornament, a seal, a certain coin, a dinar, a certain weight of gold.
দীপ-ক, বর্ত্তি, বাতী, উল্কা, a lamp, light, candle, torch.
দীপক, প্রকাশক, জ্বালানিয়া, শোভাকর, অলঙ্কার, enlightening, illuminating, kindling, inflaming, beautifying, perspicuous; a rhetorical beauty, elegance of expression.
দীপন, শোভন, প্রজ্বলন, to shine, blaze, be luminous or light.
দীপাধার, বাতীর আধার, a lamp stand, a candlestick.
দীপান্বিত, শোভান্বিত, brilliant, luminous, clear, perspicuous.
দীপিত, দীপ্ত,—প্রজ্বলিত, প্রকাশিত, শোভান্বিত, ব্যক্তীকৃত, lighted up, blazing, made to shine, luminous, splendid, made clear, elucidated.
দীপ্তি, শোভা, প্রকাশ, সৌন্দর্য্য, light, splendour, brilliancy, effulgence, illumination, beauty.

দীপ্তিমান, দীপ্র,—প্রকাশমান, উজ্জ্বলিত, শোভান্বিত, luminous, shining, bright, refulgent, illustrious.

দীপ্যমান, শোভাকর, প্রত্যক্ষ, shining, conspicuous, clear, evident.

দীয়মান, যাহা দেওয়া যাইতেছে, under bestowment, being bestowed.

দীয়া, দীপ, প্রদীপ, a light, a lamp.

দীর্ঘ, লম্ব, উত্তুঙ্গ, উচ্চ, long, tall, lofty, prolonged.

দীর্ঘকায়, ঢেঙ্গা, প্রকাণ্ড, tall, high in stature.

দীর্ঘজঙ্ঘ, লম্বজঙ্ঘাবিশিষ্ট, সারস পক্ষী, long-thighed, spindle-shanked; a crane.

দীর্ঘজীবী, বহুকালজীবী, long-lived.

দীর্ঘদর্শী, দূরদর্শী, পণ্ডিত, গৃধ্র, seeing far, foresighted, prudent, wise; a vulture.

দীর্ঘসূত্র-ী, শিথিল, অসত্বর, বিড়্‌বিড়িয়া, tedious, dilatory, slow, procrastinating.

দীর্ঘনিশ্বাস, হাই ছাড়া, a sigh, a long drawn breath.

দীর্ঘিকা, দীর্ঘ জলাশয় বিশেষ, বাপী, a large oblong pond or tank.

দীর্ঘে, লম্বালম্বে, লম্বায়, in length, lengthwise.

দু, দুই,—দ্বি, একের দ্বিত্ব, two.

দুহন, গবাদির স্তনহইতে দুগ্ধ নিঃসারণ, to milk an animal.

দুইএক, এক কিম্বা দুই, কএক, অল্প, one or two, several, a few.

দুঃখ, পীড়া, ব্যামোহ, দরিদ্রতা, শোক, ক্লেশ, যত্ন, a pain, ache, distress, poverty, affliction, grief, sorrow, vexation, misery, trouble, labour.

দুঃখী, দুঃখিত,—ক্লিষ্ট, দরিদ্র, afflicted, in pain, distressed, wretched, miserable, poor.

দুঃশীল, দুষ্টস্বভাব, দ্বেষী, inclined to evil, ill-disposed, ill-natured, vicious, malicious.

দুঃসময়, বিপৎ কাল, a time of affliction, a season of distress.

দুঃসহ-্য, কষ্টে সহ্য, অতিশয় মন্দ, hard to be borne, scarcely endurable, intolerable.

দুঃসাহস, চাপল্য, নির্ভয়তা, চেঁটামি, rashness, temerity, presumption.

দুঃস্থ, দুরবস্থ, দুর্ভাগ্যাপন্ন, নির্ধন, দুঃখী, disagreeably circumstanced, in pain or trouble, distressed, unfortunate, poor, needy.

দুঃস্বপ্ন, গোঙ্গান, an unpleasant dream, nightmare.

দুগড়িয়া, প্রবঞ্চক, দ্বিদলাক্রান্ত, দুরজিয়া, an impostor, a turn-coat.

দুগ্ধ, দুধ,—পয়ঃ, ক্ষীর, milk; milked (as an animal).
দুগ্ধপোষ্য, অতিশিশু, দুধিয়া, a sucking infant or other animal.
দুটপা, চুম্বক, সংক্ষেপবক্তা, laconic, brief.
দুণা, দুনা,—দ্বিগুণ, two fold, twice as much.
দুতন্দ্ব, দ্বৈধ, দ্বিতয়োপায়, দ্বিধা, two objects, a thing and its alternative, a dilemma.
দুদ, দুধ, দুদু,—পয়ঃ, ক্ষীর, milk.
দুদিয়া, দুধিয়া,—দুগ্ধপোষ্য, ক্ষীরদ, পয়স্বিনী, sucking, living on milk, producing milk, milky, milch.
দুনী, দ্রোণী, ডোঙ্গা, বায়ুপ্রচালিত শস্য পেষণ কল, a sort of boat or ship, a windmill.
দুঁদিয়া, দুরন্ত, দুর্দান্ত, stubborn, refractory, turbulent, unruly.
দুন্দুভি, ভেরী, a sort of long trumpet, a celebrated giant.
দুমড়ন, ভাঁজন, মোড়ন, to fold, to double, to turn as the edge of a weapon, to bend.
দুরদৃষ্ট, মন্দ ভাগ্য, bad fortune, evil destiny, a hard fate.
দুরন্ত, দুষ্ট, ঢেঁটা, অবাধ্য, উপদ্রবী, wicked, vicious, unruly, impudent, severe, oppressive.
দুরবস্থা, দুর্দশা, আপদ, adversity, calamity, distress.
দুরাচার, কুব্যবহারী, profligate, vicious, wicked.
দুরাত্মা, পাপী, নির্দয়, ক্রূর, উপদ্রবী, profligate, wicked, unjust, severe, tyrannical, oppressive.
দুরালাপ, কটুবাক্য, scurrilous or abusive language, abuse.
দুরাশয়, দুষ্টমনাঃ, evil-minded, malicious, evil-intentioned.
দুরিত, পাপ, পাপী, পচা, নষ্ট, sin; sinful, vitiated, tainted, musty, putrid, rotten. [ved.
দুরিষ্ট, অতিমন্দ, পাপিষ্ঠ, very bad, very wicked, very depra-
দুরূহ, গূঢ়, কঠিন, কষ্টসাধ্য, abstruse, obscure, difficult, hard.
দুর্গ, কষ্টগম্য, গড়, difficult of access, a castle, fort, fortress, tower.
দুর্গত, দুঃখী, দরিদ্র, wretched, miserable, poor, needy.
দুর্গতি, ক্লেশ, দুরবস্থা, দরিদ্রতা, distress, hardship, wretchedness, misery, poverty. [ill-scented.
দুর্গন্ধ, কুবাস, কুবাসী, a stench, unpleasant scent; fœtid,
দুর্গম, কষ্টগম্য, inaccessible, impenetrable, impassable, difficult.

দুর্গা, ভগবতী, a goddess the consort of Shiva.
দুর্ঘট, কষ্টসাধ্য, উপদ্রবী, difficult, hard to be accomplished, calamitous. [cumstance.
দুর্ঘট-ন, দুর্ভাগ্য, calamity, misfortune, a disagreeable cir-
দুর্জন, ক্রূর, দুষ্ট, খল, উপদ্রবী, পাপিষ্ঠ, ill-natured, surly, malevolent, cruel, tyrannical, unruly, wicked, mischievous. [earned victory.
দুর্জয়, কষ্টজেয়, কষ্টলব্ধ বিজয়, difficult to be subdued; a hard
দুর্দান্ত, কষ্টদম্য, not easily subdued or suppressed.
দুর্দিন, কুসময়, মেঘাচ্ছন্ন দিন, বিপৎকাল, bad or rainy weather, a wet or cloudy day, a season of calamity.
দুর্দর্শ, অপ্রত্যক্ষ, অস্পষ্ট, scarcely visible.
দুর্দশা, বিপত্তি, অনিষ্ট, calamity, misery, adversity, danger.
দুর্দুরাণ, কম্পন, থরথরাণ, to tremble, shake, palpitate.
দুর্ধর্ষ, নির্লজ্জ, অত্রপ, not to be abashed, confident, bold, shameless, impudent.
দুর্নাম, অখ্যাতি, কুৎসা, নিন্দা, an ill name, bad reputation or character, obloquy, slander.
দুর্নীত, কষ্টপ্রাপ্ত, obtained with difficulty. [tration.
দুর্নীতি, অন্যায়, অবিচার, injustice, impolicy, mal-adminis-
দুর্বর্ত্ম, কুপথ, কদাচার, দুষ্ট, a bad road, evil conduct; profligate, vicious. [ated.
দুর্বল, অসমর্থ, ক্ষীণ, weak, feeble, infirm, impotent, emaci-
দুর্বিধ, মন্দপ্রকার, দুষ্ট, of a bad sort or kind, bad, wicked.
দুর্বুদ্ধি, দুর্বোধ,—মূঢ়ত্ব, অজ্ঞান, কুমতি, দুষ্ট, প্রবঞ্চক, stupidity, obstinacy in evil; stupid, obstinate, wicked, crafty; a cheat, a rogue.
দুর্বৃত্ত, দুরাত্মা, উপদ্রবী, অবশ, অবাধ্য, অবশীভূত, ill-disposed, wicked, oppressive, unruly, unmanageable, ungovernable, ravenous.
দুর্ব্যাপার, কুআচার, ইন্দ্রিয়নিগ্রহ, evil conduct or practice, self-denial, mortification.
দুর্ভগা, অপ্রিয়ভার্য্যা, a wife hated or disliked by her husband.
দুর্ভাগ্য, দুরদৃষ্ট মন্দকপাল, a misfortune, ill luck.
দুর্ভিক্ষ, আকাল, মহার্ঘতা, a famine, dearth, scarcity.
দুর্মদ, মোহিত, মত্ত, জ্ঞানশূন্য, অহংকৃত, infatuated, blinded by

pride, intoxicated with success or praise, rejoicing in evil.

দুর্ম্মনা, উদ্বিগ্নচিত্ত, বিষণ্ণ, sad, sorrowful, dejected, anxious, [thoughtful.

দুর্ম্মা, অর্দ্ধপক্ক নারিকেল, a cocoanut when soft or half ripe.

দুর্ম্মুখ, নিষ্ঠুরভাষী, অপ্রিয়বাদী, abusive, foul-mouthed, scurrilous.

দুর্ম্মূল্য, আকাল, মহার্ঘ্য, a high price, dearness; dear, high-[priced.

দুর্ম্মেধা, অজ্ঞান, নির্ব্বোধ, dull, stupid, of slender intellect.

দুর্য্যোগ, বিলগ্ন, মন্দ সময়, কুৎসিত সন্ধি, অনেক বাধকের একত্র মিলন, badly joined, cloudy, inclement; a bad joining, an evil connection, a complication of difficulties.

দুর্লক্ষণ, অশুভসূচক চিহ্ন, an evil mark, unlucky sign, ill omen.

দুর্লভ-্য, দুষ্প্রাপ্য, মহার্ঘ্য, difficult of attainment, scarce, rare.

দুর্হৃদ, দুর্ম্মতি, বিপক্ষ, রিপু, inimical, ill-disposed; an enemy.

দুলাল, প্রেম, অনুরাগ, a dandling, a fondling, fondness.

দুলাল্য, প্রিয়, স্নিগ্ধ, স্নেহপাত্র, dear, beloved, fondled; a darling, a beloved object.

দুলিয়া, যানবাহ, কাহার, a bearer, palkee-bearer, porter.

দুশ্চরিত্র, মন্দ প্রকৃতি, বিটুল, an evil disposition; ill-disposed, vicious.

দুষ্কর, কঠিন, ক্লেশকর, পাপাত্মা, difficult, hard, severe, dis-[tressing, wicked.

দুষ্কর্ম্ম, দুষ্ক্রিয়া,—কুক্রিয়া, পাপ, ব্যভিচার, an evil act, a crime, sin, fornication.

দুষ্কর্ম্মা, দুষ্কৃতী,—পাপী, দুষ্ট, wicked, profligate, criminal, vi-[cious.

দুষ্কৃত, পাপ, কুক্রিয়া, অঘ, পাপী, sin, wickedness, crime, guilt; evil, wicked.

দুঃখ, পীড়া, ক্লেশ, pain, suffering, vexation, affliction; [distress.

দুঃখী, দুঃখিত,—ক্লেশবিশিষ্ট, কাতর, suffering pain, poor, afflicted, vexed, &c.

দুষ্ট, ভ্রষ্ট, পাপিষ্ঠ, অত্রপ, বিরুদ্ধান্তঃকরণ, অশুদ্ধ, মন্দ, vile, wicked, vicious, depraved, dissolute, impure, impudent, dishonest, turbulent, wrong, evil, improper.

দুষ্টামি, ভ্রষ্টাচার, লম্পটতা, wickedness, dissoluteness, vil-[lainy, turpitude.

দুষ্পাচ, গুরুপাক, difficult of digestion, indigestible,

দুস্পার, দুস্তর,—অতরণার্হ, অনিবার্য্য, impassable, insurmountable, hard to be gotten over, unavoidable.

দুস্পূর, অসন্তোষণীয়, অসম্পূর্ণ, hard to please, nice, unfilled.

দুসূতী, মোটা কাপড় বিশেষ, a coarse cloth made of double threads.

দুস্থ, দুরবস্থা, দুঃখী, দরিদ্র, disagreeably situated, afflicted, miserable. poor.

দুহাকার, উভয়ের, of both, of two persons (referred to.)

দুহাতিয়া, সব্যসাচী, দ্বিমনাঃ, দ্ব্যর্থ, দুই হস্ত দিয়া ভক্ষণাদিকর, ambidexter, double-minded, having two objects, eating or working with both hands.

দুহিতা, পুত্রী, কন্যা, a daughter.

দুহ্যমান, যাহার দোহন হইতেছে, under the operation of milking.

দূত, প্রেরিত, চর, দূত, কোটনা, a messenger, ambassador, angel, spy, a procurer, pander, pimp.

দূতী, প্রেরিতা, কুটনী, a female messenger, procuress, bawd.

দূর, অসন্নিকট, অন্তর, অসমীপে, distant, remote; distance; far, afar, away.

দূরদর্শী, দীর্ঘদর্শী, পরিণামদর্শী, বিজ্ঞ, গৃধ্র, far-seeing, provident, sagacious, wise; a vulture.

দূরাদূর, সর্ব্বত্র, অত্যন্তান্তর, far and near, every where; very far, very distant.

দূর্বা, তৃণ বিশেষ, a species of excellent grass, bent grass.

দূষণ, ত্রুটি, অপরাধ, নিন্দা, দোষ প্রকাশন, খণ্ডন, ভর্ৎসন, a fault, guilt, blame, reproach; to convict, condemn, confute, point out faults, blame, reproach.

দূষণাবহ, নিন্দনীয়, occasioning guilt, reproachful.

দূষ্য, নিন্দিত, তাম্বু, condemnable, blamable, confutable; a tent.

দৃক্, চক্ষুঃ, দর্শন, দর্শী, তুল্য, an eye, sight; *in comp.* seeing, like.

দৃক্পাত, অবলোকন, a look, regard, survey, view.

দৃঢ়, শক্ত, কঠিন, অচল, স্থাবর, অটল, অনড়, নিষ্ঠ, স্থির, ঠিক, firm, hard, stiff, strong, tight, tough, solid, fast, stable, fixed, sure, irrevocable, inviolable, strict, resolute, accurate.

দৃঢ়বাদী, নিষ্ঠবক্তা, সত্যভাষী, affirming, asserting confidently, faithful to his word.

দৃঢ়বোধ, দৃঢ়জ্ঞান, —অনুভাব, প্রত্যয়, নির্ণয়, নিশ্চয়, firm persuasion, assurance, conviction, certainty.

দৃশ্য, চক্ষুগোচর, সুন্দর, visible, perceptible, handsome.

দৃষ্ট, ঈক্ষিত, আলোকিত, প্রত্যক্ষ, seen, viewed, beheld, observed, apparent.

দৃষ্টতঃ, অনুমানে, স্পষ্টে, seemingly, ostensibly, apparently.

দৃষ্টান্ত, উদাহরণ, উপমা, an example, illustration, proof, simile, metaphor, parable.

দৃষ্টি, আলোকনা, নিরীক্ষণ, চক্ষুপাত, a view, look, glance, regard, sight, vision, a scene, a prospect.

দৃষ্টিগোচর, আলোকনীয়, সাক্ষাতে, an object of sight; within view, in sight.

দৃষ্টিধরা, তারা, নেত্রমণি, the pupil of the eye.

দৃষ্টে, অনুমানে, অপদেশে, apparently, seemingly, in pretence.

দেউড়ী, বারাণ্ডা, দ্বার, a vestibule, entrance, porch.

দেউল, দেবালয়, চড়কপূজাকর্ত্তা, a temple, one who holds or superintends the charakpújá.

দেউলী, দেউলিয়া, —হৃতসর্ব্বস্ব, a bankrupt.

দেউলী, কার্ত্তিক মাসের পর্ব্ব বিশেষ, an illumination on the new moon of the month Kártic.

দেওন, দানকরণ, অর্পণ, নিবেদন, স্বীকরণ, to give, present, grant, offer, admit, allow.

দেখন, দর্শন, অবলোকন, মানন, to see, look, view, behold, observe, spy, regard, visit. [visit.

দেখা, দৃষ্টিপাত, আলোকনা, সাক্ষাৎ, a view, sight, look, glance,

দেখাদৃষ্টে, প্রত্যক্ষতঃ, evidently, plainly, clearly. [other.

দেখাদেখি, মুখামুখি, অনুকরণ, face to face; an imitation of an-

দেখান, দর্শান, প্রকাশন, to shew, point out, manifest, display, exhibit.

দেখারু, দৃশ্য, প্রদর্শক, perceivable, &c. one who shews, &c.

দেদীপ্যমান, জাজ্বল্যমান, অতিশয় প্রকাশ্যমান, refulgent, resplendent, conspicuous. [ought to be given.

দেনা, ধার, ত্যাগ, নিবেদনীয়, a debt, gift, oblation, what

দেনুয়া, ত্যক্ত, নিবেদিত, offered as an oblation, given to Brahmins. [king, person of rank; sir.

দেব, অমর, সুর, রাজা, প্রকাশবন্ত, ঠাকুর, ভবান্, a god, dæmon,

দেবকী, কৃষ্ণের মাতা, Chrishna's mother.

দেবকুসুম, লবঙ্গ, cloves, the clove tree. [grotto.

দেবখাত-ক, অকৃত্রিম জলাশয়, a natural pond, cave, cavern,

দেবগর্জ্জন, মেঘের শব্দ, বজ্রনিস্বন, thunder, a clap of thunder.

দেবতা, সুর, ঠাকুর, আকাশ, a god, a deity, the clouds, the heavens.

দেবতালয়, দেবালয়,—ঠাকুরবাড়ী, a temple, or image-house.

দেবত্ব, দেবনিষ্ঠধর্ম্ম, অমরপদ, দেবপ্রতিষ্ঠাকরণ, deity, godhead, divinity, deification. [lands.

দেবত্র, দেবস্ব, ঠাকুরভূমি, the endowment of a temple, temple

দেবদত্ত, নিবেদিত, দৈবাধীন, অমুক, given to or by a god, some one (name unknown), something.

দেবদারু, বৃক্ষবিশেষ, a species of pine.

দেবদূত, দেবপ্রেরিত, ভূতাদি, an angel or messenger of the gods.

দেবনিষ্ঠ, ঈশ্বরবাদী, ঈশ্বরভক্ত, firmly believing in God, pious, religious; a theist.

দেবনিষ্ঠা, ঈশ্বরশ্রদ্ধা, theism, a firm belief in God.

দেবপূজা, পুত্তলিকারাধনা, প্রতিমাপূজা, idolatry, image-worship.

দেবদাসী, বেশ্যা, a harlot, a courtezan. [ing.

দেববাণী, দেববাক্য, ঈশ্বরোক্তি, an oracle, a divine word or say-

দেবযাত্রা, পর্ব্বকালীন রথা, উৎসবকালীন দেবমূর্ত্তি বহা, an idolatrous procession or carriage of sacred images.

দেবযোনি, উপদেবতা, ভূতাদি, দেবজনিত, a demigod, dæmon, superhuman being; descended from a god.

দেবর, পতির কনিষ্ঠভ্রাতা, a husband's younger brother.

দেবর্ষি, নারদাদি ঋষি, a Rishi or celestial saint, a divine sage.

দেবল, দেবপূজাজীবী, পূজারি ব্রাহ্মণ, an attendant on an idol, a low Brahmin who lives on the offerings to an idol which he attends for hire, a certain Muni.

দেবলোক, অমর্ত্ত্যভুবন, স্বর্গ, heaven, the abode of the gods.

দেবস্থল, দেবস্থান, দেবালয়,—মন্দির, a temple, a pagoda.

দেবস্ব, দেবতার দ্রব্য, দেবপূজার্থ সংস্থাপিত ধন, a religious endowment, consecrated property, &c. [the gods.

দেবহিংসক, অসুর, সুরারি, an infernal being, one who injures

দেবী, দেবজাতির স্ত্রী, রাজার অভিষিক্তা স্ত্রী, প্রকাশবতী, Durgá, any goddess, a queen, a woman of rank; madam.

দেয়, দানযোগ্য, অর্প্য, পরিশোধ্য, fit to be given, that ought to be given, due, payable.

দেশ, পৃথিবীর খণ্ড; চাকলা, স্থান, স্থল, a country, region, province, tract, spot, place, side, part of the body. [where.

দেশময়, পরিপূর্ণ, ব্যাপ্ত, সর্ব্বত্র, full, abundant, pervading, every

দেশাধিপ, দেশাধিপতি,—অধিরাজ, রাজ্যাধিকারী, a sovereign, king, ruler, governor.

দেশান্ত, দেশের সীমা, the boundary of a country, a frontier.

দেশান্তর, বিদেশ, অন্য দেশ, a foreign country.

দেশী-য়, দেশজাত, দেশসম্বন্ধীয়, দেশের, natural to or produced in a country, of or belonging to a country.

দেহ, শরীর, প্রকৃতি, the body, matter, material nature, stature, constitution.

দেহপাত, মরণ, শরীরপতন, dying, death, the falling of the body.

দেহহীন, অভৌতিক, অময়, অশারীরিক, unembodied, spiritual, immaterial, incorporeal.

দেহাত্মবাদী, আত্মানিষেধক, নাস্তিক, attributing spirituality to matter, a materialist. [the embodied soul.

দেহী, শরীরী, শরীরযুক্ত, জীব, corporeal, material, embodied;

দেহোদ্ভূত, শরীরজ, স্বাভাবিক, born in the body, inborn, natural.

দৈত্য, অসুর, an Asur, demon, titan, an evil genius.

দৈন্য, দরিদ্রতা, কৃপণতা, poverty, want, wretchedness, cringing, meanness. [mean.

দৈন্যী, দুঃখী, নিঃস্ব, কৃপণ, indigent, poor, needy, wretched,

দৈব, অদৃষ্ট, কর্ম্মভোগ, বিধাতা, ঐশ্বরিক, দেবাধীন, destiny, fate, the consequences of the actions of a former birth, providence, an incident, misfortune; divine, celestial, religious, sacred, providential.

দৈবকর্ম্ম, যজ্ঞাদি, religious acts or ceremonies, as sacrifices, &c. [teller.

দৈবজ্ঞ, গণক, an astrologer, caster of nativities, fortune-

দৈবযোগ, বিধাতৃকর্ম্ম; a divine impulse or interposition.

দৈবযোগে, দৈবাৎ,—হঠাৎ, অকস্মাৎ, providentially, by divine interposition, by chance, accidentally, unexpectedly, from above.

দৈবাধীন, দৈবায়ত্ত, হঠাৎকার, providential, casual, accidental,
subject to fate, granted by providence,
chance, fortuitous.

দৈবাম্মৃত্যু, অকস্মাৎ মৃত্যু, sudden or accidental death.

দৈবী, হঠাৎ ঘটনা, আপদ, a providential occurrence, accident, disaster, mishap. [judgement.

দৈবোপঘাত, কর্ম্মবিপাক, a providential calamity, a divine

দৈর্ঘ্য, দীর্ঘতা, লম্বাই, length.

দো, দুই, দ্বি, two. [twice.

দোকর, পুনরুক্ত, দ্বিগুণ, পুনর্বার, repeated, doubled, double;

দোখা, গলাবী, the tie of a yoke, &c. [a dilemma.

দোটানা, দুদিকে আকর্ষণ, টান, a pulling or soliciting two ways,

দোচকা, শঠ, খল, a double-dealing person, a mischief-maker.

দোতন্ত্র, উভয়াস্তর, উভয়ের মধ্যে একেতে অন্যাসংযোগ, an option, alternative, a choice of two.

দোতালা, যাহার দুই তালা আছে, দোতলা, having two stories, double-locking, (a kind of padlock.)

দোদুল্যমান, দুলিয়া, দুলদুলিত, swinging, oscillating.

দোপড়া, দ্বিরূঢ়া, *f.* a twice married woman.

দোমালা, পরিপক্ব নারিকেল, the cocoanut &c. when ripe enough to have a double shell. [fro.

দোল-না, দোলনা, a swinging, oscillating, rocking to and

দোলন, ঝুলন, নড়ন, হেলন, ঝোঁকন, to swing, vibrate, rock, roll, totter, wave.

দোলনী, দোলনা, a swing.

দোলাদোল, ঝোলাঝুলি, a swinging at random. [of Chrishna.

দোলযাত্রা, ফল্গুৎসব, the swinging festival in commemoration

দোলা, ঝোলা, শিবিকা, a swing, litter, dooly, palkee, a jolt.

দোলান, ঝোলান, নড়ান, to swing, cause to swing, agitate, shake, move, jolt. [to and fro.

দোলায়মান, ঝুলনিয়া, নড়নিয়া, swinging, oscillating, moving

দোলিয়া, দোলাবাহক, a palkee or litter bearer.

দোষ, ত্রুটি, ছিদ্র, কলঙ্ক, ভ্রম, পাপ, অপরাধ, অপ্রামাণ্য, আপত্তি, ঘৃণা, নিন্দা, হিংসা, অনিষ্ট, আপদ, অশুভ, a fault, defect, blemish, flaw, mistake, error, disorder, sin, offence, vice, guilt, objection,

inconclusiveness, refutation, blame, accusation, defamation, calumny, disadvantage, injury, evil, unpropitiousness, unluckiness.

দোষকর, হিংসুক, অনিষ্টকর, hurtful, injurious, prejudicial.

দোষক্ষেত্র, অপরাধস্থান, অপরাধী, ব্যাধিযুক্ত শরীর, the scene of crime, a criminal, a diseased body. [abuser.

দোষগায়ক, নিন্দক, ভর্ৎসক, calumniating; a calumniator,

দোষগ্রাহক, অপবাদক, নিন্দক, charging with faults, imputing crimes, criminating, accusing.

দোষণ-আন, দোষ দেওন, অপবাদন, ভর্ৎসন, নিন্দন, খণ্ডন, to criminate, impute a crime, find fault, accuse, blame, upbraid, invalidate, weaken, confute, condemn. [guilt.

দোষনাশ, পাপমোচন, the expiation or removal of sin and

দোষস্থান, অপরাধক্ষেত্র, নিন্দাস্পদ, the scene of crime, a criminal, guilty person. [nation.

দোষাদোষি, পরস্পর অপবাদ করা, mutual accusation or recrimi-

দোষী, অপরাধী, নিন্দনীয়, অশুদ্ধ, সছিদ্র, guilty, criminal, culpable, blamable, sinful, incorrect, faulty, inaccurate, unsound.

দোসর, দ্বিতীয়, সঙ্গী, a second, a secondary.

দোসরা, দ্বিতীয়, অন্য, আরএক, second, another.

দোহন, দুগ্ধনিঃসারণ, দুয়ান, লাভভোগকরণ, নিঙড়ান, to milk an animal, to cheat, cozen, draw a revenue or advantage from, oppress. [fœtus, embryo.

দোহদ, ইচ্ছা, স্পৃহা, কলঙ্ক, গর্ভ, a longing, a desire, a stain, mark,

দোহা, শ্লোক, পদ্য বিশেষ, a couplet, a sort of verse

দোহার, সহায়, উত্তরসাধক, a second, a prompter.

দোহারা, দ্বিগুণ, দ্বিতীয়, পুনর্বার, double, two-fold, second; again.

দৌড়, অতিবেগে গমনকরা, শ্রম, চেষ্টা, প্রযোগ, a race, running, pains, endeavour, exertion. [endeavour.

দৌড়ন, ধাবন, বেগে চলন, চেষ্টাকরণ, to run, hasten, speed, escape,

দৌড়ান, বেগান, ছুটান, চালান, to make one run, hasten, accelerate, impel, drive. [a messenger.

দৌত্য, সমাচার, প্রেরিতত্ব, an embassy, message, the office of

দৌবারিক, দ্বারপালক, a porter, a door-keeper.

দৌরাত্ম্য, উৎপাত, দুষ্টামি, violence, outrage, tyranny, oppression, wickedness.

দৌষ্কর্ম্য, দুরাচার, বিটলামী, উপদ্রব, wickedness, unprincipled conduct, villainy, violence. [tigue.

দৌর্ব্বল্য, ক্ষীণতা, শ্রান্তি, weakness, feebleness, infirmity, fa-

দৌহিত্র, দুহিতার পুত্র, a daughter's son, a grandson.

দ্যুতি, দীপ্তি, শোভা, light, splendor, lustre, beauty.

দ্যূত, পাটি, পাশাক্রীড়া, dice, a playing at dice.

দ্যোত, দীপ্তি, রৌদ্র, light, lustre, sunshine, heat.

দ্রব, গলতি, গলাভাব, রস, দ্রুত, গলিত, তরল, fusion, a melting, liquefaction, dissolving, solution, fluid state, a fluid; liquid, melted, fluid, dissolved.

দ্রবাই, গলনীয়, fusible, malleable, soluble, dissolvable.

দ্রব্য, বস্তু, পদার্থ, ঘরওহারী, সামান্য ধন, সামগ্রী, ঔষধ, a thing, substance, matter, article, household stuff, goods, baggage, materials, a drug, a medicament.

দ্রাক্ষা, গোস্তনী, মৃদ্বীকা, a grape, a raisin.

দ্রাক্ষালতা, মৃদ্বীকার গাছ, a vine. [vent.

দ্রাবক, দ্রবকারক, গলামিস্রা, a solvent, a flux for metals; sol-

দ্রাবণ, গলান, to fuse, melt, disolve, resolve.

দ্রাবী, দ্রাব্য,—গলনীয়, fusible, malleable, soluble.

দ্রু, দ্রুম,—বৃক্ষ, গাছ, a tree. [rogue.

দ্রুণ, বৃশ্চিক, অলী, ভ্রমর, বিট, a scorpion, a bee, a cheat, a

দ্রুত, শীঘ্র, ত্বরান্বিত, তরল, গলিত, ঝটিতি, quick, fleet, swift, speedy, hasty, liquid, fluid, melted, fused, dissolved; swiftly, quickly,

দ্রুমাল, বৃক্ষের ডাল, the branch of a tree.

দ্রোণ, অষ্ট আঢ়ক পরিমাণ, a measure of capacity.

দ্রোণকাক, দাঁড়কাক, বায়স, the raven or carrion crow.

দ্রোণী, ডোঙ্গা, a canoe, raft, any boat-shaped vessel, tub, &c. [injury, mischief, murder.

দ্রোহ, পরমন্দচেষ্টা, অনিষ্টাচরণ, হিংসা, বধ, malice, spite, envy,

দ্রোহক, দ্রোহী—হিংসুক, দ্বেষী, অনিষ্টাচারী, বধিক, injurious, hurtful, spiteful, envious, malicious, sanguinary, murderous.

দ্বন্দ্ব, যুগ্ম, জোড়, মিলিত দুই, কলহ, a pair of animals, male and female, man and wife, a couple, brace, any two opposites, as good and evil; a dispute, strife, quarrel.

দ্বন্দ্বী, কলহী, বিবাদশীল, quarrelsome, disputatious, litigious.

দ্বয়, যোড়, মিলিত দুই, *affix:* a pair, brace, couple, two.

দ্বাঃস্থ, দ্বারস্থিত, দ্বারপাল, standing at the door or gate; a doorkeeper.

দ্বাপর, তৃতীয় যুগ, সন্দেহ, the third Yug, doubt, uncertainty.

দ্বার, প্রবেশের পথ, দরজা, উপায়, a door or gate-way, passage, entrance, a door, gate, window, a way, means. [count of.

দ্বারা-র, কারণক, হেতুক, by, through, by means of; on account of.

দ্বারী, দ্বারপালক, a doorkeeper, a porter, a warden.

দ্বি, দ্বির,—দুই, *in compos:* two, twice, double.

দ্বিকর, দুই হস্ত, দুইহস্তবিশিষ্ট, two hands; having two hands.

দ্বিগুণ, দোহারা, দ্বিতয়, double, two-fold.

দ্বিজ, পুনর্জাত, অণ্ডজ, পক্ষী, দন্ত, ব্রাহ্মণাদি তিন বর্ণ, twice-born, oviparous; any oviparous animal, a bird, &c. a tooth, a man of either of the three first classes.

দ্বিজাত, দ্বিজাতি,—পুনর্বার জন্মপ্রাপ্ত, ব্রাহ্মণাদি, twice born; a brahmin, kshyatriya or vais.

দ্বিজাতীয়, ব্রাহ্মণসম্বন্ধীয়, দ্বিজাতীয়, খচ্চর, of or belonging to brahmins, &c. mongrel, of mixed breed; a mule.

দ্বিজরাজ, চন্দ্র, গরুড়, অনন্ত, the moon, the bird of Vishnu, the serpent Ananta. [twofold.

দ্বিতয়, যুগ্ম, দুই, দ্বিবিধ, দ্বিগুণ, a couple, two; of two sorts,

দ্বিতীয়, একের পর, উপসর্জ্জন, ইতর, অন্য, অপর, second, secondary, inferior, next, different, other.

দ্বিত্র্যহ, [illegible], in two or three days, two or three days ago.

দ্বিত্ব, পুনঃকরণ, reduplication, repetition. [principled.

দ্বিদলিয়া, দুই পক্ষাক্রান্ত, দুষ্ট, belonging to two parties, un-

দ্বিধা, দুই প্রকার, ঝঞ্ঝাট, সন্দেহ, দ্ব্যর্থ, in two ways; of two kinds; a dilemma, doubt, hesitation, ambiguity. [certain.

দ্বিধাকল্প, সন্দেহ বিষয়, অনিশ্চয়, doubtful, precarious, un-

দ্বিধাকল্পন, সন্দিগ্ধ হওন, ভাবন, বিতর্কণ, to doubt, hesitate, be in suspense, to ponder.

দ্বিপ; হস্তী, an elephant.

দ্বিপদ, দ্বিপাদ,—দুইপাদবিশিষ্ট, মনুষ্য, biped, two footed; man.

দ্বিমুখ, যাহার দুই মুখ, সাপ বিশেষ, ধূর্ত, having two heads or mouths, two faced; a serpent, amphisbæna, an artful or deceitful person.

দ্বিরদ, হস্তী, an elephant.

দ্বিরুক্তি, পুনঃকথন, tautology, repetition. [sorts, twofold.

দ্বিরূপী, দুমূর্ত্তি, দ্বিগুণাকৃতি, দ্বিপ্রকারক, having two forms, of two

দ্বিরেফ, ভ্রমর, a bee, a large black bee.

দ্বীপ, জলমধ্যবর্ত্তি বৃহৎস্থান, চড়া, ভুবনখণ্ড, an island, any land between two waters, a continent, a division of the world.

দ্বেষ, হিংসেচ্ছা, হিংসা, malice, enmity, hatred, injuriousness.

দ্বেষণ, ঘৃণাকরণ, to hate, dislike, bear malice. [licious.

দ্বেষী, শত্রু, হিংসেচ্ছু, hating, hostile, injurious, envious, ma-

দ্বেষ্টা, দ্বেষী,—শত্রু, হিংসেচ্ছু, malevolent, malignant, malicious. [a duplication, doubt.

দ্বৈত, দ্বয়ী, পুনঃকরণ, সন্দেহ, a second of the same kind,

দ্বৈতজ্ঞ, দ্বৈতবাদী,—ভিন্নেশ্বরবাদী, ব্রহ্মনিন্দক, an asserter of more gods than one, a polytheist, an antipantheist or opposer of the doctrines of Brahma.

দ্বৈতজ্ঞান, দ্বৈতবাদ,—ভিন্নেশ্বরজ্ঞান, ব্রহ্মনিষেধ, a maintaining of many gods, polytheism, an assertion of the distinction of the soul from god.

দ্বৈধ, সংশয়, দ্ব্যর্থ, ব্যঙ্গোক্তি, ইতরোপায়, যুদ্ধ, দ্বিখণ্ড, বিচ্ছিন্ন, a doubt, dilemma, ambiguity, pun, double-meaning, stratagem, a double resource, a reserve of troops, a twofold form or state, a contest, a duel; divided, split.

নিরন্তর, নিত্য, অনবরত, আসন্ন, অবিচ্ছেদে, সর্বদা, incessant, endless, unintermitted; constantly, incessantly.

নিরন্তর-াল, অবিচ্ছেদ, ঘন, নিবিড়, নিরেট, having no space between, close, impervious, solid.

নিরন্বয়, সন্ততিশূন্য, অপ্রামাণ্য, without posterity, not agreeing (*in grammar*), not following as a consequence (*in logic.*) [jury.

নিরপায়, রক্ষা, নির্বিঘ্নতা, security, safety, exemption from in-

নিরপায়ী, নির্বিঘ্ন, নিত্য. secure, safe, uninjured, permanent.

নিরপেক্ষ, স্বাধীন, অনাশাপন্ন, independent, having no expectation from a given thing or object.

নিরব, নিঃশব্দ, অবাক্, silent, quiet, taciturn, speechless

নিরবগ্রহ, স্বাধীন, স্বতন্ত্র, independent, not under controul, self-willed. [or by.

নিরবচ্ছিন্ন, অবিশিষ্ট, হীন, not possessed of, not affected with

নিরবদ্য, অতুচ্ছ, উত্তম, সার, সম্পূর্ণ, not low or mean, superior, perfect, complete, entire.

নিরয়, নরক, hell.

নিরর্থ-ক, অফলক, মিথ্যা, অনর্থ, vain, useless, fruitless, to no purpose, without an object, absurd.

নিরসন, নিরাস,—পরাজয়, থামাথামি, নিবৃত্তি, তাড়ন, বিবর্জন, a defeat, subjugation, a restraining, appeasing, assuaging, a cessation, desisting from, driving away, expulsion, rejection.

নিরস্ত, পরাজিত, ক্ষান্ত, নিবৃত্ত, defeated, subdued, restrained, calmed, appeased, propitiated, desisting from, ceased, made to desist, expelled. [suaging.

নিরস্তক, বিজয়ী, থামানিয়া, subduing, calming, allaying, as-

নিরহ, শান্ত, অবিবাদী, quiet, peaceable, not quarrelsome.

নিরাকরণ, খেদান, বহিষ্করণ, উৎখাতন, to drive out or away, expel, exterminate, remove. [poreal.

নিরাকার, আকাররহিত, অশরীর, without form, shapeless, incor-

নিরাকৃতি, অমূর্ত্তি, বহিষ্কৃতি, উৎখাত, *id*: also expulsion, extermination. [cealed.

নিরাট, দৃঢ়, শক্ত, অছিদ্র, গুপ্ত, solid, not hollow, close, con-

নিরাধারা, অনবরত, আসন্ন, incessant; incessantly.

নিরাপদে, আশ্রিত, নির্বিঘ্ন, in safety, in security. [houseless.

নিরাশ্রয়, শূন্য, বসতিহীন, desert, destitute of habitations,

নিরালা, একাকী, বিরল, alone, private. [hand.

নিরালা-য়, বিরলে, গোপনে, privately, in secret, aside, under-

নিরাসক, খেদানিয়া, তাড়ানিয়া, repelling, driving away, repulsive.

নিরাহার, অভোজন, উপবাস, a fasting, abstinence from food.

নিরীক্ষণ, দর্শন, দেখন, অবলোকন, to look at, see, view, gaze, observe, survey.

নিরীশ্বর, ঈশ্বরনিষেধ, নাস্তিক, the non-existence or denial of a god; without God; an atheist.

নিরীহ, অচল, স্থির, নির্ম্মল, without motion or exertion, quiet, still, fine, clear. [sary.

নিরুক্ত, বেদাঙ্গ বিশেষ, one of the Vedángas, a Vedantic glos-

নিরুত্তর, প্রতিবাক্যে অসমর্থ, অবাক, প্রসিদ্ধ, অখণ্ড্য, without a reply, confounded, speechless, silent, clear, evident, unanswerable. [cool.

নিরুত্তাপ, তাপশূন্য, স্নিগ্ধ, free from heat, anger or jealousy,

নিরুদ্ধ, বেষ্টিত, বদ্ধ, blocked up, obstructed, hindered.

নিরুপাধি, নির্ভয়, শরণাগত, আশ্রয়প্রাপ্ত, bold, fearless, safe, secure; security, boldness.

নিরুপম, অতুল, peerless, matchless, incomparable.

নিরপেক্ষা, আদর, সম্ভ্রম, respectful attention, regard, respect.

নিরূপক, নিয়ামক, directing, regulating, &c. a director, a regulator.

নিরূপণ, নির্ণয় করণ, বিতর্কণ, সংস্থাপন, স্থিরকরণ, আজ্ঞাপন, উপক্রমণ; to ascertain, investigate, determine, decide, fix, establish, assign, appoint, prescribe, regulate, try, attempt.

নিরূহ, নিশ্চয়, নির্ণয়, ন্যায়, বিতর্ক, অনধ্যাহার বাক্য, certainty, ascertainment, logic, disputation, a complete sentence or one without ellipsis.

নিরেট, ছিদ্রশূন্য, solid, not hollow, unsplit.
নিরোধ, বেষ্টনকরা, ব্যাঘাত, a blocking up, siege, obstruction, hindrance.
নির্গত, বহির্গত, উৎপন্ন, নিঃসৃত, জনিত, অতীত, gone or sent forth, produced, extracted, expelled, proceeded, issuing, arising from, past. [outlet.
নির্গম, নিঃসরণ, যাত্রা, a going forth, departure, an issue,
নির্গমন, বহির্গমন, উৎপন্ন হওন, জনন; প্রস্থান করণ, to go forth, arise, issue, proceed from, depart.
নির্গলন, দ্রব হওন, গিলন, to melt, to dissolve, to gulp.
নির্গুণ, গুণাতীত, অকর্মণ্য, মূর্খ, void of all properties, destitute of good qualities, worthless, useless, foolish.
নির্গূহন, মারণ, হনন, to beat, to strike, to kill.
নির্ঘণ্ট-ন, সূচীপত্র, আলোচনা, a table of contents, catalogue, an examination, survey. [severe, hard.
নির্ঘাত, বজ্রাঘাত, পীড়াজনক, a thunderstroke, a severe blow;
নির্জন, শূন্য, নিরালয়, নিভৃত, uninhabited, desert, private, retired.
নির্জনে, গোপনে, privately, aside, secretly, underhand.
নির্জয়, সর্বাজয়, a complete conquest.
নির্জর, শক্ত, দৌর্বল্যহীন, অজীর্ণ, free from the infirmities of age or decrepitude. [dued.
নির্জিত, পরাস্ত, বশীভূত, conquered, overcome, entirely sub-
নির্জীব, হতপ্রাণ, দুর্বল, শ্রান্ত, lifeless, inanimate, weak, languid, exhausted.
নির্জ্য, জ্যাশূন্য ধনুঃ, unstrung, (as a bow.)
নির্ঝর, উনুই, পর্বতের ঝোরা, পর্বতীয় জলপ্রবাহ, a fountain, spring, waterfall, cascade, mountain-torrent.
নির্ঝরী, পর্বত, জলাকরযুক্ত স্থান, a mountain, a place abounding in springs, &c.
নির্ণয়, নিশ্চয়, নিষ্পত্তি, মীমাংসা, বিতর্ক, নিয়ম, স্থিরকরা, আদেশ, ব্যবস্থা, certainty, ascertainment, a decision, positive conclusion, investigation, an agreement, engagement, promise, settlement, enactment, decree.

নির্ণায়ক, নিষ্পাদক, deciding, ascertaining, leading to a conclusion, &c.

নির্ণিক্ত, পরিষ্কৃত, পবিত্র, শুদ্ধ, cleansed, purified, cleared, corrected.

নির্ণীত, স্থিরীকৃত, সম্পন্ন, স্বীকৃত, ব্যবহারিত, নিশ্চিত, settled, fixed, determined, decided, confirmed, established, usual, agreed upon, pointed out, ascertained.

নির্ণেতা, নির্ণেতৃ,—নিষ্পাদক, one who decides or aseertains, &c.

নির্দয়, নিষ্ঠুর, ক্রূর, কঠিন, hard-hearted, void of pity, merciless, unfeeling, relentless, cruel, barbarous, inhuman.

নির্দায়, মুক্ত, অনাপদ, released, free from confinement or trouble.

নির্দিষ্ট, স্থিরীকৃত, নিরূপিত, সংস্থাপিত, চিহ্নিত, fixed upon, appointed, nominated, appropriated, described, pointed out.

নির্দেশ, নিরূপণ, নিয়োজন, সাক্ষ্য, আজ্ঞা, বর্ণনা, নির্ণয়, an appointment, appropriation, designation, testimony, witness, an order, mandate, a description, ascertainment.

নির্দেশন, নির্ণয়করণ, প্রমাণসাধন, নিয়োজন, to ascertain, prove by testimony, establish, designate, appoint, appropriate.

নির্ধার, নিশ্চয়, শুদ্ধতা, ভোতা, ঋণমুক্ত, certainty, ascertainment, accuracy ; blunt, free of debt.

নির্ধারণ, নির্ণয়করণ, নিষ্পাদন, মিটান, নিয়মন, স্থির করণ, to ascertain, settle, decide, confirm, agree, covenant, bargain, give an earnest.

নির্ধূত, ঝাড়া, বহিষ্কৃত, অনাথ, ত্যক্ত, বিবর্জ্জিত, shaken out, cast out, friendless, deserted, rejected.

নির্নিশ্চ, অস্থির, অপ্রমাণ, uncertain, not established, destitute of proof or stability.

নির্বচন, কহন, বর্ণন, to speak, describe, relate, narrate.

নির্বন্ধ-ন, কৈঙ্কর্য্য, নিয়ম, আক্রম, অভিপ্রায়, অত্যন্ত চেষ্টা, slavery, bondage, an obligation, engagement, seizure, an intention, pertinacious pursuit of an object.

নির্বন্ধী, অবদ্ধ, মুক্ত, নিবন্ধত্যাগী, loosed from an obligatio-

freed, relinquishing the world from devotion to religious abstraction, &c.

নির্বহ, বদ্ধজল, not flowing, not passing away, stagnant.

নির্বাচান, কহান, জিজ্ঞাসন, চুনন, to cause to speak, utter, disclose or narrate, to extort from, to interrogate, chuse, select.

নির্বাণ, বুজান, মৃত, মোক্ষপ্রাপ্ত, extinct, extinguished, gone out, departed, defunct.

নির্বাণ, বুজানি, জুড়ানি, অস্ত, অন্তর্দ্ধান, অস্তগমন, প্রস্থান, নিবৃত্তি, বিশ্রাম, মোক্ষ, সংযোগ, সঙ্গম, অন্তর, বিদ্যোপদেশ, হস্তির অবগাহন, an extinguishing, putting out, quenching, quelling, extinction, disappearance, the setting of the sun, &c. a departure, refraining or desisting from, cessation, repose, final emancipation, union, association, confluence, a blending, space, a vacuum, instruction in science, the plunging or bathing of an elephant.

নির্বাত, আশ্রয়স্থান, কোল, নিঝুম, a sheltered place, place of refuge, a calm, close weather; sheltered from the wind, secure, close, calm.

নির্বাদ, অপবাদ, নিন্দা, নিশ্চাবাদন, নিষ্পত্তি, অবিবাদ, censure, blame, reproach, a rumour, asseveration, affirmation, decision of a controversy, absence of dispute or railing. [or put out.

নির্বাপণ, প্রাণনাশকরণ, মারণ, বুজান, to kill, cause to extinguish

নির্বার্য্য, নিঃশঙ্ক, দুর্বৃত্ত, দুঃসাহসী, acting fearlessly or without precaution, self-willed, rash. [expatriation.

নির্বাস, বহিষ্করা, দূরকরা, expulsion, ejection, banishment,

নির্বাসন, দূরকরা, অনিচ্ছ, *id:* also indifferent to, without will or inclination, dissatisfied with.

নির্বাহ, জীবিকা, কার্য্যসাধন, বাহুল্য, উপায়, সামগ্রী, সুসার, কর্ম্মসিদ্ধি, বৃত্তি, a livelihood, sufficiency; competency, abundance, a sufficient supply of means or adequate provision for the performance of any thing, means of accomplishment, expe-

dient, materials, management, accomplishment, maintenance, support.

নির্বাহক, প্রতিপালক, কুলানিয়া, সম্পাদক, a provider, maintainer, manager, superintendant; effecting, accomplishing, supplying, furnishing.

নির্বাহকারী, কুলানিয়া, যোগানিয়া, providing a sufficiency, supplying a demand, furnishing. [&c.

নির্বাহচলা, বৃত্তিব্যাঘাত, a difficulty in procuring a livelihood,

নির্বিণ্ণ, কাতর, দুঃখিত, মুগ্ধ, overcome with fear or sorrow, distressed, senseless.

নির্বিষ্ট, প্রযোগার্জিত, earned, gained as hire or wages.

নির্বৃত, শান্ত, কুশলী, easy, tranquil, in easy circumstances, prosperous, happy.

নির্বৃতি, সুখ, শান্তি, বিশ্রাম, কুশল, বিরাম, কর্ম্মসিদ্ধি, মুক্তি, মৃত্যু, ease, tranquillity, rest, repose, safety, security, easy circumstances, happiness, a cessation, desisting from, completion, accomplishment, final emancipation, death. [done.

নির্বৃত্ত, সমাপ্ত, সিদ্ধ, finished, completed, accomplished,

নির্বৃত্তি, সিদ্ধি, নিষ্পত্তি, আগমন, সন্তোষ, তৃপ্তি, মোক্ষ, an accomplishment, completion, an approach, gratification, satisfaction, final emancipation.

নির্বেশ, বেতন, উপভোগ, বিবাহ, মূর্চ্ছা, wages, hire, enjoyment, marriage, a fainting, swooning, syncope.

নির্বোধ, অজ্ঞান, মূঢ়, বুদ্ধিহীন, void of understanding, silly, foolish, simple, ignorant, uninformed.

নির্ব্যূঢ়, বিবর্জিত, ত্যক্ত, উত্তম ব্যবসা. deserted, left, abandoned; an approved occupation.

নির্ভর্ৎসন, নিন্দা, তিরস্কার, abuse, reproach, blame.

নির্ভয়, সাহসী, নিঃশঙ্ক, নির্বিঘ্ন, bold, fearless, undaunted, familiar, not timid, secure, safe, free from danger.

নির্ভর, অত্যন্ত, অতিশয়, নিঃশঙ্ক, নিত্য, অবলম্বন, ঠেস, একান্তরূপে, much, excessive, fearless, confident, permanent; a fulcrum, prop, dependance, point of support; excessively.

নির্ভাজন, অধিকারচ্যুত হওন, পদচ্যুত হওন, to be bereft of an in heritance, to be discarded from office.

নির্ভ্রম, ভ্রমবিহীন, free from error or mistake.

নির্মদ, মত্ততাশূন্য, sober, not intoxicated, quiet, out of rut.

নির্মম, অনিজ, কঠিন, নির্দয়, কৃপাহীন, not appropriated to one's self, not considered one's own, morose, severe, savage, brutal, cruel.

নির্মমত্ব, স্নেহরাহিত্য, স্নেহরহিত, want of natural affection or attachment, harshness, severity; without natural affection.

নির্মর্য্যাদ, অনাদরদায়ী, অসীম, disrespectful, not giving honour, unlimited.

নির্মল, পবিত্র, পরিষ্কৃত, স্বচ্ছ, নিরীহ, pure, clear, clean, bright, transparent, limpid, honest, fair or clear (as the weather).

নির্মাণ, গঠন, করণ, রচন, গাঁথন, শিল্পকর্ম্ম, রচনা, to form, make, fabricate, frame, build, construct, erect, mould, dispose; a manufacture, fabrication, production, &c.

নির্মাতা, গড়নিয়া, শিল্পকারী, a maker, fabricator, builder, architect, &c.

নির্মাপণ, করাণ, গাঁথান, to cause to make, require to fabricate, &c.

নির্মায়ক, কারক, রচক, গড়নিয়া, making, fabricating, &c; a maker, &c.

নির্মাল্য, পবিত্রতা, স্বচ্ছতা, নিবেদিত পুষ্পাদি, অগাঁথা, মাল্যরহিত, purity, cleanness, clearness, &c; flowers or other offerings to a deity; loose, not strung, destitute of a necklace or garland.

নির্ম্মিত, গঠিত, রচিত, কৃত, কৃত্রিম, made, formed, framed, built, fabricated, artificial, wrought.

নির্মুক্ত, খোলা, অবদ্ধ, উদ্ধৃত, খোলসত্যক্ত সর্প, liberated, set free, released, loose, having cast the slough (as serpents, &c.)

নির্মেধ, মূঢ়, অজ্ঞান, dull, stupid, heavy, inapt.

নির্মোক, সর্পের খোলস, the slough or cast skin of serpents, &c.

নির্যাণ, বহির্গমন. প্রস্থান, মোক্ষ, হস্তির অপাঙ্গ, a going forth, departure, final emancipation, the outer corner of an elephant's eye.

নির্যাতন, প্রতিহিংসা, হত্যা, ত্যাগ, পরিদান, পরিশোধ, revenge, killing, slaughter, a gift, donation, re-delivery of a deposit. payment of a debt.

নির্যাস, ক্বাথ, সারভাগ, বৃক্ষের রস, আঠা, মীমাংসা, অকম্প, স্পষ্ট, শক্ত, a decoction, extract, infusion, pith, quintescence, gum, resin, mucus, juice, bird-lime, a decision, conclusion, logical deduction; positive, categorical, firm, tight, close. [indecent.

নির্লজ্জ, নির্লাজ,—অনপত্রপ, shameless, impudent, immodest,

নির্হার, নির্গতকরা, উৎখাতন, উৎপাটন, মলমূত্রত্যাগ, ঘর্ম্মনিঃসরণ, দাহ, an extraction or drawing out, a rooting or grubbing up, evacuation of the fœces, of urine, sweat, &c. a burning, combustion.

নির্হারী, গন্ধকারক, diffusively or widely fragrant. [sical.

নির্হেতুক, প্রয়োজনশূন্য, দাবাদ, চঞ্চল, causeless, capricious, whim-

নির্হ্রাদ, শব্দ, রব, ধ্বনি, a sound, a noise.

নিলয়, গৃহ, বসতিস্থান, a house, habitation, abode.

নিলয়ন, ব্রহ্মপ্রাপ্তি, মোক্ষ. absorption, final beatitude.

নিলীন, বেষ্টিত, গুপ্ত, স্থিত, মোক্ষপ্রাপ্ত, encompassed, surrounded, wrapt up, concealed, embraced, encamped, having obtained absorption, absorpt.

নিশা, রাত্রি, রজনী, night.

নিশাকর, নিশানাথ, নিশাপতি,—চন্দ্র, the moon.

নিশাচর, পেচকাদি, গৃধ্র, প্রহরী, চোর, রাক্ষস, an owl, jackal or other nocturnal bird or animal, a watchman, a night robber, a cannibal giant or goblin prowling about in the night.

নিশাচরী, রাক্ষসী, বেশ্যা, লম্পটা, a female goblin, a street walker or prostitute, a lewd strolling woman.

নিশাপাল, প্রহরী, a watchman, a night-guard.

নিশি, রাত্রি, রাত্রিতে, at night, in the night.

নিশিত, শানিত, তীক্ষ্ণীকৃত, sharpened, whetted, set.

নিশীথ, অর্দ্ধরাত্র, midnight, deep night.

নিশীথিনী, রাত্রি, রজনী, night.

নিশুতি, গভীর নিদ্রা, the fast sleep of men in the dead of night.

নিশ্চয়, নির্ণয়, স্থিরজ্ঞান, সিদ্ধান্ত, অবধারণ, বিশ্বাস, প্রতিজ্ঞা, স্পষ্ট, ঠিক,

অবশ্য, প্রত্যক্ষতঃ, certainty, ascertainment, clear knowledge, a positive conclusion, decision, determination, resolution, belief, affirmation; clear, certain, plain, positive, sure, exact; certainly, positively, confidently, resolutely, clearly, &c. [firmation.

নিশ্চয়কথা, নিশ্চয়বাদ, স্থিরবাক্য, an asseveration, positive af-

নিশ্চয়জ্ঞান, দৃঢ় বিশ্বাস, শ্রদ্ধা. persuasion, certainty, conviction, undoubted belief.

নিশ্চয়ত্ব, সত্যতা, যাথার্থ্য, প্রকৃতত্ব, truth, accuracy, veracity, certainty, assurance.

নিশ্চল, অনড়, স্থাবর, স্থায়ী, অচঞ্চল, immoveable, still, fixed, stationary, firm, steadfast.

নিশ্চলন, লুপ্ত, অচলিত, not current, obsolete.

নিশ্চায়ক, নির্ণায়ক, নিষ্পাদক, ascertaining, deciding, &c.; one who decides, &c. [certain, sure.

নিশ্চিত, নির্ণীত, পরিজ্ঞাত, স্থির, ascertained, certainly known,

নিশ্চিতকর্ম্মা, স্থিরধী, স্থিরবিবেকী, acting decidedly, proceeding cautiously or on sure grounds.

নিশ্চিন্ত, সুস্থির, উদ্বেগশূন্য, careless, thoughtless, unconcerned, free from anxiety. [not porous.

নিশ্ছিদ্র, দোষরহিত, ছিদ্রশূন্য, faultless, pure, without holes,

নিশ্চেষ্ট, আলস্যিয়া, নিষ্কর্ম্মী, inactive, motionless, without exertion. [piration.

নিশ্বাস, প্রাণবায়ু, প্রশ্বাস, breath, breathing, inspiration, res-

নিষঙ্গ, তূণ, a quiver. [man.

নিষঙ্গী. তূণধারী, ধন্বী, carrying a quiver; an archer, bow-

নিষণ্ণ, উদ্বিগ্ন, উৎকণ্ঠিত, sad, dejected.

নিষাদ, উৎকণ্ঠ, চণ্ডাল, dejection, sadness, a particular class of outcasts. [bidden, denied.

নিষিদ্ধ, বাধা, বারিত, অস্বীকৃত, prohibited, interdicted, for-

নিষেক, গর্ব্ভোৎপাদন, the impregnation of the uterus, injection of sperm. [a preventive.

নিষেদ্ধা, নিষেধী,—বারণকারী, one who prevents or prohibits,

নিষেধ-ম, বারণ, অপহ্নব, a prohibition, restriction, prevention, denial or negation.

নিষেবণ, সেবা, ঔষধি পানকরা, service, attendance, the taking of medicine. [gold, a neck ornament.

নিষ্ক, এক শত অষ্ট তোলা স্বর্ণ, অলঙ্কার বিশেষ, a certain weight of

নিষ্কণ্টক, কণ্টকশূন্য, দুঃখশূন্য, free from thorns, free from trouble or anxiety.

নিষ্কর, অকরদায়ী, free from tribute or taxes, untaxed.

নিষ্কর্ম্মা, নিষ্কর্ম্মান্বিত,—অব্যবসায়ী, আলসিয়া, unemployed, unoccupied with business, idle. [useless.

নিষ্কর্ম্মী, আলসিয়া, অকর্ম্মণ্য, idle, not diligent, unemployed,

নিষ্কর্ষ, নিশ্চয়, প্রমাণ, নিষ্পত্তি, নিয়োগ, বিশ্বাস, নিশ্চিত, সত্য, প্রত্যক্ষ, ঠিক, অবশ্য, certainty, evidence, proof, decision, determination, appointment to office, trust, belief; certain, plain, clear, exact, positive; positively, clearly, expressly.

নিষ্কর্ষণ, নিষ্পত্তি করণ. মিটান, প্রত্যক্ষকরণ, বিশ্বাস রাখন, নিয়োজন, to come to a point or decision, conclude, ascertain, believe, appoint, assign.

নিষ্কল, ন্যূনীকৃত, অক্ষম, অনংশ, অনশ্বর, diminished, waned, impotent, barren, without parts, indestructible. [menstruation.

নিষ্কলা. নিষ্কলী,—গতরজসা, অফলা, *f.* past child-bearing, past

নিষ্কাশন, বহিষ্করণ, ছাড়ান, ব্যয় করণ, বহির্গমন, গঞ্জন, নিধান, বিকশন, to expel, cast out, dismiss, expend, go forth, place, deposit, revile, to blow as a flower.

নিষ্কুল, বহিষ্কৃত, বিষয়ত্যাগী, expelled or voluntarily withdrawn from all family connections.

নিষ্কৃতি, উদ্ধার, রক্ষা, মুক্তি, deliverance, salvation, acquittal, clearance from a charge, &c.

নিষ্কৃত্রিম, অগঠিত, প্রকৃত, not artificial, true, genuine.

নিষ্কৃষ্ট, নিশ্চিত, স্পষ্ট, যথার্থ, ascertained, plain, clear, positive. [expulsion.

নিষ্ক্রমণ, বহির্গমন, নিঃসারণ, a going forth, bringing out, exit,

নিষ্ক্রান্ত, গত, প্রস্থিত, বহিষ্কৃত, নিঃসারিত, gone, gone forth, departed, brought out, expelled.

নিষ্ক্রামক, বহিষ্কারক, নিঃসারক, expelling, bringing forth.

নিষ্ক্রিয়া, নিরর্থক, অফল, মিথ্যা, useless, ineffectual.

নিষ্ঠ, স্থির, অনন্যচেতাঃ, তৎপর, অভিনিবিষ্ট, ধার্ম্মিক, fixed, established, occupied, engaged in, devoted to, religious, devout, virtuous.

নিষ্ঠা, দৃঢ় ভক্তি. মনোযোগ, শ্রদ্ধা, বিশ্বাস, দৃঢ়জ্ঞান, firm establishment in religion, devotion, religious austerity, belief, confidence, affiance, certainty.

নিষ্ঠীব, থুথু, শ্লেষ্মাদি ত্যাগ, spittle, saliva, a spitting.

নিষ্ঠুর, নির্দ্দয়, কঠিন, কর্কশ, cruel, unfeeling, hard-hearted, harsh, strict, severe, morose.

নিষ্ঠেবন, থুথু ফেলন, শ্লেষ্মাদি ত্যাগন, a spitting, spitting out of saliva.

নিষ্ণাত, প্রবীণ, পণ্ডিত, skilful, clever, conversant, learned.

নিষ্পত্তি, সমাপ্তি, পূরণ, সিদ্ধি, সিদ্ধান্ত, আদেশ, a completion, termination, conclusion, finishing, fulfilment, decision, determination, award, settlement, sentence, order.

নিষ্পত্তিকর, বিচারকর্ত্তা, মধ্যস্থ, a judge, umpire, one who decides, &c.

নিষ্পন্ন, সমাপ্ত, সিদ্ধ, আদিষ্ট, উৎপন্ন, done, finished, concluded, completed, decided, settled, ordered, regulated, born, produced.

নিষ্পলক, অনবরত, স্থির, incessant, without intermission, steady; a fixed gaze.

নিষ্পাদন, সমাপন, মিটান, সিদ্ধান্তকরণ, প্রতিজ্ঞা পূরণ, to accomplish, complete, conclude, finish, decide, award, regulate, fulfil a promise.

নিষ্পীড়ন, নিঙড়ান, to wring, wring out, squeeze, press out.

নিষ্পেষণ, বাটন, মর্দ্দন, to rub or grind to powder, smash, tread on, trample.

নিষ্প্রভ, দীপ্তিরহিত, অস্বচ্ছ, gloomy, dark, obscure, opake, dull.

নিষ্প্রয়োজন, নিরর্থক, অকারণ, needless, unnecessary, causeless, groundless.

নিষ্ফল, অফলক, নিরর্থক, অকর্ম্মণ্য, fruitless, ineffectual, needless, useless, unprofitable, abortive, barren.

নিসর্গ, প্রকৃতি, ভাব, স্বীয়ধর্ম্ম, ত্যাগ, nature, natural state, peculiar character or condition, rejection, abandonment.

নিস্তরণ, পার হওন, উদ্ধার পাওন, to cross or get over, find deliverance or salvation, &c.

নিস্তার, রক্ষা, উদ্ধার, ত্রাণ, মুক্তি, salvation, preservation, deliverance, rescue, acquittal, beatitude. [&c.

নিস্তারক, ত্রাণকর্ত্তা, a saviour, deliverer, preserver; saving,

নিস্তারণ, উদ্ধরণ, বাঁচান, to save, deliver, rescue, preserve, acquit. [quitted.

নিস্তীর্ণ, রক্ষিত, উদ্ধৃত, মুক্ত, saved, rescued, delivered, ac-

নিস্তুল, অসম, অসদৃশ, অনুপম, unequal, uneven, unlike, unrivalled, peerless, matchless.

নিস্তেজ, ঘোর, ভোতা, প্রতাপহীন, দুর্ব্বল, obscure, dull, blunt, without energy, zeal or virtue, weak, infirm, flaccid. [dent, rude.

নিস্ত্রপ, নির্লজ্জ, অশিষ্ট, shameless, immodest, bold, impu-

নিস্পন্দ, স্পন্দনরহিত, নির্জীব, মূর্চ্ছিত, motionless, still, inanimate, senseless. [bankrupt.

নিস্ব, নির্ধন, দুঃখী, দেউলিয়া, poor, indigent, destitute,

নিস্বন, শব্দ মাত্র, গর্জ্জন, a sound, loud noise, bellow.

নিহনন, মারণ, প্রাণ নাশ করণ, to smite, kill, slaughter, murder. [guinary person.

নিহন্তা, মারক, সংহারক, বধিক, a murderer, manslayer, san-

নিহানী, নিহাজী,— অয়োঘন, an anvil.

নিহার, শিশির, হিম, frost, cold.

নিহারণ, ঠাহরণ, অবলোকন, to view, behold, survey.

নিহিত, স্থাপিত, গচ্ছিত, দত্ত, placed, deposited with, entrusted to, committed to one's care, given.

নিহ্নব, অপলাপ, ফাকী, অবিশ্বাস, গুপ্তকথা, concealment, denial, secrecy, dissimulation, mistrust, suspicion, a secret. [mistrusted.

নিহ্নুত, অপলাপিত, অস্বীকৃত, গুপ্ত, denied, concealed, secret,

নিহ্নুতি, অপলাপ, গূঢ়তা, অপ্রত্যয়, denial, concealment, secrecy, reserve, mistrust. [mistrusts.

নিহ্নোতা, অপলাপী, অপ্রত্যয়ী, one who denies, conceals or

নীকাশ, তুল্য, সদৃশ, *affix*: like, resembling.

নীচ, খাট, বাউনিয়া, নিম্ন, অপকৃষ্ট, অধম, সাধারণ, অধঃস্থ, অধস্তে, তলে, low, short, dwarf, deep, vile, base, mean, common, vulgar; *in comp:* down, below, under, beneath.

নীচগ, নীচগামী,—অধোগামী, নিম্ন, অধম, descending, going down, low, deep, mean.

নীচা, তল, গোড়, the lower part, bottom, skirt, base, [foundation.

নীচাশয়, ক্ষুদ্রমনাঃ, অধম, low-minded, servile, base, of mean views.

নীচু, নীচে,—অধস্তে, তলে, below, beneath, down, under, [at the bottom.

নীচৈঃ, ধীরে, অনুচ্চৈঃস্বরে, slowly, softly, in a low voice.

নীড়, পক্ষির বাসা, a bird's nest.

নীড়জ, পক্ষী, a bird ; produced in a bird's nest.

নীত, গৃহীত, প্রাপ্ত, লব্ধ, taken, received, obtained, gained.

নীতি. উচিত ব্যবহার, ন্যায়, প্রাপ্তি, ধারা, রীতি, virtuous conduct, morality, justice, right, ethics, moral philosophy, an acquisition, acquirement, conduct, practice.

নীতিকথা, হিতোপদেশ, a moral tale or discourse, fable, &c.

নীতিবিদ্যা, নীতিশাস্ত্র,—হিতোপদেশক শাস্ত্র, the science of morals, ethics, political science.

নীতিমান্, যথার্থ, পুণ্যবান্, just, righteous, moral, virtuous.

নীবি, স্ত্রীলোকের কটীদেশের বস্ত্রবন্ধন, মূলধন, a woman's zone, a cloth round the waist, a stock in trade, a capital, principal.

নীয়মান, গ্রাহ্যমান, যাহা গ্রহণ করা যাইতেছে, being now taken or [led.

নীয়ন্তা, গৃহীতা. ব্যাপারী, a receiver, a taker, dealer, chapman.

নীয়া, আদান, গ্রহণ, the taking of a thing, a taking up.

নীর, জল, সলিল, রস, water, juice, liquor

নীরক্ত, রক্তহীন, bloodless, destitute of blood.

নীরজাঃ, অরেণু, অরজস্বলা, রজোগুণহীন, without pollen, without menstrual evacuations, destitute of the quality of passion or activity, without fame.

নীরদ, জলদ, মেঘ, অদন্ত, giving water, toothless ; a cloud.

নীরনিধি, সমুদ্র, সাগর, the sea, the ocean.

নীরব, অবাক্, নিঃশব্দ, silent, speechless, taciturn.

নীরস, রসহীন, শুষ্ক, বিস্বাদু, without juice or moisture, withered, dry, parched, sapless, tasteless, insipid.

নীরসকারক, নিঙ্গড়ানিয়া, নিষ্পীড়ক, rapacious, impoverishing, draining, extracting juices, &c.

নীল, কৃষ্ণ বর্ণ, নীলবর্ণযুক্ত বৃক্ষ বিশেষ, blue, dark blue; indigo, a blue sapphire. [a blue jay.
নীলকণ্ঠ, শিব, ময়ূর, Shiva or the blue-throated, a peacock,
নীললোহিত, ধূম্র, শিব, purple, mixed red and blue; Shiva.
নীলিকা, নীলী.—নীলগাছ, the indigo plant.
নীহার, শিশির, হিম, frost, hoar frost.
নুয়ন, নোয়ন,—হেলন, বাঁকন, নম্রাচরণ, to incline, bend, bend down, be bent, be humble. [gether.
নুটী, আঁটি, পুলিন্দা, a bundle of any thing wrapped to-
নুড়, গোছা, পণ, a wisp of straw or grass, a wager.
নুড়ী, ক্ষুদ্র প্রস্তর, কঙ্কর, শিলাপুত্র, পণ, a pebble, piece of brick or stone, a muller, a stake, a gage.
নুণ, লবণ, নোণ, salt. [in salt.
নুণিয়া, সলবণ, নোণা, লাবণিক, salt, saltish, selling or dealing
নুণী, নুণিয়া,—শাক বিশেষ, purslain. [entreaty.
নুতি, স্তব, কাকুতি, প্রার্থনা, praise, flattery, solicitation.
নুন্ন, প্রেরিত, আজ্ঞাপিত, আদিষ্ট, sent, ordered, dispatched, commanded.
নুন্দি, স্থূলকায়, পেটাল, corpulent, fat, abdominous.
নুরুড়ী, ঘণ্টার জিহ্বা, নলী, the tongue or clapper of a bell, the windpipe. [down, humble.
নুয়ান, নোয়ান,—বাঁকান, নমান, to bend, bend down, bring
নুলা, কুব্জহস্তবিশিষ্ট, lame or maimed in the hand.
নূতন, নবীন, সদ্যোজাত, আধুনিক, new, novel, recent, fresh, young, upstart.
নূন, অবশ্য, হইতে পারে, certainly, assuredly, probably, perhaps; also *a particle of doubt or recollection, an expletive.* [ancles.
নূপুর, পাদ ভূষা বিশেষ, a sounding ornament or ring for the
নৃ, পুরুষ, পুং, *in compos*: a man, a male.
নৃঘ্ন, হন্তা, ঘাতক, a manslayer, a murderer.
নৃত্য, নাচ, অঙ্গভঙ্গী, a dance, a dancing with gesture, gesticulation, an acting, jumping, skipping about.
নৃপ, নৃপতি, নৃপাল,—রাজা, a king, a sovereign.
নৃপাত্মজ, রাজকুমার, a king's son, a prince.
নৃশংস, পরমদ্বেষী, ঘাতক, হিংসুক, malicious, malignant, mur-

derous, destructive, hurtful, injurious, mischievous.

নৃসিংহ, বিষ্ণুর অবতার বিশেষ, প্রধান মনুষ্য, Vishnu's fourth incarnation as a man-lion, a noble, eminent or honourable man.

নেউট, পোষা জন্তু, a tame or pet animal.

নেউটন, ফিরণ, গতায়াত করণ, to turn, turn back, return, go and come, go back and forward.

নেউটপাড়া, যাতায়াত, intercourse, intimacy, going and coming.

নেউল, নকুল, বেজী, the ichneumon or mongoose.

নেওন, লওন, প্রাপণ, উড়ান, to take, to receive, to spend.

নেং, অঙ্ঘ্রি, the leg.

নেংচন, নেংড়ান,—খোঁড়ান, to halt, limp, be lame.

নেংটা, নেংটিয়া—উলঙ্গ, বিবস্ত্র, naked, stripped, undressed.

নেংটিয়া, উন্দুর, a mouse.

নেঙা, নেঙ্গা, নেটা,—বেজা, left-handed.

নেকড়া, কানি, a rag, a bit of cloth.

নেকড়িয়া, নেকড়্যা,—গোবাঘা, কেন্দুয়াবাঘ, a hyæna, a wolf.

নেকা, পাগলামিটিয়া, অজ্ঞানীকারক, acting foolishly, silly, playing the buffoon.

নেকার, উদ্গার, বমি, a nausea, a vomiting.

নেজ, ক্রম, পাদনিক্ষেপ, a step.

নেঙ্গড়া, নেংড়া,—খঞ্জ, খোঁড়া lame, limping.

নেজ, পুচ্ছ, লাঙ্গুল, an animal's tail.

নেটুয়া, নর্ত্তক, বেজা, a dancing boy ; left-handed.

নেড়া, ন্যাড়া,—ন্যাণ্ড়, মুণ্ডিত, টাকপড়া, কৌপীনধারী ভিক্ষুক, destitute of leaves or twigs, pollard, lopped, shorn, bald ; a sect of religious mendicants.

নেড়ী, গায়কী, ধুমড়ী, a female ballad singer or religious mendicant, a vagabond woman.

নেড়্যা, যবন, a contemptuous appellation for Massalmáns.

নেত, কাপড় বিশেষ, a sort of cloth.

নেতা, নেতৃ,—গৃহীতা, অগ্রগামী, স্বামী, ঠক, খাল, নদীর বেণী, one who takes, a receiver, leader, guide, master, owner, a rogue, an inlet or branch of a river.

নেতাড়ি, অর্দ্ধশ্লোক, অর্দ্ধ, a hemistich or half stanza ; half.

নেত্র, চক্ষুঃ, the eye.
নেত্রাম্বু, চক্ষুর জল, a tear, tears.
নেদিষ্ঠ, নেদিয়ান্,—অতিনিকট, very near, nearest, nearer.
নেপা, ত্বক্, চর্ম্ম, a membrane or web.
নেপাপা, লিপ্তপা, পাতাপা, web-footed.
নেবা, পাণ্ডু রোগ, the jaundice.
নেবু, জম্বীর, জামীর, লেবু, a lime or lemon.
নেমি, চক্রের অন্তভাগ, the circumference of a wheel or circle.
নেলান, চেতান, চৌবান, to excite, stimulate, encourage, set on as a dog, &c.
নৈন, মৃত্তিকাদির পিণ্ড, নবীন, a lump of earth or dough; new, young.
নৈকট্য, সামীপ্য, nearness, vicinity, proximity.
নৈগম, বণিক, উপনিষদ্, a merchant, shop-keeper, tradesman, an Upunishad.
নৈত্য, আনন্ত্য, চিরস্থায়িত্ব, eternity, continuance, perpetuity, certainty.
নৈখাস্নী, অনশ্বর ভূমিচিহ্ন, an imperishable landmark.
নৈপুণ্য, দাক্ষ্য, পটুতা, cleverness, skill, ability, eminence in art &c.
নৈবেদ্য, ভক্ষদ্রব্য, উৎসর্গ, an offering, oblation, present.
নৈমিত্তিক, নৈমিত্তক,—উৎপাদক, হেতুক, প্রযুক্ত, causal, causing, producing, procuring, having a cause, done to accomplish an object.
নৈয়ায়িক, ন্যায়শাস্ত্রবেত্তা, তার্কিক, a Nyáya philosopher, a logician.
নৈযুক্ত্য, পদনিয়োগ, appointment to office, an appointment.
নৈর্ঋত, দক্ষিণ পশ্চিম কোণের অধিপতি, the south-west quarter or its ruler, a dæmon, a fiend.
নৈশ্চর্য্য, নিষ্পত্তি, সত্যবাদিতা, a decision, clearness, veracity.
নৈষ্কিক, রৌপ্যবিষয়ে নিযুক্ত, the master of the mint.
নৈষ্ঠিক, গুরুগৃহস্থায়ী, ব্রহ্মচারী, a religious student constantly resident with his spiritual tutor.
নৈষ্ঠ্য, দৃঢ়বিশ্বাস করিয়া মতাবলম্বন, firm establishment in any belief.
নৈসর্গিক, স্বাভাবিক, natural, ärising from the nature of a thing.
নৈস্ত্রিংশিক, অসিবিশিষ্ট, a swordsman; armed with a sword.
নোঙরা, নোঙরাটিয়া,—অপবিত্র ভোজনকারী, feeding in a filthy manner, filthy, beastly.
নোড়, খাদ, মরা, alloy, base mixture, base coin.
নোণা, লবণ, saltish, brackish; salt or brackish water.

নোনা, আতাফল, a species of custard apple.

নৌ; নৌকা,—তরি, a boat, a ship, a vessel.

ন্যক্কার, বমি, ঘৃণা, অনাদর, ধিক্কার, a nausea, loathing, disgust, abhorrence, contempt, disrespect.

ন্যক্কার্য্য, ঘৃণার্হ, বমনোৎপাদক, odious, abominable, loathsome, disgustful, nauseous. [vile.

ন্যঙ, ন্যক,—বাউন্যা, অধম, dwarf, short, low, base, mean,

ন্যঙ্গা, লেঙড়া, খোঁড়া, club-footed, lame.

ন্যস্ত, নিক্ষিপ্ত, স্থাপিত, সঞ্চিত, deposited, pledged, placed, consigned, hoarded, accumulated.

ন্যস্তক, উপার্জ্জক, সঞ্চয়কারী, hoarding, saving, accumulating.

ন্যাকা, অজ্ঞান, স্থূলবুদ্ধি, ignorant, stupid, silly, uninformed, clownish, awkward.

ন্যাকার, বমি, উদ্গার, a vomiting, a throwing up.

ন্যাটা, বেজা, left-handed.

ন্যায়, রীতি, যাথার্থ্য, তর্কশাস্ত্র, বিচার, ধর্ম্ম, ঔচিত্য, বিতর্ক, বিবেচনা, দর্শন বিশেষ, সদৃশ, তুল্য, right, justice, equity, law, righteousness, propriety, fitness, truth, logic, examination, investigation, one of the six philosophical systems; like, resembling.

ন্যায়ক, বিচারকর্ত্তা, তর্কশাস্ত্রবেত্তা, a judge, logician, just reasoner.

ন্যায়তঃ, যথার্থতঃ, বিচারতঃ, according to right, agreeably to justice or equity, equitably, righteously.

ন্যায়শাস্ত্র, তর্কশাস্ত্র, writings on the Nyáya philosophy.

ন্যায়ী, বিচারসিদ্ধ, উচিত, যাথার্থিক, rational, right, proper, just, equitable, doing right.

ন্যায্য, উচিত, উপযুক্ত, বিচারণীয়, প্রাপ্যধন, অধিকার, right, proper, fit, deserved, due, litigable, recoverable at law, a right, inheritance. [sufficient.

ন্যাঢ্য, তৃপ্ত, ধনবান্, যথেষ্ট, satisfied, wealthy, successful,

ন্যাস, নিক্ষেপ, স্থাপ্যধনাদি, নাসিকাদি গ্রহণ করিয়া জপকরা, a deposit, a pledge, a mode of prayer.

ন্যুব্জ, বক্র, কুব্জ, অধোমুখ, দর্ব্বী, bent, crooked, curved, hump-backed, stooping, looking downwards; a ladle. [less, little, few.

ন্যূন, অপূর্ণ, অবহুল, অল্প, deficient, wanting, defective,

ন্যূনাতিরেক, ন্যূনাধিক,—অধিকাল্প, less or more.
ন্যূনাধিক্য, তারতম্য, a deficiency or excess, less or more.

প.

পংক্তি, পঙ্‌ক্তি,—শ্রেণী, দশাক্ষর ছন্দ, দশ, a row, range, rank, line, a stanza of four lines of ten syllables each; *in comp:* ten.
পঁহুছন, আগমন, উত্তরণ, ব্যাপন, to arrive at, come or reach to.
পক্ব, পাকা, পরিণত, সিদ্ধ, ক্লিন্ন, উত্তম, প্রাজ্ঞ, নিপুণ, ripe, mature, concocted, cooked, digested, suppurated, substantial, of good materials, of mature understanding, intelligent.
পক্ষ, পালখ, স্বগণ, পার্শ্ব, সহায়, মাসের অর্দ্ধেক, প্রসক্ত বাক্য, মত, অনুমান, কল্প, বিতণ্ডা, প্রতিবাদ, a feather, wing, plume, a side, flank, party, partizan, friend, proxy, a flock, an army, a fortnight, a proposition or side of an argument, thesis, position, doctrine, inference, alternative, contradiction, opposition, a reply, law-plaint.
পক্ষতি, প্রতিপৎ, পাখার মূল, the first day of the wane or increase, a pinion.
পক্ষপাত, পক্ষতা, সহকারিতা, partiality, favouritism, collusion, [aid.
পক্ষপাতী, পক্ষবদ্ধ, অনুরোধী, partial, leaning or attached to; a partizan.
পক্ষবান্‌, পক্ষযুক্ত, পালখাচ্ছাদিত, winged, feathered, fledged.
পক্ষব্যাপী, প্রসঙ্গের সর্ব্বাঙ্গব্যাপী, embracing the whole of a theme or thesis.
পক্ষলক্ষণ, আদালতের বিষয় প্রমাণক চিহ্ন, the mark of a valid [plaint, a true bill.
পক্ষাঘাত, অঙ্গঅবশ, অর্দ্ধাঙ্গ রোগ, palsy, paralysis, apoplexy.
পক্ষান্তরে, অন্যপক্ষে, নতুবা, on the other side, on the contrary supposition, otherwise.
পক্ষিণী, বিহঙ্গী, দিনদ্বয়ের সহিত রাত্রি, a hen-bird, a night with the days preceding and following.
পক্ষিমারা, ব্যাধ, বেদে, a bird-catcher, a fowler.
পক্ষিরাজ, গরুড়, ময়ূর, দ্রুতগামী ঘোটক, Garura king of birds, a peacock, a swift horse.

পক্ষী, বিহঙ্গম, পক্ষবিশিষ্ট, a bird, a fowl ; having wings &c.
পক্ষ্ম, চক্ষুঃপাতার লোম, কেশর, সূত্র, an eye-lash, the filament of a flower, a thread, a fibre.
পগার, সেতু, আলি, a mound, bank, a trench and mound.
পঙ্ক, কর্দ্দম, পাপ, mud, mire, dirt, soft clay, sin, guilt.
পঙ্কজ, পঙ্কেরুহ,—পদ্ম, কমল, the lotus or water-lily.
পঙ্কিল, কাদাটিয়া, কর্দ্দমযুক্ত, muddy, miry, plashy, clayey.
পঙ্গ, ফড়িঙ্গ, লোকশ্রেণী, a grasshopher, a locust, a line or circle of people seated to eat.
পঙ্গপাল, ফড়িঙ্গ সমূহ, a flight of locusts or grasshoppers.
পঙ্গু, নেঙ্গড়া, চলৎশক্তিরহিত, lame, halt, crippled, without legs, without the power of moving.
পচন, সড়ন, গলন, ক্ষরণ, দরণ, to putrify, mortify, rot, moulder, fall to decay, be musty, spoil, stink.
পচা, দূষিত, সড়া, নষ্ট, জরা, rotten, corrupt, putrid, musty, tainted, spoiled, digested. [steep.
পচান, জারণ, সড়ান, to promote putrifaction, to macerate,
পচাকাল, কাদাযুক্ত সময়, wet sloppy weather. [stench.
পচানী, সড়াভাব, দুর্গন্ধ, putridity, putrescence, rottenness,
পচাল, অকথ্য, কটুবাক্য, obscene, scurrilous ; indecent talk, ribaldry. [lously.
পচালিয়া, আল্‌গামুখ, কটুবাদী, talking obscenely or scurri-
পচ্য, পাকযোগ্য, digestible. [ripening.
পচ্যমান, যাহা পাক হইতেছে, under digestion, in cooking,
পঞ্চ, পাঁচ, মধ্যস্থ, five; an arbitrator, an umpire.
পঞ্চক, পাঁচসম্বন্ধীয়, পঞ্চমাংশ কর, five, relating to five, made of five, bought with five ; a tax of a fifth part.
পঞ্চকোল, মিলিত পাঁচ কালবস্তু, a compound of five spices.
পঞ্চগব্য, দুগ্ধ, দধি, ঘৃত, গোময়, গোমূত্র, the five productions of the cow, milk, curds, ghee, urine and dung.
পঞ্চতপাঃ, তপস্যা বিশেষ, a sitting between four fires in the burning sun as a religious mortification.
পঞ্চত্ব, পঞ্চতা,—মৃত্যু, death considered as a resolution into the five primary elements.
পঞ্চপল্লব, ঔষধি বিশেষ, a medicinal preparation from the sprouts of five different trees.

পঞ্চপ্রাণ, প্রাণাদি পাঁচ বায়ু, the five vital airs of the body.

পঞ্চভূত, পৃথিবী, জল, তেজঃ, বায়ু, আকাশ, এই পাঁচ, the five primary elements.

পঞ্চভূতাত্মা, ব্যক্তি, প্রাণী, an individual as consisting of the five elements.

পঞ্চম, পাঁচভিন্ন, পাঁচের পূরণ, fifth; the fifth musical note.

পঞ্চরঙ্গী, বিচিত্র, বহুরঙ্গ, motley, variegated.

পঞ্চরত্ন, স্বর্ণাদি পাঁচ, the five precious things, or gold, silver, pearls, chrystal and copper.

পঞ্চশর, মদন, কন্দর্প, Káma Deva or the Indian Cupid.

পঞ্চশাখ, হস্ত, the hand; branching out in five directions.

পঞ্চসূনা, চুল্লীপ্রভৃতি পাঁচপ্রকার প্রাণিবধস্থান, these five,—the hearth, curry-stone, broom, pestle and mortar, and the water-pot, as accidentally destructive to insects, &c. [the castor plant.

পঞ্চাঙ্গুল, হস্তবৎ, ভেরেণ্ডা বৃক্ষ, digitated, measuring five fingers;

পঞ্চায়ৎ, সমাজ, সভা, an assembly, a council.

পঞ্চায়তী, মিলিত পাঁচ লোকের কর্ত্তব্যকর্ম্ম, a custom in which five persons unite. [sign leo.

পঞ্চানন, শিব, সিংহ, সিংহরাশি, five-faced, *i. e.* Shiva, a lion, the

পঞ্চায়িত, মধ্য, মধ্যস্থাণী, the midst, mediatorship, arbitration.

পঞ্জর, পর্শুকা, খাঁচা, a rib, the side or ribs, a cage, an aviary.

পঞ্জিকা, তিথিবারাদিজ্ঞাপক পত্র বিশেষ, an almanack, a calendar.

পট্ট, চিত্রিত বস্ত্র, চট্, চাল, চিত্র, cloth either thick, fine or coloured, canvass, the field or canvass of a picture, an outer tent-fence, a roof, thatch, a map, picture, curtain. [the bladder.

পটকা, পটাকা,—অগ্নিখেলার টোটা, ফোপ্পা, a squib, cracker,

পটকার, চিত্রকর, তন্তুবায়, a draughtsman, limner, designer, a weaver.

পটময়, কাপড়নির্ম্মিত, তাম্বু, made of cloth; a tent, a petticoat.

পটল, গৃহের চাল, রাশি, সমূহ, চুপড়ী, ছানী, চন্দনময় তিলক, প্রকরণ, a roof or thatch, a heap, collection, multitude, train, retinue, a basket, a film on the eye, a sandal-wood mark on the forehead, a division of certain books.

পটহ, ঢক্কা, a war-drum, a kettle-drum.
পটান, অনুকূলাচরণ, ফলান, to afford facilities, to forward, to make a work successful.
পটী, পট্টী,—বস্ত্রখণ্ড, বন্ধনী, ভূমিখণ্ড, পাড়া, a slip of cloth, bandage, roller, list, edge, a strip of land, a quarter in a market.
পটীর, চন্দন, ক্ষেত্র, বায়ুগুল্ম, sandal-wood, a field, a hypochondriac.
পটু, নিপুণ, চতুর, পারগ, ঠক, বকুয়া, বিকশিত, নীরোগ, ঊর্ণা কাপড়, clever, expert, skilful, diligent, active, able, smart, shrewd, crafty, fraudulent, talkative, open, blown, expanded, hale, healthy; woollen cloth.
পটুয়া, চিত্রকর, দেবমূর্ত্তিনির্ম্মায়ক, a painter, limner, an idol or image maker.
পটুকা, কটিবন্ধনী, a girdle, sash, belt.
পটোল, ফল বিশেষ, palwal or a species of cucumber.
পট্‌কন, হস্তযুদ্ধে পরাস্ত হওন, হারণ, to slip or fall in wrestling, to stumble, to be thrown.
পট্‌কান, পাছড়ান, to throw in wrestling, overcome, displace.
পট্ট, কৌষেয় বস্ত্র, বন্ধনী, wove silk, cloth, a bandage.
পট্টরাণী, পট্টমহিষী,—রাজার প্রধানা স্ত্রী, the chief or queen among a king's wives.
পট্টিশ, অস্ত্র বিশেষ, a sort of weapon, a two-edged sword.
পট্‌পটী, লতা বিশেষ, a sort of club rush, a pop-gun
পঠন, পড়ন,—পাঠকরণ, অধ্যয়ন, to read, peruse, recite, repeat.
পড়ন, গোরণ, ঝরণ, লুপ্ত হওন, ঘটন, আক্রমণ, শয়ন, to fall, fall down, drop, fall into disuse or decay, to invade, fall upon, occur, happen, lie, recline.
পড়শী, প্রতিবাসী, a neighbour.
পড়া, উৎসৃষ্ট, শূন্য, পতিত, পাঠ, অধ্যয়, ফেলা, আক্রম, waste, uncultivated, fallen; a lesson, reading, perusal, a throw at dice, an onset, attack.
পড়ান, অধ্যাপন, ফেলন, ঢালন, to teach or make to read, to throw down, spill, pour, &c.
পড়ুয়া, শিষ্য, ছাত্র, a pupil, learner, scholar, schoolboy.
পণ, কোটি, নিয়ম, প্রতিজ্ঞা, মূল্য, বেতন, অশীতি কপর্দ্দক, a wager, bet, stake, bargain, agreement, engagement,

compact, stipulation, condition, price, wages, eighty cowries.

পণাপণ, অপ্রয়োগ, অপ্রয়োজনার্হ, an indifferent matter.

পণিতব্য, পণ্য,—বেচনীয়, বিক্রয়ণীয়, to be sold, vendible, saleable, marketable. [ure, miscarriage.

পণ্ড, নপুংসক, নিরর্থক শ্রম, a eunuch, a blank in a lottery, fail-

পণ্ডশ্রম, ব্যর্থায়াস, any fruitless labour, useless or unsuccessful plodding or exertion.

পণ্ডা, পাণ্ডিত্য, বুদ্ধি, learning, philosophy, science, wisdom.

পণ্ডিত, বিদ্বান্, learned, wise; a learned man, a philosopher.

পণ্য, বিক্রেয় দ্রব্য, মূল্যানুযায়ী দ্রব্য পরিমাণ, পারাণী, any merchandize, a commodity for sale, the quantity for a given price, ferriage.

পতঙ্গ, ফড়িঙ্গ, পক্ষী, a grasshopper, a locust, a bird.

পতদ্গ্রাহ, নিষ্ঠীবাধার, a spitting pot or salivary.

পতন, অবশে অধোগমন, স্খলন, ক্ষরণ, চ্যবন, to fall, to fall down, to slip, drop, pour, pour out.

পতয়ালু, পতনশীল, liable or having a tendency to fall.

পত্র, লৌহাদির পাত, a plate of metal, an iron hoop.

পতাকা, ধ্বজা, চিহ্ন, a flag, ensign, banner, signal. [band.

পতি, প্রভু, স্বামী; a lord, master, owner, possessor, hus-

পতিত, স্খলিত, উজিত, পরাভূত, উৎপন্ন, শূন্য, উচ্ছট, ভ্রষ্ট, দুষ্ট, fallen, alighted, defeated, descended, born, neglected, uncultivated, fallow, laid with grass, fallen from virtue, abandoned.

পতিপ্রাণা, পতিব্রতা,—সহগামিনী, সতী, স্বীয়া, *f.* chaste, devoted to or burning with her husband, a virtuous and affectionate wife.

পতিবত্নী, সভর্তৃকা, having a husband, a married woman.

পতিম্বরা, স্বেচ্ছামতে বিবাহিতা, a bride who chooses her own husband.

পত্তন, গ্রাম, নগর, বসতি, আরম্ভ, a city, town, colony, settlement, commencement.

পত্তি, পদাতিক, সেনার দল, a foot soldier, a troop or platoon.

পত্নী, বিবাহিতা স্ত্রী, ভার্য্যা, কর্ত্রী, a wife, a mistress, a female owner or proprietor.

পত্র, দল, পাতা, পালখ, শরপুঙ্খ, লিপি, পুথি, অশ্বাদি বাহন, a leaf, blade of grass, the petal of a flower, leaf of a book, door or table, a sheet or plate of metal, a sword blade or sheath, the wing of a bird or insect, feather of an arrow, a letter, writing, book, lease, any vehicle, as horse, car, &c.

পত্রী, লিপি, পক্ষী, বাণ, আরোহী, a letter, a writing, a bird, an arrow, a rider.

পত্রোল্লাস, মুকুল, a bud, a flower-bud.

পথ, বর্ত্ম, মার্গ, ধারা, মত, a road, path, way, route, journey, passage, line of conduct, course, religious sect or sentiments, profession.

পথদর্শক, ডাকুয়া, বর্ত্মোপদেষ্টা, a guide, a conductor.

পথিক, পান্থ, পর্য্যটক, a traveller, wayfaring person.

পথিকাশ্রয়, পথিকাশ্রম,—উত্তরণস্থান, an inn, baiting-place, caravansera.

পথিমধ্যে, যাইতেং, on the road, by the way.

পথী, পর্য্যটক, মতাবলম্বী, travelling, journeying, following any particular sect.

পথ্য, সুভোজ্য, পানযোগ্য, রোগির বিহিত আহার, salutary, wholesome, proper as diet, regimen or medicine.

পদ, চরণ, ক্রম, চিহ্ন, স্থান, পা, শ্লোক, কার্য্যভার, মহিমা, ব্যবসায়, শব্দ, বস্তু, সংখ্যা, চতুর্থাংশ, a foot, leg, step, pace, footstep, a mark, spot, scite, place, poetical foot or line, leg or foot of a chair, &c. station, office, rank, reign, employment, situation, stage of a law-suit, a word, inflected word, connected sentiment, thing, a number in arithmetic, the fourth part.

পদগ, পদাতিক, going on foot; a foot soldier, footman.

পদচ্যুত, মহিমাভ্রষ্ট, বিদায়প্রাপ্ত, fallen from his station, discharged from office, dismissed.

পদবী, বংশ পরম্পরাগত উপাধি, পথ, a title, surname, road, [path, way.

পদব্রজে, পায়, on foot.

পদরথী, চরণের পরিধেয় বস্ত্র, a stocking, pair of stockings.

পদস্থ, কর্ম্মনিযুক্ত, মহিমাপ্রাপ্ত, fixed in an office or station.

having or filling a situation, invested with a dignity, reigning.

পদহর, শব্দচোর, a plagiary, plagiarism.

পদাঘাত, পাদপ্রহার, a kick.

পদাঙ্ক, পাদচিহ্ন, a footstep, print of the foot.

পদাঙ্গুলি, পদাঙ্গুষ্ঠ,—পায়ের অঙ্গুলী, a toe. [foot-soldier, infantry.

পদাতি-ক, পাদগামী ভৃত্য, পত্তিসেনা, a footman, pedestrian, peon,

পদায়, সংকীর্ত্তন, স্তব করণ, লিপির চিহ্ন রাখন, to praise, celebrate, applaud, to punctuate, mark writing with points or spaces, mark the cases of nouns.

পদাবলী, পদবীশ্রেণী, ছন্দ, a list of titles or offices, metre, verse, poetical arrangement.

পদার্থ, বস্তু, ইন্দ্রিয়গোচর, শব্দের প্রতিপাদ্য, ভাব, a thing, material object, the meaning of a word, a category or predicament, viz. substance, quality, action, identity, variety, relation and non-existence.

পদার্পণ, কর্ম্মে নিয়োজন, a placing or putting into office, induction, instalment, inauguration.

পদাসন, পাদপীঠ, a footstool. [or ships.

পদী, নৌকার পরিমাণ, tonnage or measurement of boats

পদীপ, প্রদীপ, a lamp, a light. [quainted with words.

পদুয়া, পদবিষয়ক, শব্দজ্ঞ, belonging to office, official, ac-

পদুয়াবিক্রয়, থোকে বিক্রয়, wholesale. [nually.

পদেং, ক্রমেং, অনবরতঃ, at every step, step by step, conti-

পদ্দী, পদ্বী,—উপাধি, নাম, a title, epithet, surname.

পদ্ধতি, পথ, শ্রেণী, কর্ম্মানুষ্ঠান বোধক গ্রন্থ, পদবী, a road, line, row, range, a ritual or manual of ceremonies, a title, a surname.

পদ্ম, কমল, ব্যূহ বিশেষ, দশ খর্ব্ব, the lotus or water-lily, a form of battle array, ten billions.

পদ্মকলিকা, অপ্রফুল্লিত কমল, an unblown water-lily.

পদ্মবন্ধু, ভ্রমর, সূর্য্য, a bee, the sun.

পদ্মরাগ, মণি বিশেষ, চুণী, a ruby. [lotuses.

পদ্মাকর, পদ্মযুক্ত জলাশয়, a deep tank, a pond abounding in

পদ্মিনী, কমলিনী, সুন্দরী স্ত্রী, an assemblage of lotuses or place abounding in them, a beautiful woman.

পদ্য, শ্লোক, ছন্দ, ব্যবহার, চলিত, metre, verse, poetry, the idiom of a language, a custom, usage, behaviour, rite, tenet; customary, habitual.

পদ্যক্রম, চলিতাচার, customary behaviour, common practice.

পদ্যপাড়ন, আচরণ, to behave, act, conduct oneself.

পদ্যহীন, অচলিত, unprecedented, novel, unusual.

পনস, কাঁটাল, the jack fruit.

পন্থা, পথ, মার্গ, a road, way, path, route, conveyance.

পন্থী, পথিক, মতাবলম্বী, travelling, journeying, following the tenets of any particular sect.

পন্নগ, সর্প, a snake, serpent, reptile.

পনহী, পাদুকা, পাদরক্ষী, a shoe, a boot.

পবন, বায়ু, the wind, the air, the god of wind.

পবিত্র, শুদ্ধ, পুণ্য, নির্মল, পরিষ্কৃত, pure, holy, sanctified, purified by austerities, undefiled, nice, clean.

পন্থ, উদ্দেশ, a clue, a guide. [prosperous.

পয়ঃ, পয়স্‌,—দুগ্ধ, জল, বৃদ্ধি, বর্দ্ধিত, milk, water, prosperity;

পয়নালা, পয়োনালা—প্রণালী, নল, a drain, gutter, sewer, a water-course, a tube.

পয়মন্ত, ভাগ্যবন্ত, কুশলী, prosperous, happy.

পয়সা, তাম্রমুদ্রা, a pice or $\frac{1}{4}$ of an anna, money, change.

পয়স্য, দধ্যাদি, made from or relating to milk, as curds, cheese, or butter.

পয়স্বিনী, দুগ্ধবতী, milch, giving milk (cow or goat, &c.)

পয়ান, গতি, প্রস্থান, a going, travelling, marching, march.

পয়োধর, স্তন, মেঘ, a woman's breast, an udder, a cloud.

পয়োধি, পয়োনিধি,—সমুদ্র, the sea, the ocean.

পর, অন্য, ইতর, ভিন্ন, দূরস্থ, উত্তর, অনুগামী, অনাত্মীয়, প্রধান, শ্রেষ্ঠ, অধিক, পশ্চাৎ, শত্রু, লীন, রত, other, another, different, remote, distant, latter, least, subsequent, following, future, inimical, hostile, adverse, estranged, best, pre-eminent, exceeding, more, after; an enemy, a gnomon. *in compos*: addicted to, intent after or upon, ready.

পরকলা, স্বচ্ছ, transparent.

পরকাল, উত্তরকাল, another world, a future state.

পরকীয়, অন্যসম্বন্ধীয়, another's, belonging or relating to another.

পরকীয়া, অন্যপুরুষগামিনী স্ত্রী, the adulterous wife or the faithless mistress of another.

পরক্ষেত্র, অন্যীয় ক্ষেত্র, another man's wife or field.

পরখ, পরখাই,—পরীক্ষা, বিবেচনা, a trial, probation, test, experiment, ordeal.

পরচুল, অন্যীয় কেশ, false hair.

পরছায়া, স্বভিন্ন ছায়া, অপদেবতা, the shadow or apparition of another.

পরছত্তী, চালের শেষ ভাগ, the eaves of a house.

পরছন্দ, পরতন্ত্র,—অন্যাধীন, dependant on another, subservient, subject.

পরণ, বস্ত্র পরিধান করণ, to put on clothes, to dress, pull on.

পরতঃ, অন্যতঃ, by or from another.

পরতল, বস্ত্রতালী, a patch.

পরত্র, অন্যত্র, ইতরমধ্যে, শত্রুমধ্যে, পরকালের বিষয়ে, in another, among others, among enemies, about another world, in another world.

পরদার, অন্যীয়া ভার্য্যা, ব্যভিচার, another's wife, adultery.

পরদারগমন, পরদারাভিগমন,—ব্যভিচার করা, adultery, adulterous intercourse with another's wife.

পরদারী, ব্যভিচারী, committing adultery, adulterous; an adulterer.

পরদেশ, বিদেশ, প্রবাস, a foreign country; abroad.

পরন্তু, কিন্তু, but.

পরপজপ, সঙ্কেতবাক্যভাষী, using a catch-word.

পরপর, আরং, উত্তরোত্তর, more and more, further and further.

পরপুরপ্রবেশক, *f.* ইকা,—ভেলকী, ডাকিনী, a wizard, a witch.

পরপূর্ব্বা, অন্যপূর্ব্বা, দ্বিরূঢ়া, *f.* married before, twice married.

পরব, উৎসব, a festival, a religious feast.

পরবশ, অস্বতন্ত্র, subject to another, dependant, subservient.

পরব্রহ্ম, পরমাত্মা, Brahma or the Supreme Deity.

পরম, উৎকৃষ্ট, উত্তম, প্রধান, শ্রেষ্ঠ, best, supreme, sublime, excellent, chief, great, exquisite. *in compos*: eminently.

পরমপুরুষ, পরমাত্মা, জগতের আদি কারণ, God, the elemental generative Spirit or creative energy.

পরমলাভ, আশ্বাস, সান্ত্বনা, consolation, comfort, happiness.

পরমহংস, যোগী, an ascetic, an abstract devotee.

পরমাণু, অতিসূক্ষ্ম বস্তু, লেশ, an atom, the smallest particle of matter. [supreme Spirit, God.

পরমাত্মা, ব্রহ্ম, আদিকারণ, Brahma as soul of the universe, the

পরমান্ন, পায়স, rice boiled with milk and sugar.

পরমায়ু, জীবনকাল, the whole period of life, life-time, age, long life.

পরমার্থ, উৎকৃষ্ট বিষয়, পরমাত্মা, an excellent or sublime object, the chief good, the divine Being, Spirit.

পরমার্থতঃ, পরমার্থ বিষয়ে, with reference to the chief object, *i. e.* God, spiritually.

পরমেশ্বর, সৃষ্টিকর্ত্তা, the supreme Being, the high God, Shiva.

পরম্পর, ক্রমাগত, উত্তর২, successive, proceeding from one to another, descending from father to son, one behind another.

পরম্পরা, গোত্র, ক্রম, আনুপূর্ব্ব, lineage, regular descent, order, continuous arrangement, successive ranks, &c. [by report.

পরম্পরায়, পূর্ব্বপুরুষানুক্রমে, অন্য২ দ্বারা, প্রমুখাৎ, traditionally,

পরম্পরাগত, ইতিহাসগত, প্রাচীনোক্ত, communicated from father to son, traditional.

পরলোক, উত্তরকাল, another world, a future state, futurity.

পরগাছা, লতা, যাবক, a parasitical plant, a parasite.

পরশু, কুড়ালি, a battle axe, a hatchet.

পরশ্ব, পরশু,—আগামি তৃতীয় দিন, গত তৃতীয় দিন, the day after tomorrow, or day before yesterday.

পরস্পর, অন্যোন্য, উভয়তঃ, mutual, reciprocal, alternate, interchanging; mutually.

পরাক, ব্রত বিশেষ, a certain religious vow, a sacrificial sword or scymetar.

পরাক্রম, বিক্রম, বল, প্রতাপ, চড়াও, power, energy, force, strength, valour, prowess, a going out or forth, a sally. [valorous.

পরাক্রমী, বলবান্, সাহসী, powerful, strong, active, brave,

পরাক্রান্ত, শক্তিমান, মহামহিম, পক্ষপাতী, possessed of power or influence, dignified, drawn or led by another.

পরাগ, পুষ্পরেণু, ধূলি, স্নানাদিকারণ সুগন্ধবস্ত্বাদি চূর্ণ, সূর্য্যগ্রহ, pollen, dust, fragrant powder, an eclipse.
পরাঙ্মুখ, বিমুখ, ঘৃণাকর, having the face averted, averse, opposed to.
পরাজয়, পরাভব, হারাণি, a defeat, repulse, failure or loss of a suit at law.
পরাজয়ী, পরাজিত,—পরাস্ত, হারা, defeated, conquered, subdued, cast in a suit.
পরাণ, বস্ত্রাদি পরিধান করাণ, সাজান, to dress another, clothe, trim, deck, harness, caparison.
পরাৎপর, পরমাত্মা, পরমেশ্বর, the Most High, God, the Supreme.
পরান্ন, পরের অন্ন ভোজন, a living at another's expence.
পরাবজ্ঞ, তুচ্ছীকৃৎ, গর্ব্বযুক্ত, contemptuous, despising others.
পরাবর্ত্তন, প্রতিগমন, পুনরাগমন, ফিরিয়া আইসন, to return, to come back, to revert to.
পরাবৃত্ত, পুনরাগত, turned back, returned, reverted to.
পরাবৃত্তি, ফিরণ, পুনরাবৃত্তি, a turning, returning, reversion.
পরাভব, পরাজয়, হারণ, উৎখাত, a defeat, overthrow, discomfiture, repulse.
পরাভূত, পরাজিত, হারা, overcome, defeated, conquered, cast.
পরামনন, অনুবোধ, অধর্ম্মত্যাগ, a change of mind, change of religious faith, conversion, repentance.
পরামর্শ, মন্ত্রণা, বিবেচনা, counsel, advice, deliberation, plan.
পরামর্শী, মন্ত্রণাদায়ী, counselling, advising.
পরামৃষ্ট, মন্ত্রণাপ্রাপ্ত, দুষ্ট, counselled, advised, defiled, deflowered.
পরায়ণ, অনুরাগ, তৎপর, পক্ষপাতী, devotedness to; devoted to, intent upon, zealous; a follower, votary, zealot.
পরাশ্রয়, পরের অবলম্বনে থাকা, a refuge in or dependance on others.
পরাস্ত, জিত, হারা, defeated, vanquished, overcome, subdued.
পরিকর্ম্ম, স্নানাদি দ্বারা অঙ্গসংস্কার, decoration of the person, as painting, perfuming, &c.
পরিকল্পনা, কৌশল, উপায়, শৈলি, a contrivance, plan, invention, machination.
পরিকীর্ত্তন, প্রস্তাব, প্রতিজ্ঞাকরা, a mentioning, commending, commendation.
পরিক্রম, বেড়াণি, বিলাস, a walking for pleasure, a walking round, dalliance, amorous play.

পরিক্ষয়, সর্ব্বনাশ, complete or entire decay.

পরিখা, খাত, খানা, গড়, a surrounding ditch or moat.

পরিগণিত, সংখ্যাত, কলিত, counted, enumerated, calculated.

পরিগত, বিদিত, জ্ঞাত, চেষ্টিত, প্রাপ্ত, বেষ্টিত, known, understood, sought, enquired after, gained, obtained, surrounded. [acknowledged.

পরিগৃহীত, প্রাপ্ত, স্বীকৃত, received, accepted, assented to,

পরিগ্রহ, আদান, স্বীকার, পত্নী, পরিবার, সৈন্যের পৃষ্ঠভাগ, মূল, আদি, মূলধন, a taking, acceptance, assent, a wife, family, servants, dependents, retinue, the reserve of an army, the sun near the moon's node, a root, origin, stock, fund.

বহির্মুখ, পাষণ্ড, কটুবাদী, পরাঙ্মুখ, বিরত, ছাড়নিয়া, অপ্রসন্ন, impious, blasphemous, scurrilous, averted, ceasing, desisting from, turning back, unpropitious. [exclusion.

বহিষ্করণ, নিঃসারণ, নিরাকরণ, to expel, exclude; expulsion,

বহিস্তল, উপরিভাগ, বাহ্য, গা, the outer surface of a thing.

বহিস্ত্বক্, উপরীয় মাংস চর্ম্ম, উপরিস্থ বল্কল, the epidermis or skarf-skin, the outer bark or peel of plants.

বহীকার, পুস্তক বাঁধনিয়া লোক, a book-binder.

বহু, ভূরি, অধিক, অনেক, অতিশয়, *pref*: much, many, great, long, numerous; very, exceedingly.

বহুকালীন, বহুকালিক,—চিরকালিক, প্রাচীন, of long standing, chronic, ancient, old.

বহুত, ভূরি, অনেক, বিস্তর, much, many, numerous, abundant.

বহুতা, বাহুল্য, অনেকত্ব, abundance, plenty, plurality, multiplicity.

বহুদর্শক, বহুদর্শী,—জ্ঞানী, প্রাজ্ঞ, wise, knowing, prudent, observant.

বহুধা, বিবিধ, অনেকধা, নানাপ্রকারে, বারম্বার, various, manifold; in many ways, often, oftentimes.

বহুপ্রজ, মানুষময়, বিস্তর সন্তানপ্রাপ্ত, populous, prolific.

বহুপ্রজা, বহুফলা,—পুনঃপুনঃ প্রসূতা, *f.* prolific, having borne many children.

বহুবর্ষক, চিরস্থায়ী, চিরকালিক, continuing many years; perennial.

বহুবিধ, নানাপ্রকার, নানামত, বিশেষং, of many kinds or sorts, various, multiform.

বহুব্রীহি, অন্য পদার্থের প্রধান সমাস, a compound adjective or attributive.

বহুভার্য্য, অনেক স্ত্রী বিশিষ্ট, having many wives; a polygamist.

বহুভাষী, বাচাল, গপ্পিয়া, বাবদূক, garrulous, talkative.

বহুমর্ম্মক, মাঁতনিয়া, মর্ম্মভেদক, নানার্থব্যাপক, affecting, touching, piercing to the quick, comprehensive.

বহুযতি, নানাবর্ণক শব্দ, polysyllabic, of many syllables.

বহুরূপ, নানাকৃতি, সরট, multiform; a camelion, a polypus.

বহুরূপী, নানাবেশধারী, নানাকার, অনেকাকৃতি, assuming many forms, many-shaped, multiform.

বহুল, অধিক, অনেক, বিস্তর, much, abundant, prolix.

বহ্নি, অগ্নি, অগ্নিকোণের অধিপতি, fire or its deity.

বহ্নিমুখ, দেবতা, দানবারি, a god, a deity.

বহ্বাশী, অতৃপ্ত, অমর, বহুভোজনাকাঙ্ক্ষী, অবতৃপ্তিত, insatiable, insatiate, voracious, ravenous, greedy.

বা, বিকল্পবোধক শব্দ, or, either, perhaps.

বাই, বাতরোগ, উন্মাদ, নর্ত্তকী, rheumatism, flatulence, enthusiasm, a dancing girl.

বাইমারা, আলস্য, অলীকক্রিয়া, পণ্ডশ্রম, idleness, levity, a vain attempt.

বাইয়া, বাতরোগীয়া, অজ্ঞান, windy, flatulent, silly, idiotic.

বাইশ, পাথুরা, ২২, আশ্চর্য্য, a chisel, 22; *interject*: amazing!

বাঁউনিয়া, বামন, খাট, হ্রস্ব, dwarf, pigmy, short.

বাউরা, বাউল,—ক্ষিপ্ত, পাগল, insane, mad, foolish, idiotic.

বাওড়, বাঁওড়,—বৃহৎ জলাশয়, সরোবর, a lake.

বাওড়ী, বাঁওড়ী,—ফেরা, বায়ুগুহি, পৌষমাসের অন্তিম দিবস, a circuit, a whirlwind, the last day of Paus.

বাওয়ন, শস্য ঝাড়ন, উড়ন, পাছড়ন, to winnow, to toss in a sieve.

বাঁউ, বাহু, ব্যাম, যুগ, ধনু, a fathom, six feet.

বাঁক, ভারের দণ্ড, বক্রতা, মোড়, নদীর ফের, পাদাভরণ বিশেষ, a carrying yoke or cooly-lathe, a crook, bend, turning in a river, a ring for the legs.

বাঁকড়া, দুরন্ত, নির্লজ্জ, কুলকুলিয়া bold, audacious, impudent, foppish.

বাঁকন, বক্র হওন, মোড়ন, নোয়ন, ঝোঁকন, to be crooked, to bend, turn, bow, bend down.

বাঁকা, বক্র, টেরা, টেটা, পাকপড়া, দুঃসাহসী, দুরন্ত, bent, crooked, awry, sinuous, winding, foolhardy, obstinate.

বাঁচন, রক্ষা পাওন, পলান, থাকন, জীয়ন, to escape, survive, remain, continue, live.

বাঁচাও, রক্ষা, নিস্তার, escape, safety, refuge, rescue, deliverance.

বাঁচান, আপদোদ্ধারণ, রক্ষণ, আশ্রয় দেওন, ক্ষমা করণ, জীয়ান, to save, preserve, protect, defend, extricate, shelter, screen, uphold, spare, revive, refresh.

বাঁজা, বাঞ্জী,—বন্ধ্যা, অফলা, barren, sterile, unproductive.

বাঁট, বিভাগ, পশুস্তনাগ্র, মুঠী, a share, portion, lot, allowance, distribution, a dug, teat, the handle of a tool.

বাঁটন, বিভাগ করণ, অংশন, পরিবেশন, to share out, distribute, portion, allot, divide into shares, dispense.

বাঁটা, বিভাগ, অংশ, কলঙ্ক, a partition, allotment, portion, share, a blot, a stigma.

বাঁটিয়া, বাঁঠিয়া—খাট, বামন, low in stature, short, dwarf.

বাঁটুল, গুলী, কর্কর, মৃৎখণ্ড, a ball, shot, pill, bolus, pebble.

বাঁটুখারা বা খারা,—টক, a weight of stone or other material.

বাঁটা. ব্যাজ, an allowance on money, discount.

বাঁড়িয়া, বণ্ড, পুচ্ছহীন, bereft of the tail, tailless, docked.

বাঁধ, সেতু, রোধন, a dam, a binding, stopping, &c.

বাঁধন, আঁটন, বন্ধন, গেঁথন, রোধন, আটকান, নিবারণ, বেষ্টন, রচি বন্দন, গড়ন, ধার করণ, রুদ্ধন, কসান, to bind, fasten,

ters, directed, expressed, mentioned, worthy of being expressed. [pati.

বাচস্পতি, ভাষাবেত্তা, বৃহস্পতি, a master of language, Vrihas-

বাচাও. বুঝাই, ব্যাখ্যা, an explanation, an exposition.

বাচান, বুঝান, প্রকাশন, কহান, to explain, unfold, cause to speak. [sprightly.

বাচাল, বাবদূক, বহুভাষী, talkative, garrulous, chattering,

বাচিক, সূচক, প্রমুখাৎ, সুস্পষ্ট, শাব্দিক, expressing, expressive, verbal, vocal. [joined.

বাচিত, উক্ত, আদিষ্ট, mentioned, expressed, declared, en-

বাচ্চা, শাবক, ছা, শিশু, the young of an animal.

বাচ্য, কথনীয়, উপাদেয়, বিভক্তসাধ্য, তুচ্ছনীয়, কথা, বোধ, অভিপ্রায়, fit or proper to be expressed, predicable, attributable, declinable (as an adjective,) contemptible; a word, idea, meaning, predicate.

বাছন, চুনন, পৃথক্ করণ, to pick, choose, select, to sort, separate from. [&c.

বাছা, শিশু, সন্ততি, মনোনীত, a child, offspring; selected

বাছুর, গোবৎস, বৎসতর, a calf, a steer.

বাজ, বজ্র, নিনাদ, ত্বরা, পাখা, ঘৃত, শ্যেনপক্ষী, a thunderbolt, sound, speed, a wing, the feather of an arrow, ghee or clarified butter, a falcon.

বাজন, ক্বণন, শব্দ দেওন, ব্যথন, পীড়ন, to sound as a musical instrument, to strike as a clock or bell, to pain or suffer pain.

বাজনা, বাজা,—বাদ্য, বাদ্যধ্বনি, music, a musical instrument.

বাজনদার, বাদ্যকর, one who plays on a musical instrument.

বাজপেয়, যজ্ঞ বিশেষ, a sacrifice in which ghee is offered.

বাজরা, চেঙ্গারী, শস্য বিশেষ, a market-basket, a species of corn.

বাজান, বাদন, ঢক্কাদি পিটন, ঘণ্টাদি মারণ, শব্দ ফুঃ দেওন, to play on an instrument, to beat a drum, to strike a bell, to sound, blow, &c.

বাজী, ঘোটক, পক্ষী, অগ্নিবাণ, পণ, a horse, a bird, a sky-rocket, squib, a wager, stake. [pannel.

বাজু, বাহু, ব্যবধানভিত্তি, the arm, a partition wall, a door

বাজু, বাজুবন্দ,—হস্তালঙ্কার, an ornament for the arm.

বাঞ্ছন, চাহন, যাচন, to desire, wish, long for, incline to, re-
quest. [request.

বাঞ্ছা, ইচ্ছা, লালসা, নিবেদন, a wish, desire, will, propensity,

বাট, বর্ত্ম, পথ, a road, way, passage. [grind paint, &c.

বাটন, পেষণ, ঘর্ষণ, to pound, reduce to pulp, rub on a stone,

বাটনী, পেষণকারিণী, a woman who rubs things on a stone &c.

বাটপাড়ীয়া, ডাকাইত, চোর, a robber, thief, highwayman.

বাটা, তাম্বূলাধার, a betel-box, a species of small fish.

বাটালি, পাথুরা, বাইশ, a chissel.

বাটিয়া, দড়ী, রজ্জু, a string, twine, a sort of cord.

বাটী, গৃহ, বাসস্থান, বাড়ী, ধাতুময় পানপাত্র, উদ্যান, লাঠী, a house, habitation, residence, family dwelling, home, a metal cup, a drinking vessel, a garden, a mace, a rod. [roads.

বাটুয়া, পথিক, পথগামী, ডাকাইত, travelling, infesting the

বাট্টা, তাম্বূলাধার, ব্যাজ, a betel-box, discount on notes &c.

বাড়, কাটাম, আকা কল, তট, ধার, অঞ্চল, পৃষ্ঠার অর্দ্ধভাগ, আম্রের আঁঠির কোষ, a frame, a fish-dam, a weir, a margin, edge, selvage, a column or half-page, the outer covering of a mango-stone.

বাড়ন, বর্দ্ধন, উদ্বরণ, ব্যাপন, মেলন, উদ্বর্ত্তন, পরিবেষণ, to grow, thrive, increase, abound, spread, extend, jut out, become prominent, rise above, exceed, to help or carve at table. [ded, expended.

বাড়ন্ত, বৃদ্ধিপ্রাপ্ত, ব্যাপ্ত, ফুরা, prosperous, overgrown, exten-

বাড়ব, বাড়বানল, বাড়বাগ্নি,—ঔর্ব, জলস্থিত অগ্নি, submarine fire.

বাড়া, অধিক, দুর্মূল্য, ফাঁপা, বহুল, অতিরিক্ত, বৃদ্ধি, বাহুল্য, উদ্বর্ত্ত, আতিশয্য, more, increased, exorbitant, dear, turgid, prolix, redundant; growth, enlargement, excess, abundance, overplus.

বাড়ান, বৃদ্ধিকরণ, অধিকীকরণ, মেলান, উন্নয়ন, ধনীকরণ, স্তবন, উত্থাপন, উঠিয়া ফেলন, টানন, প্রতিপাদন, to augment, enlarge, multiply, increase, to raise a price, enhance, cause to increase, extend, to exalt, magnify, enrich, flatter, to excite, to remove a carcase, throw out, to prolong, to promote.

বাড়াবাড়ি, অতিরিক্ত কথায়, বাক্যব্যয়ে, বিস্তার পূর্ব্বক, tediously, with prolixity, much at large.

বাড়ি, বিস্তার, বৃদ্ধি, উন্নতি, দুর্ম্মূল্যতা, ব্যাজ, an increase, augmentation, improvement, an advance in price, the interest of money.

বাড়ী, গৃহ, বসতিস্থান, যষ্টি, ভূমিখাতা, বৃদ্ধিনিমিত্ত ধান্যের কর্জ্জদান, a house, a family residence, a home, a staff, stick, rod, a plot of garden ground, an advance of grain to be repaid in kind with interest.

বাড়ুন, খেংরা, ঝাঁটা, সম্মার্জ্জনী, a broom.

বাড়্তী, বৃদ্ধি, উদ্বর্ত্ত, আতিশয্য, তাব, বহুল, increase, excess, surplus, redundance, prolixity; prolix. [cess.

বাড়াবাড়ি, অতিশয়, আধিক্য. excessively, importunately; ex-

বাণ, শর, হিংসাকর দৃষ্টিপাত, পরহিংসার্থে মন্ত্রপাঠ, an arrow, dart, versed sine, the influence of an evil eye, a malignant incantation.

বাণা, শিশুর শিশ্ন, the male organ of a child.

বাণি, বুনবাণি শিল্পকর্ম্মকারির বেতন, the hire or price of weaving, jewelling, &c.

বাণিজ, ব্যবসায়ী, বেপারী, a trader, trafficker, merchant.

বাণিজ্য, ব্যাপার, বিনিময়, trade, traffic, commerce, barter.

বাণিয়া, বাণ্য,—মহাজন, বণিক, a banker, merchant, trader.

বাণী, বাক্য, কথা, সরস্বতী, speech, sound, a word, language, Saraswatí or the goddess of eloquence.

বাত, বায়ু, বায়ুরোগ, মনের বিষাদ, air, wind, gout, rheumatism, flatulency, hypocondria. [with wind.

বাতকিন্, বাতকী,—বায়ুরোগগ্রস্ত, rheumatic, gouty, troubled

বাতগ্রস্ত, উন্মত্ত, বায়ুরোগবিশিষ্ট, hypocondriac, mad, flatulent.

বাতশূল, বায়ুজনিত পেটের বেদনা, the wind-colic. [spirit.

বাতাস, বায়ু, পরচ্ছায়া, ভূত, wind, air, an apparition, vision,

বাতাসা, ক্ষুদ্র কেণি, a species of sweet meat, sugar-plums.

বাতাসী, বহুবায়ু, ঝড়ুয়া, windy, tempestuous, boisterous.

বাত্যাসীয়া, বায়ুময়, বায়ুযুক্ত, হাবকা, চঞ্চল, তামচক্ষুপক্ষী, airy, windy, hysterical, light; a swallow.

বাতিক, বাতুয়া,—বায়ুজনিত, বায়ুরোগযুক্ত, ঝড়ুয়া, arising from wind, flatulent, gouty, rheumatic, stormy, windy.

বাতী, বর্ত্তি, শলিতা, বাতি, গালাকাটি, a candle, lamp, wick, a wand, rod, a stick of wax. [foolish.

বাতুল, বায়ুগ্রস্ত, উন্মত্ত, ক্ষিপ্ত, হতজ্ঞান, insane, mad, crazy,

বাত্যা, অতিশয় বায়ু, ঝড়, দাম্ভিক, মিথ্যাবাদী, a strong wind, a gale, a storm, a hurricane, a boaster, bragger, vapourer, liar. [affection.

বাৎসল্য, অত্যন্ত স্নেহ, অনুরাগ, fondness, caressing, tenderness,

বাথান, গোশালা, গোষ্ঠ, a cow-house, cow-pen, cow-pasture.

বাদ, বাক্য, বচন, বিতণ্ডা, কলহ, দ্বেষ, আক্রোশ, দুর্নাম, a word, a sentence, a contradiction, dispute, enmity, reproof, an ill name.

বাদক, কথক, বাদ্যকর, speaking; a speaker, player of music.

বাদন, বাজান, to play on an instrument, to strike as a clock.

বাদবিতণ্ডা, বিতর্ক, বাদানুবাদ, reasoning, an argument, discussion, disputation. [cloud.

বাদল, পচাকাল, কুদিন, মেঘ, wet weather, a rainy day, a

বাদলা, মেঘ, গোটা, তারীবস্ত্র, *id*: also gold or silver lace, tissue.

বাদলীয়, প্রাবৃট্, বৃষ্টিজনিত, rainy, arising from rain &c.

বাদলীয়পোকা, প্রাবৃট্কালীন কীট বিশেষ, an ephemeral insect.

বাদানুবাদ, কলহ, বিবাদ, বিতণ্ডা, কহাবলা, a dispute, quarrel, controversy, argument, disputation.

বাদাম, ফল বিশেষ, নৌকার পাল, an almond, a ship's sail.

বাদামী-মা, অণ্ডাকৃতি, almond-shaped, oval. [sic.

বাদি, বাদী,—গানের প্রধান স্বর, the key-note in Hindoo mu-

বাদিত, অনিচ্ছা পূর্বক কথিত, ধ্বনিত, কথিত, made to be uttered, extorted, sounded as a musical instrument.

বাদিয়া, সাপুড়্যা, ওঝা, a snake-catcher, snake-charmer.

বাদী, ভাষী, বাচক, বিরোধী, আন্দাশী, অর্থী, অর্থজ্ঞাপক, প্রসঙ্গকারী, speaking, asserting, quarrelsome, litigious, pleading; a plaintiff, accuser, suitor, expounder, the stater of an argument or thesis.

বাদুড়, বড় চামচিকা, a large bat or vampire.

বাদ্য, বাজনা, any musical instrument, music.

বাদ্যকর, বাজন্দর, তন্ত্রী, a musician, a musical performer.

বাদ্যভাণ্ড, } নানাবিধ বাদ্যের শব্দ, a concert of instrumental mu-
বাদ্যোদ্যম, } sic, a burst of many instruments together.

বাধক, নিবারক, প্রতিবন্ধক, ঋতুশূল, hindering, obstructing, preventive; a hinderer, &c. menstrual pains.

বাধন, নিবারণ, আট্‌কান, ঠেকন, কাটান, খণ্ডন, to hinder, prevent, resist, oppose, obstruct, impede, clog, detain, to frustrate, to render ineffectual.

বাধ, বাধকতা,—ব্যাঘাত, নিবারণ, আটক, opposition, hindrance, obstruction, prevention, detention.

বাধা, প্রতিবন্ধ, আটক, নিষেধ, দুঃখ, ভয়, খড়ম, an impediment, prohibition, opposition, &c. pain, danger, a sandal, clog, wooden shoe. [of Crishna.

বাধাই, কৃষ্ণজন্ম সঙ্কীর্ত্তনাত্মক গান, songs celebrating the birth

বাধ্য, বিনয়ী, দমিত, বশীভূত, নিবার্য্য, submissive, subservient, tame, captive, capable of obstruction, &c. [bore.

বান, আকস্মিক জলসমূহ, a flood, a heavy sea, a high tide, the

বানপ্রস্থ-ী, বনাশ্রমী, a hermit, anchoret, brahmin devotee.

বানর, কপি, মর্কট, শাখামৃগ, an ape, a monkey, a baboon.

বানান্, স্বরব্যঞ্জনমেলন, প্রমুখাৎ বর্ণযোগ, the union of vowels and consonants, spelling.

বান্তি, বমি, ছর্দ্দি, a vomiting, a throwing up from the stomach. [knot, &c.

বান্ধন, বাঁধন, আঁটন, গেঁঠ্যান, to bind, fasten, confine, tie,

বান্ধব, জ্ঞাতি, আত্মীয়, a relation, kinsman, friend. [one.

বাপ্, বাপা, বাবা,—পিতা, a father: used, in fondness, to any

বাপ্‌রে, বাপ্‌রেবাপ্, বাপু,—দুঃখাদি সম্বোধক শব্দ, oh father! father! (an expression of pain or surprize.)

বাপ্‌মা, পিতামাতা, পিতরৌ, father and mother, parents.

বাপক, বীজক্ষেপক, বুননিয়া, sowing seed; a sower, seedsman.

বাপী, দীর্ঘিকা, জলাশয়, an oblong pond, a pool, a lake.

বাবদূক, বহুবক্তা, বাচাল, talkative, garrulous, loquacious.

বাবু, মর্য্যাদাসূচক সম্বোধন, ভদ্র লোক, sire, sir; a gentleman.

বাম, সব্য, বিপরীত, বিমুখ, অপ্রসন্ন, মনোরম, left (not right), contrary, opposed, reverse, inverted, unpropitious, averse from, beautiful, pleasing.

বামক, উদ্গারজনক, an emetic; causing vomiting.

বামণ, বামণী,—ব্রাহ্মণ ব্রাহ্মণী, বিপ্র বিপ্রা, *m. & f.* a brahmin and brahmini.

বামন, বামনীয়,—খর্ব, খাট, হ্রস্ব, a dwarf; short, pigmy, dwarfish.
বামলোচনা, সুনয়না স্ত্রী, a woman with handsome eyes.
বামা, স্ত্রীলোক, বাম হস্ত দিয়া ঢক্কা বাদক, a woman, a person who beats a drum with the left hand.
বামাচার, তান্ত্রিক মত, বিরুদ্ধ ধর্ম্ম, the doctrine of the Tantras, heterodoxy. [Tantras; heterodox.
বামাচারী, তান্ত্রিক, বিরুদ্ধধর্ম্মাচারী, a Tantrist, a follower of the
বায়ব্য, উচ্চ স্থান, নির্জন স্থান, ফাঁক, an open airy spot, a private place, an aperture. [gaseous.
বায়বীয়, পাবনিক, বায়ুবৎ, belonging or relating to wind,
বায়ব্য, পবনসম্বন্ধীয়, মরুৎকোণ, relating to the wind, sacred to the god of wind; the north-west.
বায়স, বায়সী,— কাক, বলিভুক্, অরিষ্ট, *m.* & *f.* a crow.
বায়ু, পবন, বাতাস, মরুৎ, পরচ্ছায়া, wind, air, hypocondria, the god of wind, a spirit. [the N.W.
বায়ুকোণ, মরুৎকোণ, পশ্চিম উত্তরের মধ্য, the quarter of the wind,
বায়ুগ্রন্থি, ঘুরাণিয়া বাতাস, বাওড়ী, a whirlwind. [wind, &c.
বায়ুগ্রস্ত, বিক্ষিপ্তচিত্ত, বাতিক, hypocondriac, troubled with
বায়ুব্যজন, পাখা, পাখাঢুলানি, a fan, the act of fanning.
বায়ুভক্ষক, বায়ুভুক্,—পবনাশী, সর্প, feeding on air; a serpent.
বায়্য-1, বাতগ্রস্ত, পাগল, ক্ষিপ্ত, hypocondriac, insane, crazy.
বার, দিন, পালা, পরিবর্ত্ত, সময়, প্রস্তাব, সমূহ, পাত্র, মদ্যপাত্র, জল, শ্রেণী, অর্দ্ধপৃষ্ঠ, a day of the week, a turn, spell, rotation, exchange, vicissitude, time, an occasion, a multitude, quantity, flock, a liquor-vessel, water, a row, a tier, a column, half a page.
বারকোষ, কাষ্ঠময় গোলপাত্র বিশেষ, a tray, a large wooden dish.
বারণ, আটক করণ, নিষেধন, মানাকরণ, বারানন, আটকান, বাধন, খণ্ডন, to hinder, prevent, prohibit, forbid, disallow, to repel, stop, check, thwart.
বারদ্বয়, দুইবার, পুনরায়, twice, again. [often, frequently.
বারংবার, বারম্বার,—পুনঃ২, মুহুর্মুহু, again and again, repeatedly,
বারবেলা, প্রতিদিনের কর্ম্মাযোগ্য সময়, certain parts of each day considered unlucky and unfit for any enterprize or work. [woman.
বারস্ত্রী, বারাঙ্গনা,—বেশ্যা, a harlot, a prostitute, a common

বারাংনিধি, বারিধি—সাগর, সমুদ্র, the sea, the ocean.
বারাণ্ডা, চাঁদনী, পিড়া, a portico, a porch, a verandah.
বারান্তর, পুনরায়, ফের, again, once again, once more.
বারি, বার,—জল, সলিল, উদক, water.
বারিকোল, বারকোল,—কচ্ছপ, কমঠ, a tortoise.
বারিচর, জলজাত, জলচর, মৎস্য, aquatic; a fish.
বারিজ, জলোৎপন্ন, শুগলী, শঙ্খ, শম্বুক, পদ্ম, produced in water; a snail, a conch shell, any bivalve shell, a lotus.
বারিদ, জলদ, জলধর, মেঘ, giving water; a cloud.
বারিভূ, জলাকর, উনুই, মণ্ডুক, a spring of water, a frog.
বারী, জলসিঞ্চনপাত্র, দুগ্ধভাণ্ড, হস্তিবন্ধনার্থ রজ্জু, পালা, a water-pot, milking-vessel, the foot rope that fastens an elephant, a spell, a turn in rotation, watch, time of duty.
বারুণী, পশ্চিমদিক্, মদিরা, বিংশতিতম নক্ষত্র, চৈত্র মাসের কৃষ্ণ ত্রয়োদশী, the west, spirituous liquor, the 20th lunar mansion, a festival on the 13th day of the wane in Chaitra. [gunpowder.
বারুদ, অগ্ন্যস্ত্রার্থে চূর্ণদ্রব্য বিশেষ, অর্থাৎ মিশ্রিত যবক্ষার গন্ধকাঙ্গার,
বারেক, একদা, একবার, once, one time. [exchange; for.
বারে, পালায়, পর্য্যায়ক্রমে, বিনিময়ে, in turn, in rotation, in
বারে২, পরস্পরে, ক্রমে২, পুনঃ২ alternately, in rotation, often, repeatedly, again and again.
বারোদ্বারী, দ্বাদশদ্বারযুক্ত, রাজবাড়ী, অট্টালিকা, ভিক্ষুক, ভিখারী, having twelve doors, mendicant, begging from door to door; a palace, a mendicant, a beggar.
বারোয়ারী, সামান্য, সাধারণ, চলিত, general, common, frequent.
বার্ত্তা, কথা, জনরব, সম্বাদ, বৃত্তান্ত, কথোপকথন, জীবিকা, ব্যবসায়, a word, report, rumour, tidings, news, message, information, relation, account, narration, warning, conversation, a livelihood, occupation. [comment.
বার্ত্তিক, প্রেরিত, সম্বাদক, টীকা, an envoy, messenger, a gloss,
বার্দ্ধক্য, বৃদ্ধাবস্থা, বুড়ামী, old age.
বার্ধীন, মেষ, মুষ্কমুক্ত ভেড়া, a wild sheep, a wether.
বার্দ্ধুষিক, ব্যাজখেকুয়া, ঋণদানোপজীবী, a usurer, money-lender.

বার্ষিক, প্রতিবৎসরীয়, প্রতিবৎসর অনুষ্ঠেয়, প্রতিবৎসর লভ্য বৃত্তি, yearly, annual, belonging to a year; a yearly pension, &c. [pati.

বার্হস্পত্য, নীতিশাস্ত্র, morality, ethics; derived from Vrihas-

বাল, অবগণ্ড, শিশু, ছেল্যা, চুল, অশ্বলোম, অশ্বাদির পুচ্ছ, মূর্খ, an infant, child, boy, lad, a colt, hair, a lock of hair, hair on the privities, a horse's tail, any tail; infantine, childish, ignorant, uninformed.

বালক, অবগণ্ড, ছেলিয়া, শিশু, মূর্খ, an infant, child, boy, lad, a fool, a blockhead. [a child.

বালকীয়, শিশুকালীন, ছেলিয়ার, childish, infantine, relating to

বালসন, বালকের তাপ হওন, to be seized with fever, (spoken of an infant.) [twilight.

বালসন্ধ্যাভ, বেগুনীয়ারঙ্গ, অরুণবর্ণ, purple, the colour of the

বালসা, বালকের জ্বর হওয়া, a fever, (in a child or infant.)

বালা, মেয়্যা ছেল্যা, কন্যা, স্ত্রীলোক, বলয়, a female child, girl, young woman, a female, a woman, a bracelet.

বালাই, বিপত্তি, আপদ, an ill, misfortune.

বালাধিকার, ছেল্যার বিষয়, শিশুকালোপযুক্ত, শৈশবাবস্থা, things proper for or peculiar to children, pupillage.

বালি, কদলী আদির অপ্রসারিত পত্র, দ্বারের পাতা, সিকতা, the leaf of the plantain, palm &c. in its sheathe, a single leaf of a door, sand. [young girl, sand.

বালিকা, ষোড়শ বৎসর পর্য্যন্ত বয়স্কা স্ত্রী, সিকতা, a female child, a

বালিয়া, সিকতাময়, sandy, abounding in or made of sand.

বালিশ, শিতান, শিশু, মূর্খ, a pillow, bolster, cushion; young, ignorant, uninformed.

বালিহংস বা হাঁস,—বন্য পাতিহংস, a teal or wild duck.

বালী, বালুকা,—সিকতা, কঙ্কর, sand, gravel, grit.

বালীচূণ, ইষ্টকাদি গাঁথনে লেপনীয় বস্তু, sand and lime, mortar.

বালেন্দু, শুক্লপক্ষের দ্বিতীয়াদির চন্দ্র, অর্দ্ধচন্দ্র, a crescent, new moon.

বাল্তি, দুঃখী, অনাথ, কাষ্ঠময় জলপাত্র বিশেষ, poor, destitute, forlorn, bereft; a bucket.

বাল্য, শৈশবাবস্থা, ছেল্যামি, infancy, childhood, youth.

বাল্যভোগ, প্রাতঃকালীন ভোজন, breakfast, the morning meal.

বাঁশ, বংশ, বেণু, মুরলী, a bamboo, reed, flute, pipe, fife.

বাষ্ট্য-া, বাসি, পচা, সড়া, stale, old, stinking.

বাস, গৃহ, ঘর, গন্ধ, a residence, dwelling, abode, a smell, perfume, scent.

বাস, বাসস্,—বস্ত্র, a garment, clothing, cloth, dress, apparel.

বাসক, বসমিয়া, থাকনিয়া, dwelling, residing; an inhabitant.

বাসকসজ্জা বা সজ্জিকা,—বেশভূষাযুক্তা জারাপেক্ষিণী, a woman dressed and waiting to receive her lover.

বাসজ্ঞেয়, অবস্থেয়, নিবাসযোগ্য, habitable, inhabitable.

বাসন, পাত্র, আধার, বাক্স্ন, গ্রাহ্য করণ, উত্তম করিয়া জানন, চাহন, a plate, dish, vessel, box, receptacle; to like, approve of, wish, incline to.

বাসনা, স্পৃহা, বাঞ্ছা, অভিলাষ, কামনা, অনুশীলতা, চেষ্টা, মনস্থ, a wish, desire,choice, lust, an inclination, propensity, a passion for, a design, intention.

বাসন্ত-ী, বসন্তকালীন, vernal, belonging to the spring.

বাসর, দিবস, বিবাহরাত্রীয় সহশয়ন, a day, the sleeping together of a couple the first night after marriage.

বাসা, ঠিকানা, প্রবাস, ঘর, নীড়, ছাউনী, a lodging, temporary residence, place of abode, a nest, haunt, lair, an encampment.

বাসাগার, গৃহ, থাকিবার স্থান, শয়নঘর, a man's temporary residence while away from home, a dwelling house, a sleeping room.

বাসাড়ীয়া, প্রবাসী, বিদেশী, living in lodgings, residing from home; a temporary resident, a stranger.

বাসান, সোঁধান, গন্ধান, to perfume, scent, smell.

বাসি, পর্য্যুষিত, অটাট্কা, পরিষ্কৃত, ধৌত, ক্ষুদ্র কুঠার, stale, not fresh, old, clean-washed (clothes); a chopper, a small hatchet, an adze.

বাসিত, সুগন্ধযুক্ত, রসযুক্ত, সুস্বাদু, ভিজান, বস্ত্রপরিহিত, perfumed, scented, spiced, seasoned, steeped, infused, clothed, dressed.

বাসিন্, বাসী,—থাকনিয়া, ভিজনিয়া, dwelling, residing, inhabiting.

বাস্তব, বাস্তবিক,—যথার্থ, প্রকৃত, স্বাভাবিক, তৌলিক, প্রমিত, সত্য, real, genuine, substantial, material, determined, substantiated, true.

বাস্তব্য, বাস্য,—নিবাসার্হ, fit for a residence, habitable.
বাস্তু, গৃহ, ভিটা, a house, dwelling, the scite of a dwelling.
বাষ্প, ভাপ, ধূম, অশ্রু, উল্লেখ, উদ্দেশ, লেশ, কিছুই, vapour, steam, reek, spray, tears, rheum, mention, relation, a trace, the least trace, an atom, any thing; any, the least, the smallest.
বাষ্পধর্ম্মক, ধূমবৎ, volatile, flying off in steam.
বাহক, ভারসহ, মোটিয়া, দাঁড়ী, হস্তী ঘোটকাদি, অশ্বারূঢ়, carrying, bearing; a porter, carrier, rower, waterman, a horse or other conveyance, a horseman.
বাহড়ন, বাহুড়ন,—প্রত্যাগমন, ফিরিয়া আইসন, to turn back, to return. [other conveyance.
বাহন, যান, হস্তী ঘোটকাদি, a carriage, vehicle, a horse or
বাহন, নৌ চালান, ভার সহন, চড়ন, to row, steer, carry, bear, clamber, climb (as a plant.)
বাহুবাহুবি, ধরাধরি, হাতাহাতি, a grappling; hand to hand.
বাহিনী, সৈন্য, দল, তিনগণ সেনা, অভিমুখী, স্রোতস্বতী, an army, cohort, body of troops, battallion; *f.* facing, flowing. [outside, out of doors.
বাহির, বাহিরে,—অনভ্যন্তরে, বহির্দ্দিগে, বাহ্যে, without, out, abroad,
বাহির্নাম, ঠিকানা, শিরনাম, the address or direction of a letter.
বাহু, বাহ,—ভুজ, ব্যাম, the arm, a fathom.
বাহুমূল, ভুজশিরঃ, কক্ষ, the shoulder-blade, the arm-pit.
বাহুযুদ্ধ, মুষ্টামুষ্টি, হাতাহাতি, কীলাকীলি, a scuffling, wrestling, hand-fight, fisticuffs; pugilism.
বাহুল্য, আতিশয্য, প্রাচুর্য্য, প্রচুর, abundance, plenty, multiplicity, enlargement, size; plentiful, many.
বাহ্য, বহনীয়, বহির্দ্দিগের, অনভ্যন্তর, বহিস্থ, to be carried, &c. external, outward, superficial.
বাহ্যে, টাটি, প্রকাশে, out (to ease nature), openly.
বাহ্যস্থান, মলমূত্রত্যাগার্থস্থান, টাটি, a privy, a place to ease nature in, the outskirts of a town, &c. so used.
বাহ্যক্রিয়া, কোষ্ঠশুদ্ধি, শৌচ, a going to stool, evacuation.
বিউনী, বেণি, জড়িত বাল, a tail of hair.
বিউলী, নিস্তুষ মুগাদি কলায়, shelled pulse. [eye of a needle.
বিঁদ, বিঁধ,—ছিদ্র, রন্ধ্র, a perforation, bore, vent, incision, the

বিঁধন, ভেদন, ফোড়ন, খুঁড়ন, সিঁধ কাটন, to pierce, perforate, bore, tap, stab, prick, thrust, undermine.

বিকন-আন, বেচন, বিক্রয়, to sell, to vend; a sale.

বিকচ, প্রস্ফুটিত, প্রসারিত, টাক্‌পড়া, blown, expanded, spread, opened, open, bald.

বিকট, দায়, ভয়, ভয়ানক, বিরূপ, বিকৃত, প্রকাণ্ড, অতিবড়, সুন্দর, jeopardy, danger, fear, awe; formidable, horrible, hideous, distorted, deformed, changed in form or appearance, huge, large, beautiful.

বিকল, চিন্তান্বিত, কাতর, ভাবিত, অবাক্, নুলা, পঙ্গু, বিগড়িত, নষ্ট, জীর্ণ, শুষ্ক, হ্রাসপ্রাপ্ত, agitated, disturbed, troubled, distressed, confused, confounded, defective, imperfect, maimed, impaired, out of order, decayed, withered, waned.

বিকলাঙ্গ, নুলা, খোঁড়া, কুজোল, maimed, crippled, deformed.

বিকলেন্দ্রিয়, হতেন্দ্রিয়, অবশ হস্তপাদাদি বিশিষ্ট, having defective or impaired organs or powers.

বিকল্প, ইচ্ছাপূর্বক গ্রাহ্যাগ্রাহ্য, কাম্য, দ্বিরূপ, দ্বৈধ, সন্দেহ, optional, admitting two forms (in grammar;) an alternative, option, doubt, suspence.

বিকল্পিত, স্বেচ্ছাপূর্বক গ্রহণীয়, গ্রাহ্যতর, সন্দিগ্ধ, অনিশ্চিত, admitted as optional, chosen as an alternative, in suspence, in doubt, undecided.

বিকসিত, প্রফুল্ল, প্রসারিত, opened as a flower, expanded, blown.

বিকাও, বিক্রেতব্য, বিক্রয়ণীয, পণিতব্য, বেচিবার, saleable.

বিকার, প্রকারান্তর, স্বভাবের অন্যথা, পরিণাম, অপকৃষ্টত্ব, বিগড়, দোষ, গ্লানি, ধাতুভেদ, পিত্তাদিবৃদ্ধি, রোগ, রজোগুণপ্রাপ্তি, রাগাদি, যোগভঙ্গ, মরণকালীন রোগবৃদ্ধি, a change of form, nature or quality, alteration, transmutation, transformation, deterioration, depravation, spoiling, fading, a dangerous symptom, an accumulation of bile or other change of natural humours, disease, sickness, passion, feeling, emotion, a transition from the quiescent state of the mind, the fatal change immediately preceding death.

বিকাররাহিত্য, পরিণামশূন্যতা, রাগহীনতা, গুণসাম্য, unchangeableness, incapability of change or deterioration, immobility by passion or emotion as of the Deity. [precedes death.

বিকাররোগ, ব্যাধি, মরণকালীন পরিণাম, disease, the change which

বিকারী, পরিণামকারী, যাহার পরিণাম হইতেছে, producing or undergoing a change, &c. [deterioration, &c.

বিকার্য্য, পরিণেয়, যাহার বিকার হইতে পারে, capable of change or

বিকাল-বেলা, গোধূলী, সন্ধ্যাকাল, evening, afternoon, twilight.

বিকাশ, প্রসার, ফুলের ফুটন, expansion, the opening of a flower.

বিকী, বিক্রয়,-বেচা, sale, a sale, vent. [ter.

বিকীকিনী, ক্রয়বিক্রয়, বিনিময়, buying and selling, trade, bar-

বিকির, অস্বজনের পিণ্ড, the funeral cake offered for one destitute of surviving relatives to do it for him.

বিকীরণ, ছড়ান, নিক্ষেপণ, ছিটান, to scatter, throw about, spread, sprinkle. [sprinkled.

বিকীর্ণ, নিক্ষিপ্ত, ছিটান, scattered, spread about, dispersed,

বিকৃত, অন্যথাভূত, মতান্তর, পরিণত, বিগড়িত, নষ্ট, অপকৃষ্ট, ম্লান, রোগী, বিকলাঙ্গ, বিমুখ, বিরক্ত, changed, altered, transformed, impaired, imperfect, faded, diseased, sick, distorted, deformed, estranged, alienated, filled with aversion or disgust.

বিকৃতি, স্বভাবের অন্যথা, বিরূপাকার, অষ্টামী, দুষ্টতা, change, transformation, distortion, depravity.

বিক্লপ্ত, নানাপ্রকার, বিবিধ, variously done, not uniform.

বিক্রম, শক্তি, বল, প্রতাপ, সাহস, power, strength, authority, energy, valour, prowess, courage, heroism.

বিক্রমী, বিক্রান্ত,—বলবান্, বীর, সাহসী, powerful, able, courageous, bold, daring, valiant, heroic.

বিক্রয়-ণ, বেচা, বিকী, a selling, sale, vent. [able, marketable.

বিক্রয়ণীয়, বিক্রেয়,—বেচিবার যোগ্য, পণিতব্য, saleable, merchant-

বিক্রয়ী, বেচনিয়া. selling, vending; a vender, seller.

বিক্রী, বিকী,—বেচা, বেচিবা, sale, a sale, vent.

বিক্রীত, বেচা, কৃতবিক্রয়, sold, disposed of by sale.

বিক্রীড়িত, কৃতক্রীড়া, বিলসিত, পরিহসিত, played, having played, danced, joked, &c.

বিক্রেতা, বিক্রয়কারী, মূল্যগ্রাহক, পণ্যজীবী, a seller, a salesman.

বিক্লব, ভয়াকুল, বিস্মিত, ক্ষুব্ধ, অবাক্, ঘবরাণ, overcome by fear, surprize, agitation, shame or other passion, confused, confounded, lost, bewildered.

বিক্লান্ত, শ্রান্ত, অবসন্ন. fatigued, wearied, exhausted.

বিক্লিন্ন, শুষ্ক, ম্লান, জীর্ণ, আর্দ্র, shrivelled, withered, decayed, old, wet, moist.

বিক্লেদ, আর্দ্রতা, ভিজাভাব, পূঁজ, রসাদি, wetness, dampness, an oozing with matter, suppuration. [zy, silly.

বিক্ষিপ্ত, ছড়ান, নিরস্ত, পাগল, scattered, thrown, sent, &c. cra-

বিক্ষুব্ধ, কাতর, ভাবিত, agitated, disturbed, anxious.

বিক্ষেপ, ফেলা, ঘবরাণী, ক্ষোভ, a throwing, propelling, casting, scattering, dispersion, confusion, perplexity, distress of mind. [scatter, disperse.

বিক্ষেপণ, ফেলন, ছুটান, ছড়ান, to throw, cast, send, shoot,

বিক্ষোভ, কাতরতা, ভাবনা, agitation, distress of mind, anxiety.

বিখারা, স্বরের অমেল, অসমন্বিত স্বর, a discord, (in music.)

বিখ্যাত, প্রসিদ্ধ, বিদিত, নামধেয়, famous, renowned, praised, celebrated, spoken of, denominated.

বিখ্যাতি, প্রসিদ্ধি, যশ, fame. celebrity, notoriety, renown.

বিগড়ন, বিকার কিম্বা নাশ পাওন, মন্দ হওন, শুকন, সড়ন, পড়ন, স্বধর্ম্ম ত্যাগ করণ, to be deteriorated, to alter for the worse, to change, alter, fade, decay, apostatize.

বিগড়ান, বিগাড়ন,—নষ্ট করণ, উল্টান, ক্ষয় করণ, মন্দ করণ, জাতি মারণ, to spoil, vitiate, impair, deteriorate, deface, ruin, mar, seduce, debauch, violate.

বিগড়, বিগাড়,—বিকার, বিনাশ, স্বধর্ম্মত্যাগ, সুহৃদ্ভেদ, বিবাদ, deterioration, ruin, a change for the worse, apostacy, a rupture, quarrel. [ruining, &c.

বিগড়ানী, বিনাশক, ধ্বংসকারী, spoiling, vitiating, seducing,

বিগণ, শত্রু, রিপু, বিপক্ষ, a foe, adversary, enemy.

বিগত, প্রেত, প্রস্থিত, অন্তর্হিত, বিযুক্ত, ঘোর, দীপ্তিরহিত, বিতস্তি, departed, gone, disappeared, severed, separated, parted, dark, gloomy, obscured; a span.

বিগম, প্রস্থান, বিচ্ছেদ, অন্তর্ধান, ত্যাগ, departure, separation, disappearance, a parting, relinquishing.

বিগর্হণ, দোষ দেওন, নিন্দা করণ, গালাগালি দেওন, ঘৃণা করণ, to censure, reproach, vilify, abuse, hate, abominate.

বিগলিত, পতিত, ঝরা, অবদ্ধ, মুক্ত, দ্রুত, সড়া, fallen, dropped, oozed, removed, loose, dishevelled, melted, putrified.

বিগামী, প্রস্থানকারী, গমনোদ্যত, departing, setting off, separating. [proached, vilified.

বিগীত, তিরস্কৃত, নিন্দিত, defamed, censured, abused, re-

বিগুণ, অকর্ম্মণ্য, দুষ্ট, মন্দ, নষ্ট, অমঙ্গল, অপ্রসন্ন, হিংসুক, কুস্বভাব, বিকার, worthless, ill-disposed, evil, bad, spoiled, pernicious, unpropitious, injurious; an evil quality or disposition, vitiation, deterioration.

বিগোহ, মিশান, উচ্ছন্ন, উৎপাত, প্রণয়ভঙ্গ, বিরোধ, a mixture, confusion, ruin, a rupture, quarrel.

বিগ্রহ, যুদ্ধ, পুত্তলী, প্রতিমা, আকার, রূপ, শরীর, war, battle, a combat, an image, idol, shape, form, the body.

•বিঘটন, দৈবাধীন, আপদ, an occurrence, event, misfortune.

বিঘটিত, দৈবাৎ পড়া, উপস্থিত, দুরদৃষ্টজনিত, উৎপাত, আপদ, happened, occurred, befallen as a misfortune; an accident, calamity.

বিঘত, দ্বাদশাঙ্গুলি পরিমাণ, বিতস্তি, a long span.

বিঘা, কুড়া, বিশ কাঠা ভূমি, a measure of land, twenty Cottahs or from 80 to 87 cubits square.

বিঘাত, বাধা, আটক, ক্ষতি, ধ্বংস, হত্যা, a hindrance, obstacle, injury, hurt, destruction, murder. [impede.

বিঘাতন, হিংসা করণ, মারণ, আটকান, to hurt, injure, kill, murder,

বিঘাতী, হিংসাকর, মারক, বাধক, injuring, killing, destroying, opposing, &c. [wind, a whirlpool.

বিঘূর্ণন, আবর্ত্তন, বায়ুগ্রন্থি, পাকনা, a whirling round, a whirl-

বিঘ্ন, আঘাত, আটক, উৎপাত, আপদ, a hindrance, impediment, obstacle, obstruction, opposition, danger, calamity, misfortune. [ed.

বিঘ্নিত, বাধিত, নষ্ট, obstructed, prevented, hindered, spoil

বিঘ্রাণ, গন্ধ, বাস, গন্ধবোধ, a scent, smell, smelling.

বিচক্ষণ, নিপুণ, পণ্ডিত, সুচতুর, দক্ষ, eminent, superior, excellent, learned, wise, clever, able, skilful.

বিচর্চ্চিকা, কণ্ডু, কচ্ছু, দদ্রু, the itch, scab, ringworm.

বিচল, কুব্যবহার, আজ্ঞালঙ্ঘন, অন্যথাচার, ঢেঁটামি, চাঞ্চল্য, পাসরা, মোচড়, সন্ধিচ্যুত, irregular conduct, disobedience, perverseness, fickleness, unsteadiness, failure, a slip, dislocation, sprain, strain, wrench.

বিচলা, পিছলা, টলা, পাসরা, a slip, a false step.

বিচলিত, পিছলিত, অপগত, টের্চা, চঞ্চল, অস্থির, সন্ধিচ্যুত, বিকৃত, নষ্ট, বিরুদ্ধ, slipped, moved in a wrong direction, bent, fickle, unstable, unsteady, unfixed, dislocated, displaced, perverted, ruined, contrary.

বিচার, বিবেচনা, চর্চা, বিতণ্ডা, যথার্থের নিরূপণ, অনুমান, সিদ্ধান্ত, নিষ্পত্তি, ন্যায়, investigation, examination, deliberation, consultation, discussion, disputation, reasoning, enquiry, an opinion, determination, judgment, decision, a trial at law.

বিচারক, বিচারকর্ত্তা, ন্যায়ক, বিবেকী, বুদ্ধিমান, a judge, one who investigates, &c. investigating, reflecting.

বিচারণ, যথার্থের নিরূপণ, তর্কণ, বিবেচনা করণ, নিষ্পাদন, to investigate, examine, reason; discuss, judge, decide.

বিচারসূত্র, ব্যবস্থা, তর্কবিধান, a rule for judging, a logical aphorism. [cussed, judged, &c.

বিচারিত, বিবেচিত, তর্কিত, নির্ণীত, examined, investigated, dis-

বিচারী, ন্যায়ক, তর্কক, discussing, investigating, judging.

বিচার্য্য, বিবেচনীয়, নির্ণেতব্য, deserving examination or enquiry, &c. cognizable. [moved, unfulfilled.

বিচালিত, স্বস্থানচ্যুত, সরাণ, অসম্পূর্ণ, displaced, unfixed, re-

বিচালী, ধান্যাদির আছড়া, straw, rice or barley straw.

বিচিকিৎসা, সংশয়, সন্দেহ, ভ্রম, ভুল, বাধা, আটক, আপদ, doubt, uncertainty; an error, mistake, obstacle, interruption, any untoward circumstance.

বিচিত্র, বিস্ময়, চমৎকার নানাবর্ণ, বহুরঙ্গ, বহুবিধ, সুশোভিত, রঞ্জিত, সুন্দর, বিলক্ষণ, চমৎকারী, আশ্চর্য্য, surprize, wonder, astonishment, a variegated colour; particoloured, spotted, speckled, variegated, varied, painted, ornamented, gaudy, splendid, beautiful, beautified, elegant, handsome, surprising, wonderful, astonishing.

বিচিত্রিত, চমৎকৃত, বিস্মিত, রঞ্জিত, নানাবর্ণ, full of wonder, surprized, astonished, variegated, spotted, &c.

বিচিন্তা, ভাবনা, উদ্বেগ, অনুধাবনা, anxiety, care, careful or mature consideration, deep reflexion.

বিচিন্তিত, কাতর, ভাবিত, উদ্বিগ্ন, সুবিবেচিত, anxious, thoughtful, full of care, well considered, maturely weighed.

বিচেষ্টিত, শ্রমপূর্বক অন্বেষিত, তর্কিত, নির্ণীত, আবিষ্ট, carefully sought or laboured for, closely investigated, enquired into, ascertained, deeply engaged in.

বিচ্ছিত্তি, কাটিয়া ফেলা, বিদারণ, ভঙ্গ, ভেদ, ক্ষতি, বিনাশ, অন্তর্ধান, সীমা, ছেদ, a cutting off, excision, a cutting, dividing, fracture, rupture, loss, destruction, disappearance, limit, boundary, a cæsura or pause.

বিচ্ছিন্ন, বিদীর্ণ, কাটা, ভিন্ন, ভাঙ্গা, বিভক্ত, পৃথক্কৃত, বণ্টিত, ছড়ান, parted, divided, cut, separated, interrupted, portioned, shared out, scattered.

বিচ্ছেদ, বিয়োগ, বিভাগ, পৃথক্করা, ভেদকরা, বিরহ, অমিল, চিত্তমালিন্য, অপ্রীতি, যতি, অন্তরাল, প্রকরণ, a separation, division, disjunction, parting, removal, absence, disunion, variance, interruption of friendship or love, a space between words, an intermediate space, a chapter, section, division.

বিছটী, চরুতা বিশেষ, a species of nettle.

বিছড়ান, ছিটান, ছামন, to scatter, strew, sprinkle, knead.

বিছা, বৃশ্চিক, a scorpion, a centipede, the sign Scorpio.

বিছান, বিস্তারণ, পাড়ন, to spread out, lay down as a mat or carpet, to strew, to lay in beds or layers.

বিছানা, শয্যা, আস্তরণ, মাদুরী ইত্যাদি, a bed, carpet, floor-mat, &c. any thing spread out to lie upon.

বিজন, বিরল, নির্জন, solitary, private, lonely, uninhabited.

বিজন্মা, জারজ, কুণ্ড, a spurious birth, bastard, natural child.

বিজয়, জিতনক্রিয়া, শত্রুদমন, conquest, victory, triumph.

বিজয়া, দুর্গা, তিথি বিশেষ, Durgá, the 10th of the increase in Ashwiní.

বিজয়ী, জিতনিয়া, জয়প্রাপ্ত, victorious, triumphing, triumphant; a conqueror.

বিজলী, বিদ্যুৎ, তড়িৎ, lightning.

বিজাত-ক, জারজ, ক্ষেমণ, দ্বিজাতীয়, সঙ্কর, base-born, bastard, spurious, hybrid, mongrel, of mixed breed.

বিজাতি, অন্যপ্রকার, বিশেষ, a different kind or species.

বিজাতীয়, বিশেষ, ইতর, ভিন্ন, অসামান্য, অতুল, বিলক্ষণ, বড়, অতিশয়, অদ্ভুত, বিবিধ, দ্বিজাতীয়, জারজ, অনুচিত, ঘৃণার্হ, বিপক্ষ, of a different species, dissimilar, unparalleled, excellent, great, excessive, wonderful, various, mongrel, base-born, improper, hateful, hostile.

বিজিগীষা, পরজয়েচ্ছা, a desire of conquest, emulation, rivalry.

বিজিগীষু, পরজয়েচ্ছুক, desirous of victory, emulous, invading.

বিজিত, পরাভূত, বিখ্যাত, বিদিত, subdued, overcome, conquered, famed, wafted. [open, expanded.

বিজৃম্ভিত, হাইছাড়নিয়া, প্রসারিত, yawning, stretching, spread

বিজেতা, জয়ী, জিতনিয়া, a conqueror, vanquisher, victor.

বিজ্ঞ, সবুদ্ধি, নিপুণ, wise, experienced, learned, skilful, able.

বিজ্ঞপ্তি, সংবাদ দেওয়া, জানানি, নিবেদন, উক্তানুমান, the communication of intelligence, information, a representation, a sentiment, a declared opinion.

বিজ্ঞাত, অবগত, বুদ্ধ, বিদিত, খ্যাত্যাপন্ন, known, understood, notorious, celebrated, famous. [ness.

বিজ্ঞাতা, অবগত, জ্ঞানপ্রাপ্ত, সাক্ষী, one who knows a thing, a wit-

বিজ্ঞান, বিদ্যা, পাণ্ডিত্য, স্মৃতিশাস্ত্রবোধ, শিল্পশাস্ত্রাদিতে বুদ্ধি, অনুভব, অনুমান, বোধ, science, learning, knowledge of books, (especially of law books,) worldly knowledge as of painting.&c. or of the mechanical arts, an idea, a conception of the mind.

বিজ্ঞাপন, জানান, প্রচারণ, বিবরণ, বুঝান, to make known, inform, declare, publish, describe, explain, demonstrate. [demonstration.

বিজ্ঞাপনা, প্রকাশকরা, বুঝানি, an advertisement, information,

বিজ্ঞেয়, জ্ঞাতব্য, বোধনীয়, cognizable, comprehensible.

বিট্, বিষ্ঠা, মল, বিষ্ঠ, দুষ্ট, ধূর্ত্ত, বৈশ্য, excrement, dung, a catamite, a varlet, rascal, rogue, cheat, a Vaishya.

বিটল, বিটলিয়া, বিটাল, বিটুল, বিটোল, } অধম, দুষ্ট, লোচ্চা, দুর্বৃত্ত, অসৎ, কুশীল, মন্দলোক, vile, vicious, unprincipled, seditious, unruly; a rascal, scoundrel, villain.

বিটপ, গুচ্ছ, স্তবক, পল্লব, বিটপাল, a tuft, bunch, cluster, clump, a new shoot, a keeper of pathics.

বিটপাচরণ, দুষ্টামী, ধূর্ত্তামী, rascally conduct, villainy, fraud.

বিটলবণ, কালা নুণ, black salt, (used medicinally.)

বিঠৌর, বিহ্বল, ঘবরাণ, হতজ্ঞান, অবাক্‌, মুগ্ধ, মত্ত, discomposed, confused, confounded, fascinated, intoxicated.

বিড়ম্বন, ক্লেশন, জ্বালান, পীড়ান, অনুকরণ, ভেঙ্গান, বেশ ধারণ, to afflict, distress, vex, tantalize, copy after, imitate, to assume a character or dress.

বিড়ম্বনা, দুঃখ, ক্লেশ, অনুকার, affliction, distress, imitation, &c.

বিড়া, আটি, আটলা, a sheaf, a porter's pad.

বিড়াল, মার্জ্জার, আখুভুক্‌, a cat. [ble.

বিড়্‌বিড়ন, কচ্‌কচি করণ, to mutter, murmur, grumble, mum-

বিরূপ, কদর্য্যাকার, বিকলাঙ্গ, কুরূপ, deformed, distorted, ugly.

বিৎ, জ্ঞ, নিপুণ, দক্ষ, *affix*: wise, knowing, clever, skilful, acquainted with, versed in.

বিত°, বিস্তার, বৃত্তান্ত, a detail, circumstantial narration.

বিতণ্ডন, বাদানুবাদ করণ, to debate, discuss, reason upon.

বিতণ্ডা, তাকাতাকি, বাক্‌বিরোধ, বিবাদ, খণ্ডনা, a debate, argument, controversy, contention, dispute, criticism, refutation. [spread, diffused.

বিতত, টানা, বিস্তৃত, ব্যাপ্ত, stretched, extended, expanded,

বিতথ, মিথ্যা, অসত্য, অযথার্থ, false, untrue.

বিতরণ, ভিক্ষাদান করণ, বণ্টন, অর্পণ, দান, ভিক্ষা, to give alms, dole out, give, bestow; an alms, largess, donation.

বিতরণী, ভিক্ষাদায়ী, বণ্টনকারী, giving alms, bestowing, doling out.

বিতর্ক, বিবেচনা, অনুধাবন, ঠাহরা, অনুমান, সন্দেহ, investigation, discussion, reasoning, deliberation, an inference, conjecture, supposition, doubt.

বিতর্কণ, বিতণ্ডন, বাদানুবাদ করণ, ঠাহরণ, বুঝন, to reason, discuss, weigh, deliberate, think, suspect.

বিতল, নরক বিশেষ, the second of the infernal regions.

বিতস্তি, বিগত, দ্বাদশাঙ্গুলি পরিমাণ, a span, twelve fingers breadth.

বিতান, চাঁদনী, টানা, বিস্তার, an awning, canopy, the warp of cloth, an expansion, extension, spreading out.

বিতুষ, পরিষ্কৃত ধান্যাদি, cleansed from the husk or chaff.

বিতুষ্ট, বিরক্ত, অতুষ্টমনাঃ, অসন্তুষ্ট, বিমনাঃ, রুষ্ট, ক্ষুব্ধ, displeased, dissatisfied, discontented, reluctant, unwilling, angry, piqued, offended.

বিতৃষ্ণ, নিবৃত্ততৃষ্ণা, অপিপাস, ঠণ্ডা, তৃপ্ত, অসন্তুষ্ট, বিরক্ত, having the thirst slackened, satisfied, indifferent to, dissatisfied with, disliking, disgusted, nauseating.

বিতৃষ্ণা, অশ্রদ্ধা, অনিচ্ছা, অরুচি, ঘৃণা, indifference to, dislike, distaste, satiety, disgust, antipathy.

বিত্ত, ধন, সম্পত্তি, সঞ্চিত, উপার্জ্জিত, বিচারিত, তর্কিত, বিদিত, বিখ্যাত, wealth, property, substance; gained, acquired, discussed, judged, examined, investigated, known, notorious, famous.

বিত্তা, বিত্ত্ব,—পাণ্ডিত্য, শাস্ত্রজ্ঞান, wisdom, acquaintance with a science.

বিত্রপ, নির্লজ্জ, ঢেঁটা, impudent, shameless, bold.

বিদগ্ধ, নিপুণ, বুদ্ধিমন্ত, বিচক্ষণ, লম্পট, ভণ্ডতাকারী, পণ্ডিত, clever, sharp, shrewd, skilful, knowing, learned, witty, intriguing, amorous, lecherous, lustful; a libertine, intriguer, a scholar.

বিদগ্ধা, মোহিনী, a woman of insinuating manners and conversation.

বিদরণ, চিরণ, ফাটন, to be torn or lacerated, split, tear, crack.

বিদল, অন্যদলস্থ, বিপক্ষ, ডালা, ডালি, ছোলা, কুচা, মিঠাই, কোবিদার বৃক্ষ, of an opposite or adverse party, inimical; a sort of basket, split peas, parings, chips, cuttings, a cake, mountain ebony.

বিদা, মই, আউরী, a garden rake, a harrow.

বিদাঁড়া, বিধিবিরুদ্ধ, অনুচিত, কদাচার, অসভ্যতা, against or contrary to rule, irregular, improper, rude; rudeness, an incivility, improper conduct.

বিদায়, গমনের অনুমতি, ছুটী, permission to depart, dismissal, leave, leave of absence; retiring or departing in health and peace.

বিদায়ী, বিদায়প্রাপ্ত, পারিতোষিক, asking leave, having obtained leave; a present on departure, a gratuity.

বিদার, চেরা, ফাক, a rent, split, laceration, chink, crack.

বিদারণ, চষণ, চিরাণ, ফাড়ন, উপড়ন, to tear, lacerate, mangle, rend, split, cleave, hew, plough, root up.

বিদিক্, বিদিগ্,—দিকের মধ্যবর্ত্তি দিক্, an intermediate point of the compass. [known, declared.

বিদিত, জ্ঞাত, পরিচিত, প্রকাশিত, knowing, acquainted with,

বিদীর্ণ, ছেঁড়া, ফাড়া, torn, lacerated, scratched, rent, cleft.

বিদুর, প্রাজ্ঞ, বুদ্ধিমান, wise, clever, intelligent, learned.

বিদূষক, নিন্দক, কুৎসাবাদী, ছলগ্রাহী, রসিক, অপবাদী, ভণ্ড, blaming, finding fault, censorious, suspicious, facetious, witty; a detractor, a wag. [tance.

বিদেশ, পরদেশ, দূর দেশ, a distant or foreign country, a dis-

বিদেশী, পরদেশী, আগন্তুক, প্রবাসী, of another country, foreign, strange; a foreigner, sojourner, stranger.

বিদ্ধ, ফোঁড়া, ভেদিত, perforated, bored, pierced, penetrated.

বিদ্বত্তা, শাস্ত্রজ্ঞান. পাণ্ডিত্য, wisdom, intelligence, erudition.

বিদ্বান্, পণ্ডিত, জ্ঞানবান্, intelligent, wise, learned; a sage.

বিদ্বিষ্ট, ঘৃণিত, নিগৃহীত, ক্লিশিত, hated, persecuted, injured, maltreated, maliciously pursued.

বিদ্বেষ, বিদ্বিষ্টি,—বৈর, পরহিংসেচ্ছা; দোষকথন, নিগ্রহ, উৎপীড়ন, enmity, hatred, malice, angry abuse, persecution.

বিদ্বেষী, বিদ্বেষক,—ঘৃণাযুক্ত, হিংসেচ্ছুক, ক্লেশদ, বিঘ্নজনক, কঠিন, malicious, hating, injurious, persecuting, captious, difficult to please, dissatisfied.

বিদ্বেষ্টা, পরহিংসেচ্ছুক, ছিদ্রগ্রাহী, নিগ্রহকারী, বৈরী, a malicious or captious person, a persecutor, an enemy.

বিদ্যমান, জীবন্ত, বর্ত্তমান, সাক্ষাৎকার, প্রস্তুত, existing, existent, extant, present, ready at hand.

বিদ্যা, পাণ্ডিত্য, শাস্ত্রজ্ঞান, wisdom, learning, knowledge, science, philosophy, a magical pill or bolus.

বিদ্যাগার, বিদ্যালয়, বিদ্যাশালা,—চৌবাড়ী, টোল, a college, a school.

বিদ্যাদাতা, শিক্ষাগুরু, অধ্যাপক, a teacher, tutor, instructor.

বিদ্যাদান, শিক্ষা, উপদেশ, অধ্যাপনা, teaching, instruction, tuition, communication of knowledge.

বিদ্যাধর, দেবযোনি বিশেষ, an order of demigods.

বিদ্যাবান্, পণ্ডিত, শাস্ত্রজ্ঞ, learned, wise, literate, proficient.

বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী, lightning, a flash of lightning.

বিদ্যুন্মালা, মেঘজ্যোতিঃ, flashes of forked or streaked lightning.

বিদ্যোত, প্রভা, দীপ্তি, splendour, glare, light.

বিদ্রব, গলতি, চুয়ন, পলায়ন, হাঁটাও, বুদ্ধি, অপবাদ, নিন্দা, liquefaction, a flowing, oozing, melting, flight, retreat, escape, intellect, censure, reproach.

বিদ্রাবক, গলতিজনক, পরাভূত শত্রুকে খেদাড়িয়া তাড়নকারী, পরিহাসক, causing to melt or run away, putting to flight, acting the mimic, jesting, jeering.

বিদ্রুত, তরল, গলিত, পলায়িত, liquid, fluid, melted, flown, fled.

বিদ্রুম, প্রবাল, coral, a young shoot, a fabulous tree.

বিদ্রুপ, ব্যঙ্গ, কৌতুক, পরিহাস, raillery, a jest, joke, jeer, jeering, mimickry, ridicule, mockery.

বিদ্রুপী, পরিহাসক, ভণ্ড, jeering &c. a jester, droll, mimic.

বিদ্রোহ, হিংসেচ্ছা, দ্বেষ, malevolence, malice, spite, persecution.

বিধ-1, প্রকার, রীতি, ব্যবস্থা, a kind, sort, manner, form, rule.

বিধবা, রণ্ডা, স্বামিহীনা, a widow; without a husband.

বিধর্ম, স্বধর্মত্যাগ, বিধিবিরুদ্ধ ক্রিয়া, apostacy, heterodoxy, deviation from the rules of sect or cast. [ing, &c.

বিধর্মী, অন্যমতগ্রাহী, স্বধর্মোল্লঙ্ঘক, apostate, heterodox, deviat-

বিধাতা, সর্ববিধায়ক ঈশ্বর, বিশ্বস্রষ্টা, ব্রহ্মা, God as universal legislator, providence, Brahmá.

বিধান, ব্যবস্থা, অনুমতি, আদেশ, আজ্ঞা, নিরূপণ, অনুষ্ঠানের উপদেশ, কর্ত্তব্য কর্ম, বিধি, কল্প, রীতি, a law, rule, order, decree, statute, injunction, precept, an ordering, commanding, enjoining, settling by law, regulation, an action, ritual observance, ordinance, form, manner. [tion, injunction.

বিধানতা, যুক্তিসাধ্যতা, কর্ত্তব্যতা, legality, lawfulness, institu-

বিধায়ক, বিধিবাক্য, সমর্পক, সংস্থাপক, স্থিতিকারক, আদেশক, an ordinance, one who consigns, delivers over, intrusts, deposits, fixes, secures or makes sure; enjoining, commanding.

বিধারা, কুরীতি, কুব্যবহার, an evil custom or habit, ill-conduct.

বিধি, কল্প, আদিষ্ট ব্যবহার, রীতি, কর্মানুষ্ঠানের উপদেশ, ব্যবস্থা, আজ্ঞা, প্রমাণ সূত্র, অদৃষ্ট, ভাগ্য, ক্রিয়া, প্রকার, ধারা, ধর্মশাস্ত্র, স্মৃতি, ব্রহ্মা, a sacred precept, prescribed observance, rite, rule, formula, form, statute, injunction, order, decree, command, a sacred

text or citation, fate, destiny, luck, an act, action, form, manner, a sacred writing, the law, Brahmá.

বিধু, চন্দ্র, কর্পূর, the moon, camphor.

বিধুত, বিধূত,—কম্পিত, কম্পমান, ত্যক্ত, agitated, shaken, shaken out, trembling, tremulous, abandoned, left, relinquished. [destitute.

বিধুর, বিকল, দুঃখী, আশ্রয়হীন, agitated, distressed, afflicted,

বিধুন্তুদ, রাহুগ্রহ, Ráhu or the ascending node.

বিধূনন, বিধূতি,—কম্পন, নড়া, পরিত্যাগ, a trembling, shaking, agitation, relinquishing, abandonment, &c.

বিধৃত, স্থিরীকৃত, অবলম্বিত, আক্রান্ত, পাকড়া, আটকান, upheld, sustained, held, seized, withheld.

বিধেয়, কর্ত্তব্য, ধার্য্য, ব্যবহার, ব্যবহার্য্য, আচরণীয়, বিহিত কর্ম, to be done, upheld or prescribed, what is to be done or practised; a prescribed observance.

বিধ্বংস, বিনাশ, দ্বেষ, ঘৃণা, অনাদর, destruction, enmity, aversion, disrespect. [hostile, averse.

বিধ্বংসী, নাশক, নশ্বর, বিমুখ, বিপক্ষ, destroying, perishing,

বিনত, অবনত, নম্র, বশীভূত, বক্র, bowed, bent, stooping, prostrate, humble, submissive, crooked, curved.

বিনতি, বিনয়,—নম্রাচার, অনুনয়, কোমলতা, শিষ্টতা, সদাচার, প্রণাম, নিবেদন, কাকুতি, অভ্যর্থনা, humility, modesty, submission, compliance, mildness, affability, decorum, decency, propriety of behaviour, an obeisance, reverence, apology, humiliation, entreaty, supplication, humble solicitation.

বিনম্র, বিনয়ী,—অনুনয়ী, গর্ব্বহীন, আজ্ঞাবহ, সুশীল, বশীভূত, আলাপী, humble, modest, submissive, yielding, tractable, compliant, suppliant, affable.

বিনশ্বর, ধ্বংস্য, অনিত্য, perishable, destructible.

বিনষ্ট, নষ্ট, বিকৃত, বিগড়া, ভ্রষ্ট, দুরন্ত, দুষ্ট, ধূর্ত্ত, খল, destroyed, ruined, spoiled, corrupted, perverted, fallen, perverse, vicious, artful, dishonest.

বিনা, অভাবে, ভিন্ন, ব্যতিরেকে, without, beside, save, except.

বিনান, কেশ পাকান, বানান, to plat, plait or dress the hair.

বিনাম, মিথ্যা নাম, a false or assumed name.
বিনামী, মিথ্যানামধারী, bearing a false or feigned name.
বিনায়ক, গণেশ, নম্র, বশীভূত, Ganesha; humble, yielding.
বিনায়াস, অনুদ্যোগ, অকষ্ট, ease, facility.
বিনাশ, সংহার, ধ্বংস, অপচয়, উৎখাত, উৎপাত, ক্ষতি, মৃত্যু, হত্যা, গানান্ত, utter destruction, annihilation, ruin, perdition, loss, death, murder, slaughter, the close of a strain, (in music.)
বিনাশন, সংহরণ, ঘাতন, বিগাড়ন, to destroy utterly, bring to ruin, annihilate, kill, murder, spoil.
বিনাশশীল, বিনাশ্য, বিনাশনীয়, বিনশ্বর, } ধ্বংস্য, নশ্বর, ক্ষরণীয়, অস্থায়ী, বিকার্য্য, destructible, perishable, tending to ruin, capable of being spoiled.
বিনাশী, ধ্বংস্য, ধ্বংসী, ঘাতক, destructible, &c. destructive; a destroyer. [to decay.
বিনাশোন্মুখ, ধ্বংসশীল, পচ্যমান, verging to ruin; spoiling, going
বিনাসাধে, অনিচ্ছাপূর্ব্বক, অপর্য্যাপ্তে, involuntarily.
বিনিগমক, প্রামাণিক, প্রতিপাদক, প্রবোধক, সন্দেহনিরাকরক, conclusive, deciding the judgment; a decisive argument.
বিনিগমনা, সিদ্ধান্ত, মীমাংসা, নিশ্চায়ক প্রমাণ, a logical conclusion, decision, decisive argument, proof.
বিনিপাত, পতন, ভ্রংশ, আপদ, পীড়া, দুর্দশা, অপমান, a fall, fall from office or dignity, fall from innocence or virtue, calamity, evil, pain, distress, disrespect.
বিনিময়, পরিদান, পরিবর্ত্ত, প্রতিফল, barter, exchange room, substitution, stead, requital, return, retaliation.
বিনিয়োগ, পদস্থাপন, কোন কর্ম্মোদ্দেশে স্থির করিয়া রাখন, প্রতিদানাপেক্ষায় দানকরা, an appointment to office, application or appropriation to a particular purpose, a giving in expectation of remuneration or return. [ing, settling.
বিনির্ণয়, নিশ্চয়, নিষ্পত্তি, certainty, assurance, an ascertain-
বিনীত, নম্র, মৃদু, অনুনয়ী, বশীভূত, আজ্ঞাবহ, ধীর, জিতেন্দ্রিয়, শিষ্ট, সুশীল, সুব্যবহার, কৃতবেশভূষণ, সুন্দর, ধৃত, ধরিয়া আনারিত, শাসিত, দমিত, humble, modest, unassuming, placid, meek, gentle, compliant, yielding.

tractable, of subdued passions, well-behaved, decorous, decent, well-dressed, adorned, handsome, taken, led, conveyed, punished, chastized, humbled, well-trained.

বিনেতা, শাসনকর্ত্তা, রাজা, অধিপতি, শিক্ষাগুরু, পথদর্শক, a ruler, king, leader, instructor, guide.

বিনেয়, সুশাস্য, শিষ্ট, নম্র, শান্ত, উপাস্য, দম্য, governable, tractable, submissive, humble, flexible, exorable, adorable, to be humbled, &c. [mence.

বিনোদ, হর্ষ, ক্রীড়া, ব্যগ্রতা, joy, sport, play, eagerness, vehe-

বিন্দু, পৃষত, ফোটা, কণিকা, টুকি, চিহ্ন, শান্ন, ঁকার, অনুস্বার, অক্ষধ্য দেশ, a drop, atom, scrap, a spot, dot, mark, point, comma, the characters ং and ঁ, the part of the forehead between the eyebrows.

বিন্ধন, কোঁড়ন, ভেদন, কামড়ান, to pierce, perforate, bore, penetrate, to pain, gripe. [cholic.

বিন্ধনী, ভেদক, পেটশূল, perforating, &c. griping pains, the

বিন্যস্ত, ক্রমপূর্ব্বক রাখাণ, সাজান, বেশভূষিত, বসান, স্থাপিত, গচ্ছিত, arranged in order, dressed, adorned, placed, fixed, deposited, pledged, delivered.

বিন্যাস, ক্রমপূর্ব্বক স্থাপনকরা, সাজানি, বেশভূষা পিন্ধনকরা, কেশবেশ, সমাহার, আধি, স্থান, আধার, orderly or artificial arrangement, adjustment of the dress so as to adorn the person, a dressing of the hair, an assemblage, collection, deposit, pledge, a scite, place, receptacle. [oblique.

বিপক্ব, পরিণত, মোচড়ান, টেড়া, ripened, matured, twisted,

বিপক্ষ, শত্রু, বৈরী, প্রতিবাদী, বিপরীত, বিরুদ্ধ, an enemy, adversary, opponent, disputant; hostile, adverse.

বিপণ, বিক্রয়, বিক্রয়নিয়ম, a sale, a contract of sale.

বিপণি, আপণ, পণ্যবীথিকা, হাট, a shop, stall, market, fair.

বিপত্তরণ, আপদোদ্ধার, the surmounting of a difficulty, &c.

বিপত্তারী, দায়োদ্ধৃত, surmounting difficulties, escaping from calamities. [adversity.

বিপত্তি, বিপদ্.—আপদ, দুর্দশা, a misfortune, accident, calamity,

বিপথ, ভোরাপথ, কুপথ, a bye-road, wrong road, evil way.

বিপথগামী, দুষ্টাচারী, going in an evil way, vicious, perverse.
বিপন্ন, দুর্ভাগ্যগ্রস্ত, দুর্দশাপন্ন, ক্লিষ্ট, আপদগ্রস্ত, হারাণ, নষ্ট, বিগড়া, unfortunate, distressed, afflicted, suffering adversity, lost, destroyed, spoiled.
বিপরীত, উল্টা, বিরুদ্ধ, বিপক্ষ, শত্রুতা, contrary, reverse, opposite, adverse, hostile, repugnant to; opposition, &c.
বিপরীতে, বিপক্ষে, বিরুদ্ধে, against, in opposition, contrary to.
ভুয়া, শস্যাশ্রিত্য, চিটা, অসার, আন্তরিক, mildew, smut; mildewed, hollow, without substance, internal, (disease.)

ভুর-ভার, দাম্ভিকতা, গরিমা, a boast, boasting, swaggering.

ভুরভারী, দাম্ভিক, স্বপ্রকাশক, boasting, swaggering, ostentatious.

ভুরা, শর্করা বিশেষ, a sort of brown sugar.

ভুল, বিস্মৃতি, ভ্রম, চুক, মোহ, দোষ, কুহক, a forgetting, error, mistake, oversight, blunder, slip, transgression, fascination, deception.

ভুলন, চুকন, বিস্মৃত হওন, to mistake, omit, err, sin, forget.

ভুলা, চুকনিয়া, বিস্মারক, blundering, erring, forgetful.

ভুলান, ভ্রান্ত করণ, ভোগা দেওন, ফুসলান, ঠকান, to cause to err, misguide, mislead, delude, inveigle, tempt, seduce, flatter, coax, fascinate, deceive, cheat.

ভুলানিয়া, ঠক, কুহকী, ধূর্ত্ত, a cheat, deluder, sorcerer; insidious, &c.

ভুকা, উনুই, মন্ত্রপাঠ, ছল, a spring of water, an incantation, stratagem.

ভুসা, ঝুল, ধান্যাদি, soot, lamp-black, grain, corn.

ভুসী, যব গোধূমাদির ত্বক্, chaff, bran, husk; -দেওন, to interpolate; -যোগান, to bribe one to silence.

ভূ, পৃথিবী, ভূমি, তলা, অবস্থান, বাসস্থান, জন্মস্থান, the earth, land, ground, a place, scite, base, birth-place, residence, the lowest hell.

ভূঁই, ভূমি, ক্ষেত্র, land, ground, a field, plantation.

ভূকম্প, ভূচল,—পৃথিবীর স্পন্দন, an earthquake.

ভূগোল, মহীমণ্ডল the globe of theearth, geography.
ভূচর, স্থলচর প্রাণী, moving on land; a land animal.
ভূজলচর, কচ্ছপ কুম্ভীরাদি, amphibious, living on land and water.
ভূত, যাহা হইয়াছে, অতীত, গত, প্রেত, পিশাচ, পরছায়া, প্রাণী, দেবাংশ, পৃথিবী আদি পাঁচ, সত্যবৃত্তান্ত, been, gone, past, become; a phantom, malignant spirit, ghost, goblin, demon, imp, apparition, vision, an existence, living creature, being, a class of demigods, the five elements, matter of fact or the real state of the case, (in law.)
ভূতকাল, অতীতকাল, the past time, (in grammar.)
ভূতগ্রস্ত, ভূতাবিষ্ট,—ভূতের বশীভূত, possessed of a demon or evil spirit.
ভূতড়িয়া, ভূতুড়িয়া,—ভূত ছাড়াইয়া, expelling or casting out [demons.
ভূতনাথ, ভূতেশ,—অসুরপতি, শিব, Shiva as lord of the demons.
ভূতনীব, পেতনীব, অপরিচ্ছন্না, a slut, slattern; sluttish.
ভূতবৎ, প্রেতাকার, পেতনা, like an evil spirit, ugly; a sloven.
ভূতল, ভূমি, পৃথিবী, the ground, the earth.
ভূতাত্মা, জীবাত্মা, দেহ, শিব, ব্রহ্মা, the elementary or vital principle, the human body, Shiva, Brahmá.
ভূতাবেশ, ভূতের বশীভাব, possession by an evil spirit.
ভূতানুসার, ন্যায়প্রমাণ, an agreement with matter of fact.
ভূতি, সম্পত্তি, ঐশ্বর্য্য, অণিমাদি অষ্ট, জন্ম, উৎপত্তি, ভস্ম, affluence, wealth, success, grandeur, superhuman power, birth, production, ashes.
ভূতিমান্, ধনবান্, ঐশ্বর্য্যবন্ত, মহৎ, affluent, wealthy, grand.
ভূদকচর, ভূদকবাসী,—কচ্ছপ কুম্ভীরাদি, amphibious, living on land and water, as the tortoise, crocodile, &c.
ভূদেব, ব্রাহ্মণ, a brahmin, *i. e.* a terrestrial god.
ভূধর, পর্ব্বত, গিরি, a mountain.
ভূপ, ভূপতি, ভূপালক,—পৃথিবীরক্ষক, রাজা, a king, sovereign, prince.
ভূপালন, রাজ্য করণ, দেশ শাসন, to perform the duties of a [king, to govern.
ভূমি, পৃথিবী, মৃত্তিকা, ক্ষেত্র, স্থল, স্থান, দেশ, চাক্‌লা, the earth, earth, soil, land, ground, a scite, ground, base, a country, a district.

ভূমিকম্প, পৃথিবীর স্পন্দন, an earthquake. [theatrical dress.
ভূমিকা, আভাষ, মুখবন্ধ, a preface, preamble, introduction,
ভূমিজ, পৃথিব্যোৎপন্ন, মহীরুহ, শাকাদি, মঙ্গল গ্রহ, earth-born; a vegetable, the planet Mars. [ist.
ভূমিজীবী, কৃষিলোক, প্রজা, living by the soil; an agricultural-
ভূমিপ, ভূমিপাল,—রাজা. মহীপতি, a king, sovereign, prince.
ভূমিশির, স্থল, স্থান, a spot of ground, situation, place.
ভূমিষ্ঠ, সাষ্টাঙ্গ, প্রণত, জাত, prostrate, falling down to, born.
ভূমিস্পৃশ্, ভূতলস্পর্শক, মনুষ্য, বৈশ্য, কৃষক, গুপ্তচোর, অন্ধ, পঙ্গু, touching the earth; a man, mankind, a cultivator of the soil, a skulking thief, a blind man, a cripple. [peatedly.
ভূয়ঃ, বহুল, অধিক, পুনঃ, much, many, exceedingly, re-
ভূয়োভূয়ঃ, বারম্বার, পুনঃ২, repeatedly, frequently, again & again.
ভূর-ভার, দাম্ভিকতা, গরিমা, a boast, a boasting, bragging.
ভূরি, বহু, অধিক, প্রচুর, বড়, গুরু, ভারি, much, long, many, abundant, excessive, important.
ভূর্জপত্র, বৃক্ষত্বক্ বিশেষ, the bark of a species of birch.
ভূলোক, পৃথিবী, মর্ত্যলোক, the earth, the habitation of men.
ভূকা, জলাকর, মায়া, a fountain, a spring, an enchantment.
ভূষণা, ভূষণযুক্তা, অলঙ্কৃতা, *f.* wearing ornaments, &c.
ভূষণ, অলঙ্কারাদি ধরণ, বস্ত্রাদি সাজান, শোভন, to put on jewels, dress or ornaments, to decorate oneself, shine in finery, &c. [decoration.
ভূষণ, ভূষা,—অলঙ্কারাদি, a jewel, trinket, ornament, dress,
ভূষণীয়, শোভনীয়, capable of or requiring decoration, &c.
ভূষাণ, শোভান, সাজান, to adorn, deck, dress, trim, caparison. [bellished.
ভূষিত, অলঙ্কৃত, শোভিত, adorned, ornamented, decked, em-
ভূষী, তুষ, ছাল, ত্বক্, bran, chaff, a husk, integument.
ভূস্পৃষ্টমুখ, প্রণত, নম্রাস্য, prostrate, bowing down.
ভূস্পৃশ্, কৃষক, বৈশ্য, মনুষ্য, ভূতলস্পর্শক, a cultivator, man, mankind; touching the ground. [king.
ভূস্বামী, ভূমির অধিকারী, রাজা, a proprietor of land, landlord,
ভ্রূকুটি, ভ্রূভঙ্গ, a frown, contraction of the brows. [land.
ভৃগু, পর্ব্বতের ধার, পাহাড়, প্রস্থ, a precipice, mountain table

ভৃঙ্গ, ভ্রমর, বোল্‌তা, ফিঙ্গ পক্ষী, স্বর্ণময় পাত্র, লম্পট, the humble bee, a wasp, a sort of shrike, a golden vase, a lecher, a libertine.

ভৃঙ্গার, স্বর্ণময় ঘট, সুবর্ণ, লবঙ্গ, a golden vase, gold, cloves.

ভৃঙ্গারী, ভৃঙ্গারিকা,—ঝিঁঝিপোকা, ঝিল্লী, a cricket.

ভৃঙ্গী, ভ্রমরী, the female bee.

ভৃতি, জীবিকা, বেতন, মূলধন, nourishment, maintenance, wages, hire, a capital, principal sum. [vant.

ভৃতিভুক্‌, বেতনগ্রাহী, living on wages; a hireling, hired ser-

ভৃত্য, দাস, পরিচারক, পোষ্য বর্গ, a servant, slave, dependant.

ভৃত্যা, বেতন, ভরণ্য, wages, hire.

ভৃমি, বায়ুগ্রন্থি, ঝড়, পাকনা, শিরঃকম্প, a whirlwind, hurricane, eddy, whirlpool, giddiness. [ingly,&c.

ভৃশ, প্রচুর, অতিশয়, much, excessive, abundant; exceed-

ভৃষ্ট. ভাজা, বল্‌সান, baked, fried, parched.

ভেঁউচন, ভেঙ্গচন,—খিচন, পরিহসন, ভেঙ্গান, to make faces, mouth, grin, mock, ridicule.

ভেক, মণ্ডুক,মেঘ,ছদ্মবেশ, a frog, a cloud, a disguise,false appearance, play, pantomime, a religious habit.

ভেক্‌টী, ভেট্‌কী,—মৎস্য বিশেষ, a species of sable-fish.

ভেকী, ভণ্ড, ভাঁড়, মণ্ডুকী, a mime, actor, player, female frog.

ভেকুয়া, অজ্ঞবৎ, মূর্খ, simple, foolish; a simpleton.

ভেঙ্গ, মুখভঙ্গ, পরিহাস, ঠাট্টা, a mouthing, making faces, mocking, ridiculing, mimicry.

ভেঙ্গান, খিচন, বিদ্রূপ করণ, ঠাট্টা করণ, পরিহসন, to make faces, mouth, ridicule, mock, mimic.

ভেজন, প্রেরণ, রুদ্ধ করণ, to send, dispatch, shut, (as a door.)

ভেজান, পাঠান, রুদ্ধ করণ, পেঁচে ফেলন, ঠেকান, to send, shut, implicate in. [meeting.

ভেট, ভেটী,—উপঢৌকন, সাক্ষাৎ, a present at meeting, a

ভেটন, মিলন, সাক্ষাৎ করণ, to meet, visit, go to see.

ভেটনিয়া, মিলনিয়া, সাক্ষাৎকারী, meeting, visiting; one who meets another, a visitor.

ভেটা, সাক্ষাৎকরা, সন্দর্শন, a meeting, a visit.

ভেটিয়ান, স্রোতে বহান, going down with the tide. [ler.

ভেটীয়ারা, ভেটেরা,—ভক্ষ্যদ্রব্য নগাদি বিক্রেতা, a sutler, a victual-

ভেটন, মিলন, নিকটে আইসন, পুনর্বিবেচন, to meet, approach, visit, re-weigh, reconsider. [fellow.

ভেড়া, মেষ, মূর্খ, a sheep, a ram, a blockhead, a stupid

ভেড়ামী, মূর্খতা, stupidity, doltishness, sheepishness.

ভেড়ী, মেষী, আজান, সেতু, a ewe, a mound, dyke, embankment.

ভেড়ুয়া, কোটনা, a pander, a pimp.

ভেত্তব্য, বেধ্য, ভেদ্য, penetrable, divisible, distinguishable.

ভেত্তা, বিরোধী. বিবাদজনক, ধর্মত্যাগী, বিশ্বাসঘাতক, a factious or contentious person, a sower of dissension, a schismatic, a heretic, a traitor.

ভেদ, ছিদ্র, বেধ, পার্থক্য, বিদারণ, বিচ্ছেদ, বিবাদ, বিশেষ, প্রকার, তত্ত্ব, মর্ম্ম, উদরভঙ্গ, গুপ্তপ্রকাশ, সন্ধান লওন, জ্ঞান, ভিন্ন, a perforation, penetration, piercing; incision, separation, dividing, rending, breaking, dispersion, disunion, disagreement, dissent, dissension, difference, dissimilarity, distinction, a kind, sort, species, a mystery, secret, a purging by stool, a divulging, reconnoitring, spying out, knowledge; else, besides.

ভেদক, ভেদজনক, বেধক, রেচক, ঠক, বিশেষণ, অপনাম, sowing dissension, &c. piercing, purgative; an incendiary, tale-bearer, an adjective, a nickname.

ভেদজ্ঞান, বিশেষবোধ, discrimination, knowledge of differences or distinctions, &c.

ভেদজ্ঞানী, বিশেষ বোধক, discriminating, discerning individuality, viewing the gods as distinct.

ভেদন, বিন্ধন, ছেদন, ফোড়ন, খণ্ডন, চিরণ, বিদারণ, বিশেষ জানন, to pierce, bore, penetrate, transfix, break, rend, tear, divide, distinguish.

ভেদী, বেধক, বিশেষক, বিভক্ত, চর, ঠক, খল, piercing, distinguishing, dividing, separating, dissenting; a spy, tell-tale, tale-bearer.

ভেবরণ, ভয় পাওন, থরথরণ, to be alarmed or confounded.

ভেমরুল, বোল্‌তা, বরুলা, a hornet.

ভেরী, লম্বা তূরী বিশেষ, a long trumpet.

ভেরেণ্ডা, ভেরাণ্ডা,—এরণ্ড বৃক্ষ, the caster shrub.

ভেলক, মাড়, মান্দাস, প্লব, a raft, a float.

ভেলা, বড়্শা, শেল, প্লব, a dart, a lance, a raft, a float.

ভেল্কী, কুহক, মায়া, magic, sleight of hand, delusion.

ভেষজ, ভৈষজ্য,—ঔষধ, a drug, medicine, medicament.

ভৈক্ষ্য, ভিক্ষাসমূহ, a collection of alms.

ভৈরব, ভয়ানক, দারুণ, আতঙ্ক, শঙ্কা, শিবের ভয়ঙ্কর মূর্ত্তি, horrible, terrible, terrific, dangerous; horror, terror, a terrific manifestation of Shiva.

ভৈরবী, দুর্গা, স্ত্রী অবধূতা, Durgá or the terrible; a female devotee of Shiva.

ভৈরবীচক্র, স্ত্রী অবধূতার সম্প্রদায়, a society of female devotees [of Shiva.

ভোঁতা, নির্ধার, dull, (as a tool, &c.) not sharp.

ভোঁদড়, বেজী বিশেষ, a species of weasel or ichneumon.

ভোক্হাদি, অনাহারে ক্ষীণতা, ক্লিষ্টতা, a famished condition, inanition, extreme faintness.

ভোক্তা, খাদক, পেটুক, স্বত্বভুক, স্বামী, an eater, glutton, one who suffers or enjoys, a husband.

ভোগ, সুখ দুঃখের অনুভব, স্বত্বগ্রহণ, অন্ন, পক্বনৈবেদ্য, pleasure, enjoyment or suffering, possession, use, usufruct, occupancy, food, an offering of dressed food.

ভোগগৃহ, অন্তঃপুর, the haram or female apartments.

ভোগদেহ, শরীর, the body as the seat of enjoyment or suffer- [ing.

ভোগন, সুখ দুঃখানুভব করণ, মিলন, পাওন, to enjoy or suffer, undergo, to possess, obtain, get.

ভোগবৎ, সুখজনক, মনোহর, yielding enjoyment, pleasurable.

ভোগবতী, পাতালের গঙ্গা, the infernal Ganges or river of hell.

ভোগবান্, সুখদুঃখাস্বাদক, স্বত্বভোগী, স্বত্বভুক্, বিশিষ্ট, নর্ত্তক, গায়ক, enjoying, suffering, seized of, occupying, possessing, dancing, singing.

ভোগস্থান, শরীর, অন্তঃপুর, the body as the seat of sensual enjoyment or suffering, women's apartments.

ভোগা, ফাকী, ছল, চার, লোভ, কৌশল, a deception, imposture, cheat, snare, bait, temptation, lure, stratagem.

ভোগান, ভোগ করাণ, ভুলান, ফুসলান, to cause to enjoy or suffer, to mislead, deceive, &c.

ভোগিনী, রাজার উপস্ত্রী, a king's concubine.

ভোগী, সুখদুঃখানুভূত, বিষয়সুখাসক্ত, সর্প, enjoying, possessing, suffering, sensual; a snake.

ভোগ্য, খাদ্য, সুখদুঃখের বিষয়, কর্মভোগের বিষয়, eatable, to be enjoyed or suffered, pleasurable, to be followed by enjoyment or suffering.

ভোগ্যা, বেশ্যা, চেমনী, a harlot, a whore, a concubine.

ভোগ্যাধি, পরোপকারার্থে কৃত বন্ধক, a loan to the use of the receiver.

ভোজ; আহার, ফলার, a meal, feast, banquet, treat.

ভোজন, ভক্ষণ, আহার, to eat; act of eating, food.

ভোজনীয়, ভোজ্য,—খাদ্য, ভক্ষ্য, eatable, edible, proper for food.

ভোজবিদ্যা, ভেল্কী, কুহক, legerdemain, sleight of hand, magic.

ভোজয়িতা, নিমন্ত্রণকারী, প্রতিপালক, an entertainer, host, supporter of others.

ভোজ্য, দেবোদ্দেশে দেয় তণ্ডুলাদি, offerings of corn, &c. to the gods, provision, &c.

ভোজ্যসম্ভব, অন্নরস, খাদ্য, chyle or digested food; eatable.

ভোজ্যান্ন, ভক্ষণীয় দ্রব্য, একান্ন, eatable; food, a table-companion.

ভোট, রাঙ্গা কম্বল বিশেষ, a sort of red blanket from Bhotan.

ভোরঙ্গ, তূরী, তরণী বিশেষ, a trumpet, a kind of boat.

ভোরঙ্গিয়া, তূরীবাদক, a trumpeter; blowing the trumpet.

ভোতা, ত্বক্, ছাল, নির্ধার, a peel, rind, tegument; blunt, dull, obtuse.

ভোমর, মধুমক্ষিকা, তুরপণ, a bee, an auger, drill, a watering-pot.

ভোমা, মূর্খ, পক্ষ, foolish, stupid, ignorant; the eye-lashes.

ভোর, প্রাতঃকাল, প্রত্যুষ, the morning, the dawn; early.

ভোলা, বিস্মারক, সন্দিগ্ধমনাঃ, forgetful, sceptical.

ভৌতিক, ভূতসম্বন্ধীয়, অলৌকিক, অদ্ভুত, পঞ্চভূতনির্ম্মিত, প্রপঞ্চ, শিব, relating to evil spirits, supernatural, demoniacal, elemental, material; Shiva.

ভৌম, মঙ্গলগ্রহ, পার্থিব, ভূমিসম্বন্ধীয়, the planet Mars, ambergris; earthly, terrestrial, of or belonging to land.

ভৌমিক, ভূমিজ, ভূমির, ভূস্বামী, produced from the ground, belonging to land; a landholder.

ভ্যাকাম, অভ্যাস করণ, মনে রাখণ, to study, commit to memory.

ভ্রংশ, অধঃপতন, দুষ্টতা, নষ্টামি, ধ্বংস, a fall, a fall from virtue, depravity, ruin, loss, destruction.

ভ্রূকুটি, ভ্রূভঙ্গী, a frown, contraction of the brows.

ভ্রম, চূক, ভুল, ঘূর্ণি, পাকনা, বায়ুগ্রন্থি, কুঁদ, চক্র, পর্য্যটন, আদর, a misconception, error, mistake, blunder, oversight, slip, forgetfulness, a whirling or going round, an eddy, whirlpool, whirlwind, a turner's lathe, a potter's wheel, a roaming, wandering, respect, credit, reputation.

ভ্রমণ, বেড়ান, ঘূরণ, চূকন, ফেরা, যাত্রা, to wander about, roam, ramble, traverse, take the air, perambulate, turn round, whirl, err, mistake; a tour, turn, circuit, ramble, voyage.

ভ্রমণী, পর্য্যটনিয়া, travelling, wandering, roaming, roving.

ভ্রমবিশিষ্ট, চূকনিয়া, mistaken, erroneous, mistaking, &c.

ভ্রমর, ভ্রমরী,—ষট্পদ, মধুকর, *m. & f.* the large black bee.

ভ্রমি, ঘূর্ণি, আবর্ত্ত, ঘূর্ণবায়ু, কুঁদ, চক্র, শিরঃকম্প, মূর্চ্ছা, ভুল, চূক, a whirling or going round, an eddy, whirlpool, whirlwind, a lathe, potter's wheel, vertigo, dizziness, giddiness, fainting, a swoon, stupor, forgetfulness, error, mistake.

ভ্রমী, ঘূরণিয়া, নাস্তিক, whirling, revolving, &c. a sceptic.

ভ্রষ্ট, দুষ্ট, বিগড়িত, লম্পট, অসৎ, নষ্ট, ধ্বস্ত, পদচ্যুত, ভাজা, fallen from virtue, depraved, corrupted, dissolute, vicious, deflowered, defiled, ravished, violated, seduced, obscene, degraded, deposed, fallen from office, displaced, superseded, parched, baked, roasted, fried, toasted.

ভ্রষ্টক, বলাৎকারী, নষ্টকর, a ravisher, defiler, violator, corrupter.

ভ্রষ্টপনা, নষ্টতা, অসম্ভ্রম, depravity, a fallen state, degradation.

ভ্রষ্টা, ব্যভিচারিণী, কুলটা, an adultress, a strumpet, a violated or dissolute female.

ভ্রষ্টাচার, দুষ্টব্যবহার, বিধর্ম্ম, depraved conduct, heterodoxy in religion.

ভ্রষ্টামি, দুষ্টামি, নষ্টতা, depravity, pollution, villainy, vice.

ভ্রষ্টাশঙ্কা, জারাশঙ্কা, jealousy of a wife.

ভ্রাজক, পিত্ত, পিত্তরস, bile, the bilious humour.

ভ্রাজিষ্ণু, শোভান্বিত, বিভ্রাট্, ধৃতভূষণ, splendid, shining, gaudy, elegant in dress, &c. decorated with ornaments.

ভ্রাতা, ভ্রাতৃ—এক পিতৃজাত, a brother, friend, kin, kindred.

ভ্রাতুষ্পুত্র-ত্রী, ভ্রাতৃপুত্র-ত্রী, ভ্রাতার তনয়-য়া, *m.* & *f.* a brother's son and daughter.

ভ্রাতৃজ, ভ্রাতৃজা,—ভ্রাতার পুত্রপুত্রী, *m.* & *f.* the son or daughter of a brother.

ভ্রাতৃব্য, ভ্রাতার তনয়, রিপু, a brother's son, an enemy.

ভ্রাত্রীয়, ভ্রাতুষ্পুত্র, ভ্রাতার উপযুক্ত, a brother's son; a brother's, brotherly, fraternal.

ভ্রান্ত, ভ্রমযুক্ত, চুকনিয়া, পর্য্যটক, mistaken, erring, deceived, roving.

ভ্রান্তি, ভ্রম, ভুল, মায়া, মিথ্যাদৃষ্টি, অজ্ঞানতা, পর্য্যটন, error, mistake, blunder, delusion, ignorance, a roving, roaming, wandering about, &c.

ভ্রামক, ভ্রমজনক, ছলী, শৃগাল. চুম্বকপাথর, causing error, occasioning mistake, &c. a cheat, rogue, a jackal.

ভ্রূ, নেত্রের ঊর্দ্ধলোমশ্রেণী, the eyebrows.

ভ্রূকুটি,—বিতুষ্টি বোধক দৃষ্টিপাত, a frown, look of displeasure, forbidding aspect.

ভ্রূক্ষেপ, বিকট দৃষ্টিপাত, কটাক্ষ, a frown, a glance, a look towards.

ভ্রূণ, গর্ভস্থপ্রাণী, a fœtus, embryo, unborn child.

ভ্রূণঘ্ন, ভ্রূণহা,—গর্ভনাশক, পেটখসাকারক, causing abortion, destroying the fœtus.

ভ্রূণহত্যা, গর্ভনাশকরা, a destruction of the fœtus, procured abortion.

ভ্রূভঙ্গী, বিতুষ্টি বোধক দৃষ্টিপাত, a frown, contraction of the brows.

ম.

মই, শিড়ী, বাঁশই, a ladder, a species of harrow.

মউড়, মুকুট, a marriage crown or diadem.

মওন, মন্থন, আলোড়ন, to churn, to agitate a liquid

মকর, জলজন্তু বিশেষ, দশম রাশি, কুবেরের ধন বিশেষ, ছলনা, ফাকী, an imaginary marine monster representing the sign Capricorn, one of Cuvera's treasures, deceit, deception.

মকরকেতন, মকরধ্বজ,—কন্দর্প, the Indian Cupid, whose emblem is the foregoing animal.

মকরন্দ, পুষ্পরস, মধু, ভ্রমর, কোকিল, মল্লিকা বিশেষ, মৃণাল, the nectar of a flower, a bee, the Indian cuckoo, a species of jasmine, the filaments of a lotus.

মকরালয়, সমুদ্র, সাগর, the ocean. [head-dress.
মকুট, কিরীট, চূড়া, শিরোভূষা, a crown, diadem, tiara, crest,
মকুল, প্রকাশোন্মুখ কলিকা, কুঁড়ী, an opening bud.
মক্ষিকা, মাছী, সপক্ষ কীট, a flv, any winged insect.
মখ, যজ্ঞ, যাগ, sacrifice, oblation.
মগ্ন, ডুবিত, বুড়া, sunk, immersed, plunged, dived, drowned.
মঘা, দশম নক্ষত্র, the tenth lunar mansion.
মঙ্গল, কল্যাণ, কুশল, ভাগ্য, তৃতীয় গ্রহ, সর্ব্বার্থ রক্ষণ, শুভ, সুখদায়ক, প্রসন্ন, welfare, prosperity, happiness, good, good-fortune, a propitious act, the planet Mars, carefulness, prudence; fortunate, prosperous, lucky, happy, propitious, auspicious.
মঙ্গলকর, শুভঙ্কর, হিতকারী, doing good, beneficent, benevolent.
মঙ্গলগাওন বা বাদন,—পরকল্যাণে সুখপ্রকাশ করণ, to congratulate, to felicitate. [thanksgiving.
মঙ্গলবাদ, পরকল্যাণ প্রার্থনা, শুভবাক্য, well-wishing, felicitating,
মঙ্গলবার, তৃতীয়বার, Tuesday.
মঙ্গলাচরণ, বৃত্তধারাদি, কর্ম্মারম্ভে কর্ত্তব্য শুভজনক ক্রিয়া, শুভবাক্য, the ornamenting of a place with garlands on festive occasions, festivity, a preliminary ceremony, an invocation, religious action, congratulation, good wishes.
মঙ্গল্য, শুভঙ্কর, প্রসন্ন, সুখদায়ক, মনোহর, পুণ্য, পবিত্র, auspicious, propitious, conferring pleasure or happiness, pleasing, beautiful, agreeable, pious, pure.
মঙ্গলৈষী, হিতৈষী, পরশুভেচ্ছুক, benevolent; a well-wisher.
মচকন, বেঁউচন, মোচড়ন, চিরণ, to be wrenched, strained, sprained, bent, torn or injured by violence. [&c.
মচকান, মোচড়ান, বেঁউচান, to wrench or pull violently, strain,
মজন, মজ্জন,—অবগাহন, ডুবন, বুড়ন, দুঃখগ্রস্ত হওন, নিবিষ্ট হওন, to bathe, sink, be immersed, plunge, dip, to be drowned, be overwhelmed with trouble, &c. to be wholly taken up with.
মজান, মজ্জান,—ডুবান, বুড়ান, ভাসান, ক্লেশন, to immerse, plunge, dip, sink, drown, overwhelm with trouble, &c. afflict, distress, destroy.

মজ্জা, অস্থির মধ্যগত ধাতু, বৃক্ষের সার বা রস, marrow, pith, sap.
মজ্জাগত, আন্তরিক, মর্ম্মপীড়ক, inward, latent, affecting the marrow.
মজ্জাভেদী, মর্ম্মপীড়ক, দুঃসহ, touching the quick, insupportable.
মঞ্চ, মাচা, তারা, কুঁড়িয়া, পর্য্যঙ্ক, শয্যা, খাট, a raised stage, platform, pulpit, scaffold, an elevated shed, a table, bedstead, bed.
মঞ্জন, মার্জ্জন, চূর্ণ, মিসি, নেত্রমলহারক দ্রব্য, to cleanse, clean, scour; a tooth-powder, dentifrice, eye-salve.
মঞ্জরণ, মুকুলন, গজান, to bud, put forth buds or leaves.
মঞ্জরী, শিষ, পুষ্পগুচ্ছ, অঙ্কুর, মুকুল, an ear of corn, a flower-spike, flower-stalk, a shoot, sprout, a branch-bud.
মঞ্জিষ্ঠ, মঞ্জিষ্ঠা,—লতা বিশেষ, মণ্ডূকপর্ণী, Indian madder.
মঞ্জীর, নূপুর, a female ornament for the feet, an anklet.
মঞ্জুল, সুন্দর, মনোজ্ঞ, beautiful, agreeable, pleasing.
মটর, কলায় বিশেষ, a pea, peas. [petticoat.
মটরাসাড়ী, বিচিত্র পট্টবস্ত্র, a spotted silk garment worn as a
মটুক; কিরীট, শিরোভূষা, a crown, diadem, head-dress, &c.
মট্‌কা, তৃণগৃহের পৃষ্ঠদেশ, বৃহৎ মৃন্ময় জালা, the ridge of a thatched house, a large earthen jar.
মট্‌কামারণ, ছলনিদ্রা দেখান, to sham or feign sleep. [shampoo.
মট্‌কান, গ্রন্থি ভাঙ্গন, অঙ্গ টিপন, to snap or crack the joints, to
মঠ, টোল, পাঠশালা, সন্ন্যাসিরদের বাসগৃহ, মন্দির, a college, school, monastery, temple, pagoda.
মড়ক, মারী, সমুদায় দেশ ব্যাপক ঔৎপাতিক রোগ, a pestilence, mortality, epidemic disease.
মড়ল, মণ্ডল, গ্রামের প্রধান প্রজা, the head-man of a village.
মড়া, শব, মর্ত্ত্য, মৃত, a dead carcase, corpse; mortal, dead.
মড়াকামড়ি, অন্তক দংশকরা, অধ্যবসায়, অতিশয় ক্লেশ দেওয়া, উত্তেজনা, a mortal bite, pertinacious perseverance at all hazards, a teazing, dunning. [born child.
মড়াঞ্চিয়া, অল্পদিবস প্রসব হইয়া মৃতপুত্রী, *f.* having lost her new-
মড়ুকা, তৃণগৃহের পৃষ্ঠদেশ, the ridge of a thatched house.
মড়্‌কা, মড়্‌মড়ীয়া,—ঠুন্‌কা, ঠুনুক, brittle, fragile, rigid.
মণি, রত্ন, মরকত প্রবালাদি বহুমূল্য প্রস্তর, মুক্তা, পোঁচা, সূচ্যগ্র, a gem, jewel, precious stone, pearl, the wrist, the clitoris, the glans penis, the point of a needle.

মণিকর্ণিকা, কাশীর অন্তর্গত কুণ্ড বিশেষ, a holy pool at Benares.
মণিকার, রত্নজীবী, রত্নপরিষ্কারক, a jeweller, gem-cutter, lapidary.
মণিপূর, নাভি, স্ত্রীলোকের রত্নযুক্ত অঙ্গরাখা বিশেষ, দেশ বিশেষ, the navel, a sort of woman's boddice studded with gems, the country of Manipoor.
মণিবন্ধ, হাতের পোঁচা, the wrist.
মণিমন্দির, বহুমূল্য প্রস্তরযুক্ত গৃহ, a temple or house of gems.
মণিহারী, রত্নজীবী, গহনাব্যবসায়ী, রত্নচোর, a jeweller, seller of toys and trinkets, a stealer of gems.
মণ্ড, মাড়, যূষ, লেই, rice-water, gruel, paste, starch.
মণ্ডন, জড়ান, মোড়ন, অলঙ্কার, গহনা, to overlay with metal, gild, plate, cover with leather or cloth: ornament, decoration, jewels, trinkets, &c.
মণ্ডপ, উৎসবকালীন অতিথিশালা, তৃণাদি নির্মিত দেবগৃহ, a temporary shed at festivals, an open temple.
মণ্ডল, বর্তুল, গোল, সূর্যচন্দ্রের বিম্ব, পরিবেশ, চক্রবাল, চক্র, বেড়, চাকলা, ব্যূহ বিশেষ, সমূহ, রাশি, চক্রাকার কুষ্ঠ, বড়ী, গ্রামের প্রধান প্রজা, a ball, globe, sphere, orb, disk, a halo, the horizon, a wheel, circle, circumference, a province, district, region, a circular form of military array, a multitude, assemblage, quantity, heap, a round spotted leprosy, a sweet-meat ball, the head-man of a village.
মণ্ডলী, সমাজ, সমূহ, an assembly, congregation, a body of people, society, gang, flock.
মণ্ডা, বড়ী, a sort of sweet-meat balls. [comfits, &c.
মণ্ডী, অতিক্ষুদ্র গোলাকার মিষ্টান্ন বিশেষ, a smaller sort of the same,
মণ্ডূক-কী, ভেক ভেকী, বর্ষাভূ, বর্ষাভ্বী, *m.* & *f.* a frog.
মণ্ডূর, লৌহমল, খাদ, rust of iron, dross, scoriæ.
মত, ধারা, প্রকার, ধর্মপথ, পক্ষ, ব্যবহার, রীতি, অভিপ্রেত, মনস্থ, ন্যায়, a way, method, mode, manner, sort, kind, set of opinions, creed, system, doctrine, sect, habit, practice, manner of thinking or acting, purpose, wish, intention; similar, like.
মতভেদ, সম্প্রদায়, অভিপ্রেতের পার্থক্য, a distinct sect, a schism.
মতমত, একমত, of one mind, of one sect.

মতান্তর, ভিন্ন রীতি, অন্যথা, অন্যপ্রকার, another sect or method, &c. alteration; altered, otherways. [tary.

মতাবলম্বী, পক্ষপাতী, ধর্মাশ্রয়ী, পন্থী, a follower, partizan, sec-

মতামত, স্বীকৃতাস্বীকৃত, গ্রাহ্যাগ্রাহ্য, the sentiments received and rejected, distinct opinions; approved and disapproved, liked and disliked.

মতামতি, স্বীকার অস্বীকার, বিভিন্ন মত, মতভেদ, approbation and disapprobation, diversity of sentiments.

মতি, অনুমান, বোধ, বুদ্ধি, জ্ঞান, প্রবৃত্তি, মুক্তা, opinion, understanding, intellect, mind, conscience, intelligence, judgment, will, inclination, desire; a pearl. [brained.

মতিচ্ছন্ন, মতিভ্রম,—হতবুদ্ধি, ক্ষিপ্ত, deranged, delirious, cracked-

মতিমান্, বুদ্ধিমান, বিবেকী, wise, reflecting, sensible, judicious.

মতী, পন্থী, সম্প্রদায়,পক্ষ, a sect, party. [formably with.

মতে, রীত্যনুসারে, ধারায়, according to, agreeably to, con-

মত্ত, মাতাল, বিভোল, হর্ষিত, ব্যগ্রমনাঃ, উৎকট, গর্ব্বযুক্ত, কামাসক্ত, বিক্ষিপ্তচিত্ত, গর্ব্বিত, মোহযুক্ত, intoxicated, drunk, overpowered with joy, delighted, enthusiastic, eager, in rut, furious, proud, lewd, &c. mad, insane, foolish, raging, infatuated.

মৎসর, পরশ্রীকাতর, কৃপণ, দ্বেষ, মশা, envious, covetous, niggardly; envy, rancour, a gnat, musquito.

মৎস্য, মাছ, মীন, a fish, an avatar of Vishnu.

মৎস্যণ্ডিকা, ফেণী, উখাড়, কন্দ, coarse sugar, sugar-candy.

মৎস্যরঙ্গ, মাছরাঙ্গা পক্ষী, the kingfisher.

মথন, মন্থন, আলোড়ন, to churn, agitate violently, stir up.

মথিত, আলোড়িত, নির্জ্জল ঘোল, churned, &c; butter-milk.

মদ, মদ্য,—মত্ততাজনক পেয় বস্তু, সুরা, মত্ততা, ক্ষিপ্ততা, মোহ, ব্যগ্রতা, হর্ষ, কামক্রোধাদি, দর্প, মত্ত হস্তির গণ্ডনিঃসৃত রস, wine, spirit, intoxication, drunkenness, insanity, infatuation, enthusiasm, delight, pleasure, joy, desire, passion, pride, arrogance, a liquor flowing from the temples of an elephant in rut.

মদক, নিদ্রাকর ঔষধ, ময়রা, a narcotic medicine, an opiate, a confectioner.

মদকল, মত্ততাপ্রযুক্ত অস্পষ্ট কথক, গর্জ্জিতহস্তী, speaking inarticulately through drunkenness; an elephant in rut.
মদন, কন্দর্প, ঋতু. Cámadeva the Indian Cupid, the spring.
মদনশলাকা, কামজনক ঔষধি, a provocative medicine.
মদনা, সুরা, সারী পক্ষিণী, wine, spirits, a species of parrot.
মদপাতা, মদপায়ক,— মাতাল, সুরাপানকর্ত্তা, a drinker of wine or spirits, a drunkard.
মদসার, পুনঃ২ ক্ষরিত সুরা. highly rectified spirits, alcohol.
মদিরা, মদ্য—দ্রাক্ষারস, সুরা, wine, spirituous liquors.
মদিরাগৃহ, মদ্যগৃহ,—গঞ্জা, a tavern, a spirit or dram-shop.
মদীয়, মৎসম্বন্ধীয়, আমার, নিজ, my, mine, my own.
মদোদ্ধত, মত্ত, মদপানে বিহ্বল, মাতাল, overcome by liquor, intoxicated.
মদ্যজীবী, শুণ্ডী, সুরাদি ব্যবসায়ী, a wine-seller, vintner, tavern-keeper.
মদ্যপ, সুরাপায়ী, মাতাল, a sot, tippler, toper, drunkard.
মদ্যপাক, ক্ষরিতব্য পিটাযুক্ত সুরা, fermented liquor ready for distillation.
মদ্যবীজ, মদ্যপাকজনক দ্রব্য বিশেষ, a drug used to assist fermentation.
মদ্যমণ্ড, সুরাভাগ, মদের ফেণ, yeast, barm, froth.
মদ্যশালা, গঞ্জা, a tavern, a dram or liquor-shop.
মধু, মৌ, পুষ্পরস, সুরা বিশেষ, চৈত্র মাস, honey, the nectar of flowers, a sort of wine, the month Chaitra.
মধুকর, ভ্রমর, নায়ক, মিঠানেবু, a bee, a lover, the sweet lime.
মধুকোষ, মৌচাক, ছাগমুষ্ক, a beehive, a honeycomb, a goat's testicles.
মধুধাতু, স্বর্ণমাক্ষিক, a sort of Pyrites, honey-stone.
মধুধৃৎ, পুষ্পরসাধার, the nectary of a flower.
মধুমাপিত, মদক, ময়রা, a confectioner.
মধুপ, মধুমক্ষিকা,—ভ্রমর, মৌমাছী, a bee.
মধুপর্ক, মধুযুক্ত দধি ভাগ, a religious offering of curds and honey.
মধুময়, সুস্বাদু, সুরস, মিষ্ট, honeyed, mellifluous, sweet.
মধুমল্লী, বেলফুল, the double jasmine.
মধুযষ্টিকা, যষ্টিমধু, মিষ্টরসযুক্ত কাষ্ঠ বিশেষ, liquorice-stick.
মধুর, মিষ্ট, প্রিয়, আলাপী, মৃদু, সুশ্রাব্য, মিষ্টতা, গুড়, sweet, pleasing, agreeable, courteous, mellifluous, melodious; sweetness, syrup, treacle.

মধুরাণ, মিঠান, to sweeten, to make sweet.
মধুসূদন, কৃষ্ণ, Krishna as destroyer of the giant Madhu.
মধ্য, মাঝ, অন্তর, ভিতর, অন্তরালস্থান, গায়ের রেঙ্গ, মাঝারী তাল, কঙ্কাল, ঘোটকের কক্ষদেশ, দশ মহাপদ্ম, the middle, midst, centre, inside, an interval, common time in music, a rest, a sort of metre, the waist, a horse's flank, ten thousand billions.
মধ্যনিম্ন, মাঝে চাপান গোলাকৃতি, concave, hollow in the centre.
মধ্যবর্ত্তী, মধ্যস্থ,—অন্তরস্থিত,অন্তর্গত,অভ্যন্তর,মাঝের,পঞ্চ,ব্যবহর্ত্তা, situated between, within, included, inward, internal, central; a mediator, arbitrator, umpire.
মধ্যবিত্ত, উৎকৃষ্ট হইতে ন্যূন, অপকৃষ্ট হইতে উত্তম কিম্বা অধিক, মাঝারী, পরিমিত, চলিত, সাধারণ, অনাত্যন্তিক, মধ্যস্থ, middling, moderate, temperate, indifferent, ordinary, customary, not deep in colour; an umpire.
মধ্যবিধ, অনাত্যন্তিক, মাঝারী, সামান্য, অধম নয় উত্তম ও নয়, of a middling sort, common, middling.
মধ্যম, মধ্যস্থাপিত, অন্তর্গত, মাঝারি, সামান্য, middlemost, central, included, intermediate, middling, moderate, temperate, ordinary.
মধ্যমা, মধ্যা,—অনামিকা ও তর্জ্জনীর অন্তরস্থিত অঙ্গুলি, ঋতুমতী কন্যা, the middle finger, a girl arrived at puberty.
মধ্যরাত্র, অর্দ্ধনিশা, দুইপ্রহর রাত্রি, নিশীথ, midnight.
মধ্যলোক, পৃথিবী, মর্ত্ত্যলোক, the earth, the dwelling of mortals.
মধ্যস্থ, মধ্যস্থিত,—মাঝের, অভ্যন্তর,অন্তরালস্থাপিত, central, middle, inward, intervening, interposing. [terstice.
মধ্যস্থল-লী, মাঝার, অন্তর, অন্তরাল, the centre, inward part, an in-
মধ্যস্থতা, পাঞ্চাৎ, বিরোধনিষ্পত্তি, সমাধা, mediation, arbitration.
মধ্যাপসারী, মণ্ডলের মধ্যস্থানত্যাগী, চক্রের মধ্যস্থল হইতে ত্যজনশীল, flying off from the centre, centrifugal.
মধ্যাভিসারী, মণ্ডলের মধ্যস্থানাভিমুখে আকর্ষিত,চক্রের মধ্যস্থানে পতনশীল, tending to the centre, centripetal.
মধ্যাহ্ন, দিনের দুই প্রহর বেলা, mid-day, noon; *adj:* mid-day.
মধ্যে, মাঝে, ভিতরে, অন্তরে, সাথে, in the midst, within, between, in, among.
মধ্যে২, কখন২, now and then, sometimes, occasionally.

মধ্বাসব, মধুক কন্দ মিশ্রিত মদ্য, a sort of spirituous liquor.
মন, চল্লিশ সের, a weight of 40 seers.
মন, মনস,—চিত্ত, বুদ্ধি, মতি, স্মৃতি, অন্তঃকরণ, প্রবৃত্তি, the mind, understanding, memory, conscience, heart, inclinations.
মনঃপীড়া, ভাবনা, চিন্তা, চিত্তশূল, inquietude, pain of mind, anguish.
মনঃপূত, প্রসন্নচিত্ত, শুদ্ধান্তঃকরণ, প্রবৃত্ত, pure in heart, conscientious, inclined to.
মনঃপ্রবোধ, নিশ্চয়জ্ঞান, ভরসা, conviction of mind, assurance, comfort.
মনঃশিলা, মনছাল, red arsenic.
মনন, মন দেওন, সাবধান হওন, স্বীকরণ, চিন্তন, উহকরণ, ভাবন, to mind, attend to, regard, admit, think of, reflect; thought, exercise of mind, reflection.
মনসা-দেবী, বিষহরী, the goddess of serpents.
মনস্কাম-না, অন্তঃকরণের প্রবৃত্তি, চিত্তবাসনা, the desire of the mind, the wish of the heart.
মনস্কার, চর্চা, মনের মধ্যে সুখদুঃখ বোধ, reflection, consciousness of pleasure or pain.
মনস্তাপ, চিত্তপীড়া, খেদ, দুঃখ, অনুশোক, distress of mind, grief, sorrow, remorse.
মনস্থ, চিত্তবর্তী, চেষ্টা, অভিপ্রায়, বাঞ্ছা, situated in the mind; a thought, design, intention, wish, inclination.
মনস্বী, বুদ্ধিমান, সাবধান, শুদ্ধান্তঃকরণ, intelligent, wise, attentive, pure-minded.
মনাক্, ঈষৎ, অল্প, সূক্ষ্ম, মন্দ, a little; minutely, tardily, slowly.
মনীষা, বুদ্ধি, পাণ্ডিত্য, the understanding, intellect, wisdom.
মনীষী, মতিমান, প্রাজ্ঞ, পণ্ডিত, wise, intelligent, learned.
মনু, স্বায়ম্ভুবাদি চতুর্দশ, মন্ত্র বিশেষ, a Manu or president of the universe, the first Manu the Indian legislator, creator of the world and progenitor of mankind; a mystical verse or incantation.
মনুজ, মনুজা,—পুরুষ এবং স্ত্রী, *m.* & *f.* a man, a woman.
মনুষ্য, পুরুষ, ব্যক্তি, লোক, a man, person, mankind, people.
মনুষ্যত্ব, পুরুষত্ব, সৌজন্য, manhood, manliness, humanity.
মনুষ্যভক্ষক, নরমাংসাহারী, রাক্ষস, feeding on human flesh; a cannibal.
মনোমানি, বিদ্বেষ, প্রতাপ, অভিমান, dissatisfaction, jealousy, high sense of honor.

মনোজ্ঞ, সুন্দর, কান্ত, প্রিয়, রুচির, beautiful, lovely, engaging.

মনোনিবেশ, অবধান, চিত্তসংযোগ, আবেশ, অধ্যায়, ব্যগ্রচিত্ত, fixed attention, devotedness of mind, close study, a zealous entering into a scheme, &c. ardour.

মনোনীত, মনোমত,—মনের অভিমত, বাঞ্ছিত, বিশিষ্ট, গ্রাহ্য, approved, chosen, choice, satisfactory.

মনোব্যথা, চিত্তপীড়া, তাপ, খেদ, pain of mind, grief, jealousy.

মনোভঙ্গ, ধ্যানভঙ্গ, খণ্ডন, মান, বিতুষ্টি, interruption of thought, frustration of a design, a pet, anger.

মনোধর, প্রাজ্ঞ, বিদর্শী, intelligent, prudent, wise.

মনোযুক্ত, আবিষ্ট, সাবধান, ব্যগ্রচিত্ত, engaged in, devoted to, attentive, zealous, ardent in a pursuit.

মনোযোগ, প্রণিধান, আবেশ, সাবধানতা, devotedness of mind, application, attention. [devoted to.

মনোযোগী, সাবধান, আবিষ্ট, ব্যগ্রচিত্ত, attentive, earnest, zealous,

মনোরঞ্জন, পরিতোষ প্রদান, সন্তোষ, মিষ্টান্ন, to give pleasure, to gratify; gratification, sense of pleasure, a sweetmeat.

মনোরথ, বাসনা, ইচ্ছা, স্পৃহা, a wish, desire.

মনোরম, মনোরম্য,—উৎকৃষ্ট, সুন্দর, রমণীয়, pleasant, agreeable, charming, pleasing, beautiful, lovely, inviting.

মনোহর, মনোহারী,—কান্ত, সুন্দর, চারু, রমণীয়, বিলক্ষণ, beautiful, lovely, amiable, engaging, enticing, winning, heart-ravishing, captivating.

মন্তব্য, বিবেচিতব্য, বিচারণীয়, মান্য, জ্ঞেয়, গ্রাহ্য, to be discussed, to be reflected on, minded or regarded, cognizable, admissible. [sage.

মন্তা, মন্তৃ,—অমাত্য, পরামর্শদ, প্রাজ্ঞ, an adviser, counsellor,

মন্ত্র, দেবতার সাধন গুপ্তকথা, গুরুপ্রণীত জপোপদেশ্য বাক্য, কুহকার্থ বর্ণ সমূহ, a mode of religious invocation, a form of prayer, a formula sacred to any particular deity, a text of the Veda, a mystical verse or incantation, a charm.

মন্ত্র, মন্ত্রণা,—আভ্যন্তর, ঐকমত্য, গুপ্তবার্তা, পরামর্শ, যুক্তি, secret consultation, conspiracy, private advice, instigation, persuasion, counsel, advice, policy.

মন্ত্রজ্ঞ, কুহকী, মন্ত্রক, acquainted with charms; an adviser, &c.

মন্ত্রণীয়, যুক্তিসিদ্ধ, মন্ত্রপাঠে বশীকরণীয়, বিবেচনীয়, advisable, requiring the use of charms, &c. demanding consideration, deserving of consultation.

মন্ত্রদাতা, গুরু, a spiritual preceptor or initiator.

মন্ত্রিত, মন্ত্রপাঠে সাধিত, পরামৃষ্ট, consecrated by religious formula, advised, counselled.

মন্ত্রী, পরামর্শদাতা, রাজপাত্র, অমাত্য, ধীসচিব, a counsellor, adviser, monitor, a king's minister, statesman.

মন্থজ, নবনীত, মাখন, produced from churning; butter.

মন্থন, মথন, আলোড়ন, ঘোঁটান, to churn, agitate violently, stir up, to agitate in conversation; a churn.

মন্থর, ঢীলা, অলস, মূঢ়, স্থূল, প্রকাণ্ড, বৃহৎ, slow, tardy, lazy, dull, stupid, large, bulky.

মন্থান, মন্থনদণ্ড, ঘাগরী, a churning-stick.

মন্দ, কদর্য্য, অপকৃষ্ট, অধম, অমঙ্গল, দুর্ভাগ্য, দুষ্ট, ক্রুদ্ধ, দুরন্ত, নির্লজ্জ, খল, অপরিষ্কৃত, অলস, ঢিলা, ধীর, মৃদু, অনুষ্ণ, জড়, অপটু, মূর্খ, রোগী, অল্প, অনুজ্জ্বল, ধীরে, শনৈঃ, শনি, bad, evil, vile, sad, sinister, unlucky, infamous, scandalous, vicious, wicked, immodest, shameless, mischievous, nasty, dirty, idle, lazy, tardy, dull, sluggish; slow, gentle, mild, slow as a tune, cold, phlegmatic, stupid, foolish, ill, sick, little, small, dim; gently, slowly; Saturn.

মন্দজুয়ার, মরাকটাল, the neap-tides.

মন্দটান, অল্পভাটা, মৃদু স্রোত, slack-water, a slow and gentle stream.

মন্দবাসন, ঘৃণা করণ, দ্বেষ জানন, to dislike, disapprove, detest, hate.

মন্দবাসনা, বিতৃষ্ণা, ঘৃণা, দ্বেষজ্ঞান, dislike, disgust, disesteem, hatred.

মন্দং, কুৎসিতরূপে, শনৈঃ, in a bad manner, ill, slowly.

মন্দর, পর্বত বিশেষ, a fabulous mountain.

মন্দর-স্থান, নাভির এবং বুকস্তনের মধ্যদেশ, the space between the breast and the navel.

মন্দা, সুমূল্য, মন্দ, অল্প, অকর্ম্মণ্য, cheap, slow, slack, little, worthless.

মন্দাকিনী, স্বর্গগঙ্গা, the celestial Ganges.

মন্দাক্ষ, হ্রী, লজ্জা, modesty, bashfulness, shame-facedness, shame.

মন্দাগ্নি, অজীর্ণ, অপাক, a slow or bad digestion, indigestion.

মন্দাদর, অনবধান, অমর্যাদক, negligent, inattentive, disrespectful.

মন্দার, দেবতরু, পারিজাত বৃক্ষ, one of the trees of Paradise, the coral-tree.

মন্দির, দেবালয়, মঠ, গৃহ, নগর, a temple, pagoda, house, the ham.

মন্দিরা, বাদ্য বিশেষ, করতাল, a cymbal.

মন্দিরাকার, করতালবৎ, শৃঙ্গাকৃতি, cymbal-shaped, convex, conical, tapering.

মন্দুরা, অশ্বশালা, a stable for horses.

মন্দে, ধীরে, শিথিলে, ঢিলায়, slowly, sluggishly, feebly.

মন্দোদরী, আসন বিশেষ, a species of fine mat.

মন্মথ, কন্দর্প, প্রেম, Cámadeva or the Indian Cupid, love.

মন্বন্তর, আকাল, মনু পরিমাণে একাত্তর যুগ, a famine, dearth, a period of time or the reign of a Manu.

মনস্থ, সম্মত, স্বীকৃত, অনুযায়ী, agreeing, consenting to, conformable to.

মনঃস্থান, বিবেচ্যমান, under consideration or observation, &c.

মন্যু, শোক, বিতৃষ্ণা, ক্রোধ, আক্রোশ, sorrow, regret, vexation, dislike, anger, resentment, an imprecation.

মম, আমার, পরিষ্কৃত মৌচাক, my, mine; bee's wax.

মমকার, স্বীয়বোধ, স্বীয় কথা, appropriation, claim.

মমতা, স্বকীয় জানা, অতএব প্রণয়, আত্মীয় লোকের উপরে স্নেহ, দয়া, মায়া, অভিমান, appropriation, attachment to a thing as one's own, relative kindness or clemency, love or affection to one's own family, &c. pity, pride, arrogance.

ময়, পূর্ণ, বিশিষ্ট, আত্মক, *affix:* full, fraught, possessed or made of.

ময়না, পক্ষি বিশেষ, the mocking-bird, the Mina.

ময়রা, মদক, মিঠাইকর, a confectioner.

ময়লা-চিরা, সমল, অপরিষ্কৃত, foul, unclean, dirty, filthy.

ময়ান, রুটির স্ফীতিজনক দ্রব্য বিশেষ, leven.

ময়ূখ, কিরণ, প্রভা, শোভা, অগ্নিশিখা, ছায়াঘড়ির কাঁটা, a ray, light, lustre, brightness, beauty, flame, a gnomon.

ময়ূরী, ভুজঙ্গভুক্, বর্হিণী, *m. & f.* a peacock, peahen.

ময়ূরারি, কৃকলাস বিশেষ, a chameleon, a lizard.

মড়ক, মারী, বহুলোক ব্যাপিয়া প্রাণঘাতক রোগ, contagion, infectious or epidemic disease, plague, mortality.

মরকত, হরিন্মণি, an emerald or perhaps a yellow topaz.

মরণ, প্রাণবিয়োগ, পঞ্চত্বপ্রাপ্ত হওন, মরিন, শুকাইয়া যাওন, ঘা শুকান, death; to die, expire, perish, fail, decrease, wither, dry up, heal or close as a wound.

মরা, মৃত, শুষ্ক, ম্লান, ভোঁতা, dead, &c. a corpse, dead carcase, base metal or coin. [of corn.

মরাই, গোলা, ধান্যাগার, a granary, storehouse, magazine

মরাটিয়া, নিস্তেজ, worn out (soil,) impoverished, poor, stunted.

মরাধার, ভোঁতা, অতীক্ষ্ণ, blunt-edged, dull, not sharp.

মরামাংস, মরামাস,—চামড়ী, scurf, scruff, dandruff.

মরাল, মৃদু, কোমল, ধূর্ত্ত, দুষ্ট, অশ্ব, মেঘ, অঞ্জন বিশেষ, soft, mild, bland; a rogue, a scoundrel, a horse, a cloud, a collyrium of lamp-black.

মরিচ, তীক্ষ্ণরসযুক্ত ফলের বীজ বিশেষ, কৃষ্ণোষণ, black-pepper.

মরীচি, কিরণ, কৃপণ, ব্যয়কুণ্ঠ, a ray of light, a niggard, a miser.

মরীচিকা, সূর্য্যকিরণে জলভ্রম, the mirage or delusive appearance of a sheet of water in a sandy soil. [&c.

মরীচিমালা, সূর্য্যের কিরণমণ্ডল, a circle of rays round the sun,

মরীচিমালী, কিরণমণ্ডলী, সূর্য্যচন্দ্র, the sun or moon.

মরু, অত্যন্ত জলকষ্ট দেশ, অনুর্ব্বরা, poor (soil,) unfruitful, barren, impoverished. [wind.

মরুৎ, বায়ু, পশ্চিমোত্তর কোণের অধিপতি, wind, air, the god of

মরুৎকোণ, পশ্চিমোত্তর কোণ, the North-west quarter.

মরুৎক্রিয়া, কুন্থাহাগা, বাতকর্ম্ম, the breaking of wind backwards.

মর্কট, বানর বিশেষ, কপি, মাকড়সা, হাড়গিলা, a monkey or ape, a spider, the Indian crane.

মর্চা, লৌহমল, কলঙ্ক, মলা, খিট, rust. [rusty.

মর্চাধরা, মর্চাপড়া,—সমলা, কলঙ্কযুক্ত, খিটিলা, covered with rust,

মর্ত্তব্য, নশ্বর, অনিত্য, পারলৌকিক, mortal. [kind, the earth.

মর্ত্ত্য, পঞ্চভূতাত্মা, মনুষ্য গণ, পৃথিবী, mortal, earthly; man, man-

মর্ত্ত্যপুর, মর্ত্ত্যলোক,—পৃথিবী, নরধাম, the earth as the residence or habitation of mortals.

মর্দ্দন, দলন, ঘর্ষণ, পিষণ, মাথাজ, ঘূর্ণন, গাত্র মলন, মাজন, পরাভূত করণ, to grind on a stone; pound in a mortar, bruise, to crush, rub in an ointment, stroke with the hand, to thresh corn; to trample, tread down, to subdue an enemy.

মর্ম, গ্রন্থি, অঙ্গযোগ, অন্তঃকরণ, সারাংশ, গুপ্তকথা, তত্ত্ব, যোগার্থ, অভিপ্রায়, প্রয়োগ, হেতু, প্রয়োজন, বিষয়, a joint, the heart, core, essence, any vital part, member or organ, a secret, secret meaning or purpose, essential doctrine, signification, application, sense, purport, scope, spring, cause, account, personal interest or concern in a thing.

মর্মজ্ঞ, সুপণ্ডিত, তত্ত্বজ্ঞ, ভেদজ্ঞ, চর, profoundly learned, versed in essential doctrines, knowing secrets; a spy.

মর্মভেদ, মর্মান্তিক, আন্তরিক দুঃখ দেওয়া, তত্ত্বজ্ঞান, গুপ্তকথা বলা, অত্যন্ত ভর্ৎসনা, a penetrating or touching to the quick, a penetrating into secrets, the sowing of dissension, severe reprehension. [marble.

মর্মর, শুষ্ক পত্রাদির শব্দ, the rustling of dry leaves, &c.

মর্মস্থান, শরীরের মধ্যে যে স্থানের অল্প আঘাত করাতে অত্যন্ত ব্যথা অথবা মৃত্যু হয়, অঙ্গসন্ধিস্থল, মর্ম, a vital or mortal part.

মর্মস্পৃক্, মর্মাঘাত, অন্তঃকরণপীড়াদায়ক, ব্যথাজনক, তীক্ষ্ণ, touching the vital parts, wounding or touching to the quick, giving pain, corrosive, keen, sharp.

মর্মাধীন, গুপ্ত, kept inviolably secret, lodged in the breast.

মর্মান্তিক, প্রাণিক, অন্তক, মর্মাঘাত, mortal, deadly, wounding or affecting a vital part, stinging to the quick.

মর্যাদক, সম্মানপ্রদ, শিষ্ট, shewing honor or respect, civil, polite.

মর্যাদা, সম্মান, গৌরব, সীমা, সদাচার, ধৈর্য, respect, honor, esteem, reputation, rank, dignity, a boundary, limit, rectitude, propriety of conduct, steadiness.

মর্যাদান্বিত, সম্ভ্রান্ত, honorable, respectable, esteemed.

মর্ষণ, সহিষ্ণুতা, patience, kindness, endurance, resignation.

মল, অসারভাগ, মর্চা, পিঁচুটী, কিট্ট, খলি, ময়লাদি, অপরিষ্কার, অশৌচ, কলঙ্ক, পাদভূষণ, filth, dirt, rust, dregs, dross, sediment, excrement, any animal secretion as ear-wax, sweat, rheum, &c. a soil, defilement, an ornament for the ancles.

মলাটী, কুঁড়া, খুদ, the refuse of rice after sifting, dress.

মলঘ্ন, মলনাশক, পবিত্রকারক, filth-destroying, cleansing.

মলঙ্গী, বৈতনিক লবণকর, a labourer employed in making salt.

মলজ, পূঁজ, ক্লেদ, produced from filth; pus, matter.
মলন, ঘর্ষণ,মার্জন, মর্দন, to rub, smear, to wipe, furbish, to grind, to thresh, to pull as the ear.
মলনিয়া, শস্যমর্দনিয়া, a corn-thresher.
মলবদ্ধ, কোষ্ঠবদ্ধ, শৌচরোধ, বিসূচিকা, costive; costiveness.
মলমাস, মলিম্লুচ,—অধিমাস, an intercalary month.
মলম্বা, স্বর্ণমণ্ড,সোণালা, the gilding of a picture or of furniture.
মলয়, পর্বত বিশেষ, তদ্বিকটবর্ত্তি দেশ, উদ্যান, the western Ghàts, Malabar, a garden, the garden of Indra.
মলয়জ, মলয় পর্বতে জাত অর্থাৎ চন্দন, sandal-wood.
মলয়ানিল, মলয়পর্বতাগত বায়ু, দক্ষিণ দিকের বায়ু, the south wind blowing from the Ghàts in Central India.
ময়লা, সমল, অপরিষ্কৃত, কিট্‌কিটা, কল্ক, গাদ, খাদ, মর্চ্যা, unclean, dirty, sordid, squalid; filth, sediment, dregs, scum, slag, dross, rust.
ময়লাছাড়ান, ময়লাকাটন,—শুদ্ধকরণ, to refine, clear, clarify.
মলিন, ময়লাযুক্ত, অশুদ্ধ, কিট্‌কিটা, মর্চ্যাধরা, শুষ্ক, বিরস, ফিকা, কালিত, ম্লান, উদ্বিগ্ন, বোজাটিয়া, পাপযুক্ত,পাপী, foul, filthy, dirty, sullied, squalid, rusty, tarnished, faded, sallow, sunburnt, sad, melancholy, sorrowful, turbid, wicked, vile, sinful.
মলিনমুখ, পাপিষ্ঠ, ক্রূর, নিষ্ঠুর, ম্লানবদন, বিরসবক্ত্র, অগ্নি, ভূত, কপি বিশেষ, vile, wicked, cruel, savage, ferocious, hard-featured, of a sad countenance, crest-fallen; Agni, a goblin, ghost, the black-faced monkey.
মলুক, ক্রিমি বিশেষ, a kind of worm.
মলূকা, খুদ, the broken remains of rice after sifting.
মল্ল, বাহুযুদ্ধে নিপুণ, a scuffler, wrestler, boxer.
মল্লযুদ্ধ, মল্লক্রীড়া,—বাহুযুদ্ধ, a scuffle, wrestle, wrestling match.
মল্লিকা, বেলফুল, the Arabian jasmine. [bag.
মশক, চর্মনির্মিত জলাধার, a large leathern bottle or water-
মশক, মশা,—দংশক কীট, a musquito, a gnat.
মশহরী, মশারি,—মশানিবারণার্থ বস্ত্রাবরণ, musquito-curtains.
মসী, কালী, ink for writing. [ing; a scribe, writer.
মসীজীবী, লেখক, কেরাণী, কায়স্থ, supporting himself by writ-
মসীনা, অতসী বৃণ, উমা, ক্ষুমা, linseed, flax.

মসীপ্রসূ, মস্যাধার, কালীপাত্র, লেখনী, an ink-stand, a pen.
মসূর, কলায় বিশেষ, a species of pulse or lentil.
মসূরিকা, বসন্ত রোগ, ক্ষুদ্র গদি, the small-pox, a small cushion.
মস্করা, ভণ্ড, বিদ্রূপী, a jester, buffoon, sporter with foibles.
মস্করামী, মস্করাপণা,—ভণ্ডামী, buffoonery, jesting, sporting, &c.
মস্তক, মাথা, শিরঃ, অগ্রশৃঙ্গ, the head, top, crown, point, peak.
মস্তিষ্ক, মস্তকের মজ্জা, the brain.
মস্তু, দধির জল, whey, the watery part of curds.
মহৎ, মহা,—বৃহৎ, স্থূল, বড়, ভারী, ভগবান্, শ্রেষ্ঠ, প্রসিদ্ধ, উত্তম, অতিশয়, আত্মা, great, large, bulky, important, sublime, chief, noble, illustrious, good, excellent, opportune, much, very; the intellectual principle.
মহতী, নারদের বীণা, বেগুন, Nárada's lute, the egg-plant.
মহত্ত্ব, মহত্ত্ব,—শ্রেষ্ঠতা, ভদ্রতা, greatness, perfection, urbanity, condescension.
মহত্প্রাণ, শূদ্রকে ভূমির করভাগ, a remission of the land tax to [Shúdras, &c.
মন্থন, মন্থন, আলোড়ন, to churn, to agitate violently.
মহর্লোক, পারকালিক সুখস্থান, a celestial region or paradise.
মহর্ষি, শ্রেষ্ঠ মুনি, a great sage.
মহাশল্ক, মহাশল্ক,—চিঙ্গড়ি মৎস্য, a prawn or shrimp.
মহাকায়, বৃহৎ শরীরবিশিষ্ট, প্রকাণ্ডশরীর, large-bodied, gigantic.
মহাকাল, শিবের মূর্ত্তি বিশেষ, Shiva the destroyer, eternity.
মহাঘোর, অতিশয় অন্ধকার, নরক বিশেষ, great gloom or darkness, a division of the Hindoo hell.
মহাজন, সাধু, উত্তম লোক, বেণ্যা, উত্তমর্ণ, a great or excellent man, a merchant, banker, money-lender.
মহাজনী, বাণিজ্য, ঋণদানবৃত্তি, trade, commerce, money-lending.
মহাজ্ঞানী, সুপণ্ডিত, আত্মজ্ঞ, ব্রহ্মজ্ঞ, very wise, having the knowledge of spirit.
মহাতপন, পঞ্চম নরক, the fifth hell in descent.
মহাত্মা, দানশীল, প্রতাপবান, মহাশয়, ভবান্, generous, noble-minded, magnanimous; Sir, your honor.
মহাদেব, মহাদেবী,—শিব এবং দুর্গা, *m.* & *f.* Shiva and Durgá.
মহাধন, বহুমূল্যের বস্ত্রাদি, সুবর্ণ, ধূপ, কৃষিকর্ম্ম, any thing costly, costly apparel, gold, incense, agriculture.
মহান্, প্রধান, বড়, প্রকাণ্ড, great, eminent, important, vast.

মহানস, পাকস্থান, a kitchen, cook-room.
মহানাদ, অতিশয় শব্দ, ঘোর মেঘের ধ্বনি, সিংহ, হস্তী, a loud sound, a large dark cloud, a lion, an elephant.
মহানিদ্রা, মৃত্যু, death, dying, decease, the last sleep.
মহানিশা, অর্দ্ধরাত্র, midnight, the dead of night.
মহানুভব, দানশীল, প্রতাপবিশিষ্ট, liberal, magnanimous, high-minded.
মহাপথ, রাজমার্গ, সুপথ, মৃত্যু, a high road, principal street, an excellent way, death or the way of all flesh.
মহাপথগামী, মরণোদ্যত, going the long journey, *i. e.* dying.
মহাপা, ডুলী, দোলা, a litter, a dooly or light palanquin.
মহাপাতক, মহাপাপ,—ব্রহ্মহত্যাদি পাঁচ, a great crime, heinous offence, mortal sin.
মহাপাতকী, মহাপাপী,—ব্রহ্মহত্যাদি দোষগ্রস্ত, guilty of a mortal sin or great crime.
মহাপুরুষ, সাধু লোক, প্রধান ব্যক্তি, a saint, a sage, a high personage, a great man, a nobleman.
মহাপ্রভু, পুণ্যাত্মা, রাজা, শিব, a saint or holy man, a king, Shiva.
মহাপ্রলয়, কল্পান্ত, বিশ্বনাশ, a periodical destruction of the world, an entire annihilation of the universe.
মহাবল, বলবান্, তেজস্বী, মল্ল, strong, powerful ; a wrestler.
মহাবাক্য, প্রণব, ওঁকার, the mystical syllable Om.
মহাবিষুব, সূর্য্যের মেষ রাশি সঞ্চার, the vernal equinox.
মহাবীর, বিলক্ষণ শূর, সিংহ, গরুড়, বিষ্ণু, a great hero, a lion, Garura, Vishnu, &c.
মহাভূত, মৃত্তিকা, বায়ু, অগ্নি, জল, আকাশ, এইপঞ্চ, the five primary elements.
মহামনস্ক, দানশীল, liberal, munificent, magnanimous.
মহামহিম, অতিশয় মহিমান্বিত, শ্রেষ্ঠ, noble, most excellent, eminent.
মহামায়া, অনাদি অবিদ্যা, অসার সংসার, দুর্গা, worldly or material illusion, Durgá.
মহামূল্য, দুর্মূল্য, মহার্ঘ, পদ্মরাগ মণি, very costly, precious; a ruby.
মহাযজ্ঞ, অধ্যাপনাদি পঞ্চ যজ্ঞ, the five essential sacrifices.
মহারথ, বাসনা, বৃহৎ যান বিশেষ, a wish, desire, a large car.
মহারাজ, প্রধান রাজা, আপনি, a great king ; Sir, your honor, your excellency, your majesty.
মহারাজাধিরাজ, সম্রাট, চক্রবর্ত্তী, a great king, a king of kings.
মহারাত্র, অর্দ্ধরাত্র, দুইপ্রহর রাত্রি, midnight, deep night.
মহারৌরব, নরক বিশেষ, one of the divisions of Hell.

মহার্ঘ-ঃ, দুর্মূল্য, বহুমূল্য, dear, high-priced, precious, costly.
মহাশ্রয়, পরমব্রহ্ম, আশ্রয়, তীর্থ, God as the supreme refuge, a sanctuary, asylum, a place of pilgrimage.
মহালয়া, ভাদ্রী অমাবস্যা, the day of the change in Bhádra.
মহাশঙ্খ, ললাট, মনুষ্যাস্থি, কপালাস্থি নির্মিত মালা, সহস্র খর্ব, the forehead, a human bone, a necklace of the bones of the forehead, 1000 billions.
মহাশয়, গৌরবান্বিত, আপনি, a gentleman, respectable person; Sir, your honor, master. [great courage.
মহাসাহস, অত্যাচার, অতীব সাহস, a great outrage, violent assault,
মহাসাহসিক, অত্যাচারী, বিক্রমী, দৌরাত্ম্যকারক, লুটনিয়া, দস্যু, daringly outrageous, daring, violent; an assaulter, violator, plunderer, robber.
মহাসুখ, মৈথুন, copulation.
মহিমা, মহত্ত্ব, ঐশ্বর্য্য, greatness, grandeur, dignity, glory.
মহিলা, সামান্যা স্ত্রী, মায়া, a woman, a female.
মহিষ, মহার, a buffalo. [to a buffalo.
মহিষা, মহারজাত, মহারসম্বন্ধীয়, produced from or belonging
মহিষী, স্ত্রী মহিষ, রাজপত্নী, রাজার অভিষিক্তা স্ত্রী, a female buffalo, a crowned queen. [gle, &c.
মহী, পৃথিবী, ভূমি, the earth, the ground, base of a trian-
মহীভুজ, মহীপাল,—রাজা, নরপতি, a king, a sovereign.
মহীরুহ, বৃক্ষ, গাছ, a tree, a vegetable.
মহীলতা, কেঁচুয়া, কিঞ্চুলুক, an earthworm, a worm.
মহু, মধু, মৌ, honey. [generous, liberal.
মহেচ্ছ, মহাত্মা, প্রতাপশালী, দাতা, magnanimous, highminded,
মহেন্দ্র, স্বর্গপতি, পর্বত বিশেষ, Indra the ruler of Swarga, the Northern Ghàts.
মহেশ, মহেশ্বর,—শিব, Shiva. [assembly of Vishnuvites.
মহোৎসব, বৈষ্ণব সমারোহের ভোজন, a great festival, a feast at an
মহোদধি, সাগর, সমুদ্র, the great ocean. [pride.
মহোদয়, মোক্ষ, কর্ত্তা, অহঙ্কার, final emancipation, a master, lord,
মহৌষধ, শীঘ্র রোগনাশক বস্তু, রশুন, a specific, garlic.
মা, জননী, অগো, না, a mother; madam; no, not.
মাই, স্তন, বাঁট, a woman's breast, a dug, a teat.
মাইজ, বৃক্ষের সারভাগ, the pith of a plant, heart of a tree.

মাইয়া, স্ত্রীলোক, কন্যা, a woman, a girl.
মাইয়ামধ্ধ, মরবোলা, কুণো, মুখচোর, মূঢ়, অলস, স্ত্রৈণ, *m.* recluse, shamefaced, ignorant, inactive, effeminate.
মাংস, পলল, আমিষ, ক্রব্য, flesh, meat.
মাংসপেশী, মাংসপিণ্ড, মাংসের পৃথক্ খণ্ড, a muscle.
মাংসল, স্থূলকায়, মোটা, বলবান্, fleshy, stout, lusty, fat, corpulent, strong. [ing on flesh.
মাংসাদ, মাংসাশী,—পললখাদক, আমিষভোজী, carnivorous, feed-
মাঁজন, মার্জ্জন, ঘর্ষণ, পুচন, to scour, rub, polish, cleanse, wipe.
মাঁদা-বাঁধা, বীজতলা, বৃক্ষমূলের আলি, আবাপ, a seed-plot, a ridge of earth round the foot of a tree to retain water.
মাকড়, মাকড়া, মাকড়সা,—ঊর্ণনাভ, তন্তুবায়, লূতা, a spider.
মাকন্দ, আম্রফল, রসাল, চূত, a mango. [gardly.
মাকাটিয়া, অদাতা, কৃপণ, unkind, ungenerous, greedy, nig-
মাকাটী, কার্পাসের বীজ, the seeds of cotton.
মাকু, তন্তুবায়ের তুরী, বুননঘর, a weaver's shuttle.
মাক্তায়, সমুদায়ে, গড়ে, সাজায়, by the lump, for the whole, altogether, on the average, in partnership.
মাখন, -আন, লেপন, মর্দ্দন, ছানন, to smear, daub, plaster, spread over, to rub in, anoint, to knead.
মাখন, নবনীত, ননী, butter. [&c.
মাখনিয়া, গোপ, ননীবিক্রয়িয়া, লেপনিয়া, a butterman, smearer,
মাগী, বৃদ্ধা স্ত্রী, বুড়ী, an old woman, (in contempt.)
মাগু, স্ত্রী, পত্নী, ভার্য্যা, a wife.
মাগ্রাম, আত্মশ্লাঘা, দম্ভ, ভুরভার, self-applause, conceit, a boast, puff, boasting, puffing, vaunting. [puffing.
মাগ্রামীয়া, আত্মশ্লাঘী, দাম্ভিক, conceited, vaunting, boasting,
মাঘ, শিশিরের আদ্যমাস, the first month of the dewy season.
মাঘী, মাঘ মাসের পূর্ণিমা, the full moon in Mágha.
মাঙ্গন, মাগন,—যাচন, ভিক্ষা করণ, to ask, pray, request, solicit, petition, beg. [licitor, &c.
মাঙ্গতা, যাচক, প্রার্থক, one who prays, begs or solicits, a so-
মাঙ্গন্তেড়িয়া, ভিক্ষক, যাচক, begging, requesting, asking, soliciting.
মাঙ্গলিক, শুভ, কল্যাণজনক, auspicious, propitious, lucky, fortunate. [tition.
মাঙ্গা, প্রার্থনা, নিবেদন, a request, prayer, supplication, pe-

মাগান, যাচনে পাঠান; to send or cause one to beg, solicit, &c.
মাচা-ন, মঞ্চ, তারা, কড়িয়া, a shelf, scaffold, platform, raised shed.
মাচিয়া, পিড়ী, চৌকি, a bench, stool, chair.
মাছ, মৎস্য, মীন, ঝষ, a fish.
মাছী, মক্ষিকা, সপক্ষ কীট, a fly, any winged insect.
মাছীচেপা, মাছীটিপা,—ব্যয়কুণ্ঠ, কৃপণ, penurious, parsimonious, niggardly, sordid, stingy.
মাছুয়া, মৎস্যবেপারী, জেলিয়া, a fishmonger, a fisherman.
মাছুয়ানী, জেলিয়ার স্ত্রী, a fishwoman, a fisherman's wife.
মাজ, মাঝ, মাঝার,—মধ্য, অন্তর, the midst, middle, centre.
মাজন, পুছন, মার্জন, to clean, wipe, scour, scrub, polish.
মাজনা, মার্জনীয়, পরিষ্কার্য্য, something requiring to be scoured, &c. [as a disorder.
মাজমরা, মৃতান্তঃস্থর, অন্তক, inwardly dead, internally mortal
মাজা, কটিদেশ, কক্ষাল, the loins, the waist. [man.
মাজী, মাঝী,—কর্ণধার, নাবিক, a steersman, helmsman, boat-
মাজুরী, আসন বিশেষ, a sort of fine matting, a mat.
মাঝামাঝি, পরিমিতরূপে, মধ্যস্থলে, moderately, temperately, middlingly, midway. [central.
মাঝারী, মধ্যবিত্ত, মধ্যবর্ত্তী, middling, moderate, temperate,
মাঝে, মধ্যে, অন্তরে, in the midst, in, within, among, between.
মাট, অলস, ঢীলা, মন্দ, slow, sluggish, lazy, bad.
মাটী, মৃত্তিকা, ভূমি, earth, soil, clay, sand, &c. the ground.
মাটীকাটা, খনক, কোদালিয়া, a digger of the ground, a pioneer.
মাটীয়া, খয়রা, মৃন্ময়, পার্থিব, earth coloured, brown, earthen.
মাঠ, তেপান্তর. গো চারণের ভূমি, a plain, field, pasture, meadow.
মাঠা, ঘোল, তক্র, buttermilk, sour milk. [on a plain.
মাঠান, মাঠুয়া,—মাঠ সম্বন্ধীয়, মাঠস্থিত, belonging to or situated
মাঠে, বাহিরে, out of doors, in the open air. [paste.
মাড়, ভেলা, মণ্ড, লেই, a raft, rice-water, rice-gruel, starch,
